আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

রোববার থেকে ওমরাহ শুরু

বাংলা পত্রিকা ডেস্ক: করোনাভাইরাস মহামারীর কারণে দীর্ঘদিন বন্ধ থাকার পর সীমিত পরিসরে পবিত্র ওমরাহ চালু হয়েছে। দীর্ঘ সাত মাস ধরে বন্ধ থাকার পর অবশেষে রোববার (৪ অক্টোবর) থেকে **(বাকি অংশ ১৮ পাতায়)**

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ০২ || সোমবার || আশ্বিন ২০ || ১৪২৭ || সফর ১৭ || ১৪৪২ || Vol. 25 || Issue 02 || October 05 || 2020 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086



ট্রাম্পের অসুস্থতা নিয়ে নানা গুঞ্জন

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সস্ত্রীক প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার পর তার পরবর্তী অবস্থা নিয়ে সর্বত্র নানা গুঞ্জন চলছে। বিশেষ করে আগামী ৩ নভেম্বর নির্ধারিত প্রেসিডেন্ট নির্বাচনকে সামনে রেখে এ গুঞ্জন জোরদার হয়েছে। কারণ,ট্রাম্পের অসুস্থতা কোন পর্যায়ে যাচ্ছে, তিনি অসুস্থতাজনিত কারণে ক্ষমতায় থাকতে পারবেন কিনা, না পারলে কার হাতে ক্ষমতা যাবে, আবার ট্রাম্প ৩ নভেম্বরের নির্বাচনে অংশ নিতে না পারলে সে নির্বাচনও নির্ধারিত তারিখে হবে কিনা- এসব প্রশ্ন বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছে। **ট্রাম্পের শ্বাসকষ্ট 'মারাত্মক':** প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে সামরিক হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং তিনি সেখানে শ্বাসকষ্টে ভুগছেন। শুক্রবার একটি সূত্র সিএনএনকে জানিয়েছে,ট্রাম্পের শ্বাসকষ্ট **(বাকি অংশ ০৯ পাতায়)**

ট্রাম্পের ব্যক্তিগত সহকারীকে নিয়ে




বাংলা পত্রিকা ডেস্ক: কাছের একজন সহকারী হোপ হিকস করোনাভাইরাস **(বাকি অংশ ২২ পাতায়)**

ইসলাম নিয়ে ফরাসি প্রেসিডেন্টের বিতর্কিত মন্তব্য

বাংলা পত্রিকা ডেস্ক: ইসলাম ধর্ম নিয়ে অবমাননাকর মন্তব্য করায় ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রনের ওপর ক্ষুব্ধ হয়েছেন দেশটির **(বাকি অংশ ১৮ পাতায়)**

হোয়াইট হাউজে নাটকীয় পরিবর্তন

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প ও ফার্স্টলেডি মেলানিয়া ট্রাম্পের করোনা শনাক্ত হওয়ার পর নাটকীয়ভাবে পাল্টে গেছে হোয়াইট হাউজের পরিবেশ। প্রেস সেক্রেটারি কেলিয়া ম্যাকইনানি সহ হোয়াইট হাউজের স্টাফরা মুখে মাস্ক পরা শুরু করেছেন সবাই। তাদের অনেকে



এই প্রথমবারের মতো মাস্ক পরেছেন। শুক্রবার যখন প্রেসিডেন্টকে হেলিকপ্টারে করে ওয়াল্টার রিড মেডিকেল সেন্টারে নেয়া হয়, তখন হোয়াইট হাউজের লনে উপস্থিত ছিলেন স্টাফরা। এ সময় তাদের সবার মুখে ছিল মাস্ক। দৈহিক পরিভাষা বিষয়ক বিশেষজ্ঞরা লন্ডনের ডেইলি মেইলকে **(বাকি অংশ ২২ পাতায়)**

নির্জন কনডেম সেলে মিনি, দেওয়া হয়েছে দুই সেট পোশাক

বাংলা পত্রিকা ডেস্ক: বরগুনার আলোচিত শাহনেওয়াজ রিফাত (রিফাত শরীফ) হত্যা মামলায় মিন্নিসহ ফাঁসির দণ্ডপ্রাপ্ত ছয় আসামিকে বরগুনা **(বাকি অংশ ৪২ পাতায়)**

www.banglapatrikausa.com

করোনায় এতো বড় আত্মত্যাগ আর কোনো দল করেনি

'ব্যক্তি অনুগতদের' দলে না নেয়ার নির্দেশনা



ঢাকা ডেস্ক: প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণের সংগঠন হলো আওয়ামী লীগ এবং এই আওয়ামী লীগ জনগণের পাশে আছে। যেটা এবার দুর্যোগ, করোনা মহামারির সময়েও প্রমাণ হয়েছে। কারণ, জনগণের আস্থা ও বিশ্বাসই আমাদের একমাত্র **(বাকি অংশ ৪১ পাতায়)**

সর্বনাশা অ্যাপে বিপথগামী তারুণ্য

ব্যবহারকারী অনেকে কিশোর গ্যাংয়ের সদস্য, নষ্ট হচ্ছে তরুণ প্রজন্ম

বাংলা পত্রিকা ডেস্ক: 'বিগো লাইভ', 'টিকটক', 'লাইকি' নামক সর্বনাশা সব মোবাইল ফোন অ্যাপ ব্যবহার তরুণ প্রজন্মকে করছে বিপথগামী। এসব



অ্যাপ ব্যবহারে নষ্ট হয়ে যাচ্ছে নৈতিকতা, সামাজিক মূল্যবোধ ও পারস্পরিক শ্রদ্ধাবোধ। তরুণরা কিশোর গ্যাংয়ে জড়িয়ে অপরাধমূলক **(বাকি অংশ ২২ পাতায়)**

যুক্তরাজ্যের ভিসা পেতে খালেদা জিয়ার কোনো বাধা নেই



বাংলা পত্রিকা ডেস্ক: সরকারের নির্বাহী আদেশে খালেদা জিয়া মুক্তি পেলেও কিছু শর্ত জুড়ে দেওয়া হয়। ওই শর্তের মধ্যে রয়েছে জামিনে থাকাকালে তিনি চিকিৎসার জন্য বিদেশ যেতে পারবেন না। গুলশানের বাসায় থেকেই চিকিৎসা নিতে হবে। তবে ঢাকায় নিযুক্ত **(বাকি অংশ ৪২ পাতায়)**

'বিজেপি যেটাকে মুসলমানপ্রীতিঃ সেটা আমার মানবতা'

বাংলা পত্রিকা ডেস্ক: বিজেপি নেতারা সুযোগ পেলেই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে আক্রমণ করেন আর বলেন **(বাকি অংশ ৩৭ পাতায়)**

মাস্ক না পরে বীরপুরুষ হওয়াটা বোকামি,ট্রাম্পকে খোঁচা বাইডেনের

বাংলা পত্রিকা ডেস্ক: 'মাস্ক না পরে বীরপুরুষ হওয়ার চাইতে ভাইরাসটিকে গুরুত্ব দিওয়া উচিত।' করোনা আক্রান্ত ট্রাম্পের দিকে এভাবেই তীর্যক আক্রমণ করলেন জো বাইডেন। মিশিগানে নির্বাচনী প্রচারে গিয়েছিলেন প্রেসিডেন্ট পদপ্রার্থী জো বাইডেন। মুখ থেকে একবারের জন্যেও মাস্কটি খোলেননি তিনি। তবে,ট্রাম্প পজিটিভ হওয়ার **(বাকি অংশ ২৯ পাতায়)**

CENTURY 21 AMERICAN HOMES

বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2153
khanf04@yahoo.com
c21amhomes.com
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate
76-26 Broadway, Elmhurst, NY 11373

SUNNATI HAJJ & UMRAH GROUP
Hajj trusted since 2000

Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihaj@gmail.com
Web: www.hajjsunnah.com

CORE CREDIT REPAIR
www.cmscreditsolutions.com
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন ?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না ? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন।

Mohammed A Kashem
Credit Consultant
Late Payments
Tax Liens
Charge Offs
Garnishment
Inquiries
Collections
Call us: 646-775-7008
37-53, 72nd Street, Suite # 1
Jackson Heights, NY 11372
Email: info@cmscreditsolutions.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Phone: 917-386-4140, 917-592-7828

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

APOLLO BROKERAGE
TLC INSURANCE

Shanaher Ali
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
E-mail: apollobrokerageinc@gmail.com

আপনি কি সপ্তাহে ২,০০০ ডলার আয় করতে চান?

তাহলে আজই যোগাযোগ করুন
R & R Driving School
471 McDonald Avenue (Basment), Brooklyn, 347-836-1279

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury


স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
Crescent Insurance Brokerage Inc.
KABIR CHOWDHURY

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES
LOVE WITH CARE IS HUMANITY"
বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO
718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388
E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকার ২৪ বছর পূর্তি ও টাইম টেলিভিশনের ৭ম বর্ষে পদার্পণে শুভেচ্ছা

দীর্ঘ ১০ বছরের সাফল্য ও অভিজ্ঞতার ধারাবাহিকতায় আমরা আছি আপনাদের সেবায়

AUTO, HOME & BUSINESS

Only 10 minutes we will setup camera on the spot in TDS



FOR TLC DRIVER

Joint Collaboration of Nexar & TDS
Started Spot Distribution of Dash Cam

Save Extra

10% Discount

TDS now proudly partner of VIA, Driver can get access/update all VIA programs

VIA

☆Special Discount Price Nexar Dashcam

* Depends on Nexar Offer LOW DOWN PAYMENT, NO EXTRA FEE

TDS Specialities

- Dedicated claim and Accident Department
- Dedicated Underwriting and Customer Services
- Dedicated Accounts Department
- Easy Payment plan and Down Payment Option

6 HOURS DDC CLASS

Broker change no need to go DMV/TLC



Auto, Home & Business
- TLC, Car Service, Uber, Black Car
- Restaurant, Grocery & other Stores
- Construction & Bond • Food Vendor
- Commercial Van • Workers Comp.

TDS Insurance Brokerage Corp.

118 Beverley Road, Brooklyn, NY 11218.
Phone: 718-483-9310 Fax: 718-483-9311
email: team@tdsinsurance.com

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

মিয়ানমারের মিথ্যাচার জাতিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায় নিশ্চুপ কেন?

জাতিসংঘ সাধারণ পরিষদের চলতি ৭৫তম অধিবেশনে বাংলাদেশ সম্পর্কে মিয়ানমারের মিথ্যাচার শুধু অনভিপ্রেতই নয়; একইসঙ্গে নিন্দনীয়। বাংলাদেশ অবশ্য এরই মধ্যে মিয়ানমারের বক্তব্য প্রত্যাখ্যান করে কড়া জবাব দিয়েছে। বলার অপেক্ষা রাখে না, মিয়ানমারের নির্জলা মিথ্যাচার ও বানোয়াট বক্তব্য সত্যের অপলাপ মাত্র।

জাতিসংঘে রাখাইন রাজ্যের ঘটনা ও রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়ে মিয়ানমারের বক্তব্য কেবল সাজানোই নয়; বরং পুরোপুরি বিভ্রান্তিকর। মিয়ানমার ভালো করেই জানে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সন্ত্রাস, সন্ত্রাসে অর্থায়ন এবং অন্য যে কোনো সন্ত্রাসবাদের প্রতি জিরো টলারেন্স নীতি মেনে চলে। তারপরও মিয়ানমারের এরকম মিথ্যাচারের কারণ একটাই- তারা রোহিঙ্গা সমস্যার শান্তিপূর্ণ সমাধানে আগ্রহী নয়। ভুলে গেলে চলবে না, রোহিঙ্গা সংকটের উৎপত্তি হয়েছে মিয়ানমারেই এবং এর সমাধানও তাদেরই করতে হবে। প্রতিবেশী হওয়ায় বাংলাদেশ মূলত 'ভিকটিম' হয়েছে। ইতোমধ্যে ১১ লাখের বেশি রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নিয়েছে। বাংলাদেশ সংলাপের মাধ্যমে এ সংকট নিরসনের জন্য বারবার আহবান জানিয়েছে, এমনকি বিশ্বাসের ওপর ভিত্তি করে মিয়ানমারের সঙ্গে চুক্তিতে উপনীত হয়েছে।

কিন্তু দুঃখজনক, মিয়ানমার সেই চুক্তি বাস্তবায়নে আন্তরিক না হয়ে উল্টো রাখাইনে সংঘটিত গণহত্যাকে আড়াল করার জন্য প্রকৃত ঘটনা বিকৃতসহ মিথ্যাচারের আশ্রয় নিয়েছে, যা কোনোমতেই মেনে নেয়া যায় না। বস্তুত, রাখাইনে রোহিঙ্গাদের ওপর যা ঘটেছে, তা গণহত্যার শামিল। ইতোমধ্যে মিয়ানমারের চার সেনাসদস্য স্বীকারোক্তি দিয়ে বলেছে, রোহিঙ্গাদের নির্মূল করার লক্ষ্য নিয়েই অভিযানে নেমেছিল দেশটির সেনাবাহিনী।

উল্লেখ্য, ২০১৭ সালের ২৫ আগস্ট মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনা অভিযান শুরু হলে সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়টির ওপর চালানো হয় নিষ্ঠুর নির্যাতন। নির্বিচারে হত্যা ও ধর্ষণ ছাড়াও বাড়িঘরে আগুন দিয়ে জাতিগত নিধনযজ্ঞ চালানো হয়। বর্বরোচিত নির্যাতনের ফলে ওই সময় সাত লাখেরও বেশি রোহিঙ্গা সীমান্ত পেরিয়ে বাংলাদেশে আশ্রয় নেয়। গত কয়েক দশকে পালিয়ে এসে বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গাদের মিলে বর্তমানে এ সংখ্যা দাঁড়িয়েছে কমপক্ষে ১১ লাখ। রোহিঙ্গা প্রত্যাবাসনে দীর্ঘসূত্রতা ঘনবসতিপূর্ণ বাংলাদেশের জন্য যে বিরাট বোঝা হয়ে দাঁড়িয়েছে, তা বলাই বাহুল্য।

মিয়ানমারের রাজনৈতিক সদিচ্ছা থাকলে রোহিঙ্গা সংকটের শান্তিপূর্ণ সমাধান সম্ভব, এতে কোনো সন্দেহ নেই। তবে এক্ষেত্রে ফেরত যাওয়া রোহিঙ্গাদের নিরাপত্তার প্রশ্নটি খুবই গুরুত্বপূর্ণ। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে সুশাসন ও আইনি পদক্ষেপ। মিয়ানমারে ফিরে যাওয়ার পর রোহিঙ্গাদের নিরাপত্তার বিষয়ে পুরোপুরি নিশ্চয়তা দিতে হবে। এটি সহজেই বোধগম্য, নিরাপত্তার নিশ্চয়তা না পেলে বিপদ মাথায় নিয়ে রোহিঙ্গারা সেখানে ফিরতে চাইবে না। ফিরে গেলেও পুনরায় নিগৃহীত ও হামলার শিকার হলে তারা আবারও এ দেশে পালিয়ে আসবে। কাজেই রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত নেয়ার পাশাপাশি সেদেশে তাদের নিরাপদ বসবাসের পরিবেশ তৈরির নিশ্চয়তাও মিয়ানমারকে দিতে হবে।

এজন্য রোহিঙ্গাদের নাগরিকত্ব প্রদানের বিষয়টিও সমান গুরুত্বপূর্ণ। মিথ্যাচার বন্ধ করে এসব বিষয়ে মিয়ানমার যাতে ইতিবাচক পদক্ষেপ নেয়, সে জন্য দেশটির ওপর জাতিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায়ের চাপ বৃদ্ধি করা উচিত।

করোনায় আক্রান্ত ট্রাম্প ও যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন

তারেক শামসুর রেহমান

শেষ পর্যন্ত প্রেসিডেন্ট ট্রাম্প নিজেও করোনাভাইরাসে আক্রান্ত হলেন। প্রেসিডেন্ট নির্বাচনের আর যখন বাকি আছে মাত্র ২৯ দিন এবং দ্বিতীয় প্রেসিডেনশিয়াল বিতর্ক যখন আগামী ১৫ অক্টোবর ফ্লোরিডায় অনুষ্ঠিত হওয়ার কথা, তখন ট্রাম্পের করোনায় আক্রান্তের খবর নানা প্রশ্নের জন্ম দিয়েছে। নানা জল্পনাকল্পনা শুরু হয়ে গেছে। একদিকে তার জনপ্রিয়তায় ধস, অন্যদিকে করোনায় আক্রান্ত হয়ে ১৪ দিন আইসোলেশনে থাকা প্রেসিডেন্ট নির্বাচনে যে বড় প্রভাব ফেলবে, তা বলার অপেক্ষা রাখে না।

আগামী ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের ৫৯তম প্রেসিডেনশিয়াল নির্বাচন। নির্বাচনের দিন যত ঘনিয়ে আসছে ততই নানা বিতর্ক এ নির্বাচনকে ঘিরে আবর্তিত হচ্ছে। গত ২৯ সেপ্টেম্বর রাতে ক্লিভল্যান্ডে প্রথম বিতর্ক অনুষ্ঠিত হয়ে গেল। এক ধরনের বিশৃঙ্খলা, প্রেসিডেন্ট ট্রাম্পের দাম্ভিকতা, জো বাইডেন ও উপস্থাপক ক্রিস ওয়ালেসকে বারবার বাধা দান (মোট ১২৯ বার), মিথ্যা তথ্য উপস্থাপন- সব মিলিয়ে ট্রাম্প যে 'পরিস্থিতি' সৃষ্টি করেছিলেন, তা শুধু দৃষ্টিকটুই ছিল না, একজন প্রেসিডেন্টের জন্য তা বেমানানও বটে। প্রথম বিতর্কের পর জনমত জরিপে তিনি পিছিয়ে আছেন। ফলে যে প্রশ্নটি অনেক আগেই উঠেছিল, সে প্রশ্নটি আবারও উঠল- নির্বাচনে হেরে গেলে তিনি ক্ষমতা ছাড়বেন কিনা? যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনকে ঘিরে এখন এটা একটা বড় প্রশ্ন। গত ২৩ সেপ্টেম্বর হোয়াইট হাউসে সংবাদ সম্মেলনে তাকে প্রশ্ন করা হয়েছিল, তিনি কি শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের বিষয়টি নিশ্চিত করতে পারেন? এর জবাবে তিনি বলেছিলেন, মহামারীর কারণে ডাকযোগে বর্ধিত ভোট না হলে তিনি বিশ্বাস করেন ক্ষমতা হস্তান্তরের কোনো দরকারই হতো না। তিনি মনে করেন, ডাকযোগের ভোটে জালিয়াতি হলেই কেবল তিনি হারতে পারেন! নির্বাচনে হেরে গেলে তিনি ক্ষমতা হস্তান্তরের প্রতিশ্রুতি দিতে অস্বীকৃতি জানিয়েছেন। তিনি বলেছেন, নির্বাচনে হারলে দেখতে হবে কী হয়েছে। রয়টার্সের খবরে বলা হয়েছে, ট্রাম্প বলেছেন, নির্বাচনের ভোট গ্রহণের পর ফলাফল নিষ্পত্তি হবে সুপ্রিমকোর্টে।



সম্প্রতি যুক্তরাষ্ট্রের সুপ্রিমকোর্টের বিচারপতি রুথ বাদের গিনসবার্গ ৮৭ বছর বয়সে মারা যান। ট্রাম্প তার স্থলাভিষিক্ত হিসেবে বিচারপতি অ্যামি কোনি ব্যারেটের নাম প্রস্তাব করেছেন। তখন থেকেই ট্রাম্পের উদ্দেশ্য নিয়ে প্রশ্ন তুলছেন ডেমোক্রেটরা। প্রেসিডেন্ট ট্রাম্প চান বিচারপতি ব্যারেটের নিয়োগের ব্যাপারে সিনেট ৩ নভেম্বরের আগেই অনুমোদন দিক। ডেমোক্রেটরা এর বিরোধিতা করছেন। কারণ বিচারপতি ব্যারেট কনজারভেটিভ ও রিপাবলিকান মতাদর্শী। ট্রাম্পের প্লাস পয়েন্ট হচ্ছে সিনেটে (১০০ সদস্য) রিপাবলিকানদের সংখ্যা ৫৩, আর ডেমোক্রেটদের ৪৫। ২ জন নিরপেক্ষ। সিনেটে রিপাবলিকানরা সংখ্যাগরিষ্ঠ থাকায় ট্রাম্পের যে কোনো মনোনয়ন খুব সহজেই অনুমোদিত হবে। এর অর্থ হচ্ছে, বিচারপতি ব্যারেট সুপ্রমকোর্টের বিচারপতি হিসেবে নিশ্চিত হলে সেখানে রিপাবলিকান মতাদর্শীরা সংখ্যাগরিষ্ঠ হবে। মোট ৯ জন বিচারপতি রয়েছেন সুপ্রিমকোর্টে। এর মাঝে একজন প্রধান বিচারপতি। বিচারপতি গিনসবার্গ মারা যাওয়ায় একটি পদ খালি। ধারণা করছি, নির্বাচন নিয়ে যদি কোনো 'জটিলতা' তৈরি হয়, তাহলে প্রেসিডেন্ট ট্রাম্প সুপ্রমকোর্টে বিষয়টি নিয়ে যাবেন। ডাকযোগে ভোট প্রদানের প্রক্রিয়া ইতোমধ্যে শুরু হয়েছে। আর ট্রাম্প এটা নিয়েই প্রশ্ন তুলেছেন। অথচ নির্বাচন বিশেষজ্ঞরা ও গণমাধ্যম বলছে, নির্বাচনে কারচুপির কোনো সম্ভাবনা নেই। ডাকযোগে ভোট দেয়া একটা নরমাল প্র্যাকটিস। কিন্তু এখন ট্রাম্প প্রশ্ন তুলছেন। এ ক্ষেত্রে নির্বাচকমন্ডলীর ভোটের ফলাফল যাই হোক না কেন, ডাকযোগে প্রাপ্ত ভোটের ফলাফল নিয়ে তিনি বিষয়টি সুপ্রিমকোর্টে নিয়ে যেতে পারেন। বিচারপতি ব্যারেটের মনোনয়ন এ কারণেই গুরুত্বপূর্ণ।

ট্রাম্পের ট্যাক্স ফাঁকি দেয়ার বিষয়টি সামনে চলে আসায় এটা খোদ যুক্তরাষ্ট্রে একটা বড় বিতর্ক সৃষ্টি করেছে। একজন ধনী ব্যক্তি হয়েও ট্রাম্প বছরে কর দেন মাত্র ৭৫০ ডলার। ধনী ব্যবসায়ীরা যুক্তরাষ্ট্রে কর ফাঁকি দেন। প্রেসিডেন্ট হিসেবে তিনি কর ফাঁকি দেবেন, এটা অচিন্তনীয়। এ কাজটি তিনি করেছেন। অতীতে একাধিকবার এ প্রশ্নটি উত্থাপিত হলেও ট্রাম্প কখনই তা খোলাসা করেননি। এবারও যখন নিউইয়র্ক টাইমস তথ্যটি ফাঁস করে দিল, হোয়াইট হাউস কিংবা ট্রাম্পের ব্যবসায়িক প্রতিষ্ঠান থেকে তা খন্ডন করা হয়নি। পাঠকদের জানার জন্য আরও কিছু তথ্য দেই। গড়পড়তা একজন শিক্ষক (স্কুল) সেখানে ট্যাক্স দেন ৭২৩৯ ডলার (বছরে), একজন দমকল কর্মী দেন ৫২৮৩ ডলার, একজন নার্স দেন ১০২১৬ ডলার, একজন নির্মাণ প্রতিষ্ঠানের ম্যানেজার দেন ১৬৪৪৭ ডলার (প্রোগেস রিপোর্ট, ৩০ সেপ্টেম্বর)। আর ট্রাম্প দেন মাত্র ৭৫০ ডলার! তবে প্রেসিডেন্ট ট্রাম্প প্রেসিডেন্ট হিসেবে (বাকি অংশ ১৪ পাতায়)

বঙ্গবন্ধুর আদর্শ ও ঐক্যের প্রতীক শেখ হাসিনা

ড. আনোয়ার খসরু পারভেজ

গত ২৮ সেপ্টেম্বর ছিল প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪তম জন্মদিন। স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ কন্যার জন্মদিনটি এমন এক সময়ে এসেছে, যখন বিশ্বব্যাপী করোনা মহামারী ছড়িয়ে পড়েছে। বাংলাদেশও আক্রান্ত হয়েছে। শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকার এ মহামারী বিচক্ষণতার সঙ্গে মোকাবেলা করছে এবং ইতোমধ্যে সফলও হয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদূরপ্রসারী দৃষ্টিভঙ্গি এবং বিচক্ষণ পদক্ষেপে করোনায় বিশ্বের অপরাপর দেশগুলোর তুলনায় অতি ঘনবসতিপূর্ণ বাংলাদেশে করোনায় আক্রান্ত ও মৃত্যুহার কম। এক সময়ের কথিত 'তলাবিহীন ঝুড়ি' দারিদ্র্য-দুর্ভিক্ষে জর্জরিত বাংলাদেশকে অস্তিত্ব টিকিয়ে রাখার সংগ্রাম করতে হয়েছে। কিন্তু শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশ ২০৪১ সালে উন্নত দেশের তালিকায় নাম লেখাতে দুর্বার গতিতে এগিয়ে চলেছে।

বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে উন্নীত করার এ আশার নাম 'রূপকল্প-২০২১' এবং উন্নত দেশে পরিণত করার আশার নাম 'ভিশন-২০৪১'। কৃষি, শিল্প, শিক্ষা, বাণিজ্য, স্বাস্থ্য, অবকাঠামো, সরকারি-বেসরকারি প্রশাসন পরিচালনা- সব ক্ষেত্রেই দেশে উন্নত প্রযুক্তির ব্যবহার শুরু হয়েছে। শেখ হাসিনার দূরদর্শী ও কল্যাণমুখী নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বজয়ের নবতর অভিযাত্রায় এগিয়ে চলেছে।

'মাদার অব হিউম্যানিটি' খেতাবপ্রাপ্ত শেখ হাসিনা এবং তার ছোটবোন শেখ রেহানা ছাড়া পরিবারের আর কেউই জীবিত নেই। ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাতে বাবা-মাসহ সবাই ঘাতকের হাতে প্রাণ হারান। ঘাতকদের হাত থেকে প্রাণ বাঁচাতে বঙ্গবন্ধুর দুই কন্যা বিদেশে আশ্রয় নেন। বিদেশে অবস্থানকালে ১৯৮১ সালের ১৭ মে শেখ হাসিনা বাংলাদেশ আওয়ামী লীগের সিনিয়র কয়েকজন নেতার অনুরোধে সভানেত্রী নির্বাচিত হন।

আওয়ামী লীগ নেতারা মনে করেছেন, শেখ হাসিনাকে দলের সভানেত্রী পদে অধিষ্ঠিত করা হলে 'বঙ্গবন্ধুর আদর্শ ও ঐক্যের প্রতীক' হিসেবে আওয়ামী লীগকে আরও সুসংগঠিত করা যাবে। জনমানুষের আস্থা ফিরে আসবে। পিতৃমাতৃহীন শেখ হাসিনা ৬ বছর পর প্রবাস জীবন থেকে দেশে ফিরে আসেন। দেশে ফিরে অভিজ্ঞ রাজনীতিকের মতোই বলেন, 'শোককে শক্তিতে পরিণত করতে হবে।'



শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আওয়ামী লীগ প্রথমবার রাষ্ট্রীয় ক্ষমতায় আসে ১৯৯৬ সালে। একজন দূরদর্শী প্রধানমন্ত্রী হিসেবে তখন থেকেই তিনি বঙ্গবন্ধুর মানবিক ও রাজনৈতিক আদর্শ এবং মুক্তিযুদ্ধের চেতনাকে অবলম্বন করে দেশের উন্নয়নে ও জনগণের কল্যাণে সব সরকারি নীতি নির্ধারণ করেন। ২০০৭ সালে নেতৃত্ব থেকে তাকে সরিয়ে দেয়ার ষড়যন্ত্র হলেও তার ব্যক্তিত্ব, নেতৃত্ব, দৃঢ় মনোবল, দেশ ও জনগণের কল্যাণবোধ এবং বিশাল জনসমর্থন থাকার কারণে ষড়যন্ত্রকারীরা সফল হয়নি।

বাংলাদেশের অস্তিত্ব ও উন্নতি, দেশের প্রত্যেক মানুষের ভাগ্যোন্নয়ন ও জীবনমান পরিবর্তনের ক্ষেত্রে বঙ্গবন্ধু ও তার পরিবারের অবদান অস্বীকার করা অসম্ভব। ফলে ২০০৮ সালের সংসদ নির্বাচনে আওয়ামী লীগ দুই-তৃতীয়াংশের বেশি আসন নিয়ে জয়ী হয়ে শেখ হাসিনার নেতৃত্বে দ্বিতীয়বারের মতো সরকার গঠন করে। বাংলাদেশের মানুষের ভাগ্য পরিবর্তনের পথ সুপ্রসস্ত হয়।

সর্বস্তরের জনগণের জীবনমানের সার্বিক উন্নয়ন ও কল্যাণে গৃহীত নীতি ও সিদ্ধান্তগুলো বাস্তবায়নের পথ সুগম হয়। শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, কৃষি উৎপাদন, শিল্প-কারখানার উন্নয়ন, বাণিজ্য, যোগাযোগ ও প্রযুক্তি ইত্যাদি ক্ষেত্রে দেশ অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে যায়। দারিদ্র্যের হার কমে আসে, মাথাপিছু আয় বেড়ে যায়, গড় আয়ু বেড়ে যায়, স্বাস্থ্যসেবা উন্নত হয়, দেশের নাগরিকদের শিক্ষা-জ্ঞান-বুদ্ধি-প্রজ্ঞা অনুযায়ী কর্মক্ষেত্র সৃষ্টি হয়। সামাজিক সেবার মান বৃদ্ধি পায় এবং মানুষের বেঁচে থাকার অধিকার নিশ্চিত হয়।

শেখ হাসিনা উন্নয়ন ও কল্যাণমুখী রাজনীতিতে বিশ্বাসী। ডিজিটালাইজেশনের সুবাদে বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহারে সরকারি-বেসরকারি অফিস-আদালতেরও দৃশ্যপট পরিবর্তিত হয়। মানুষের স্বপ্ন ও কল্পনার সঙ্গে পাল্লা দিয়ে দেশ এগিয়ে চলেছে ২০৪১ সালের মধ্যে উন্নত বিশ্বের কাতারে শামিল হতে। ২০৩০ সালের মধ্যে শত বছরের মহাপরিকল্পনা 'ডেল্টা প্ল্যান ২১০০' বাস্তবায়নের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এটি বাস্তবায়িত হলে উপকূলে নতুন ভূমি জাগবে। দেশের আয়তন বাড়বে। আর এর সবই সম্ভব হচ্ছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে।

২০১৪ সালের ৫ জানুয়ারি জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী হয়ে তৃতীয় মেয়াদে প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন (বাকি অংশ ৩০ পাতায়)

নামাজের সময়-সূচী

সেপ্টম্বর	৫	৬	৭	৮	৯	১০	১১
ফজর	৫.৪৬	৫.৪৭	৫.৪৮	৫.৪৯	৫.৫০	৫.৫১	৫.৫২
সূর্যোদয়	৬.৫৯	৭.০০	৭.০১	৭.০২	৭.০৩	৭.০৪	৭.০৫
জোহর	১২.৪৪	১২.৪৪	১২.৪৪	১২.৪৩	১২.৪৩	১২.৪৩	১২.৪৩
আসর	৪.৪৩	৪.৪২	৪.৪১	৪.৩৯	৪.৩৮	৪.৩৬	৪.৩৫
মাগরিব	৬.২৮	৬.২৬	৬.২৫	৬.২৩	৬.২২	৬.২০	৬.১৯
এশা	৭.৪৩	৭.৪১	৭.৩৯	৭.৩৮	৭.৩৬	৭.৩৫	৭.৩৩

নষ্ট রাজনীতির বলি!

(শেষের পাতার পর)

কতই বা বয়স ছেলে-মেয়েগুলোর! কলেজ পড়ুয়া, ষোল থেকে আঠারোর মধ্যে, বিশের বেশী তো নয়। এই বয়সেই এই! কোন গুনটা রপ্ত নাই, গুডামী মাস্তানী নেশা বখাটেপনা বহুমাত্রিক প্রেম, একই সাথে দুই স্বামী, এক স্বামীকে শিক্ষা দিতে আর এক স্বামী লেলিয়ে দেয়া! একটা জেলা শহরে তরুন যুবকদের নীতি-নৈতিকতার এই হাল! ঘটনা ঘটার পরপর জানা গেছিলো বখাটেগুলো নাকি স্থানীয় কোন সরকার দলীয় প্রভাবশালী নেতার ক্যাডার বাহিনী ছিল। ফলে স্বভাবতই বেপরোয়া দুর্দমনীয়।

তারপরও, এরা তো নিশ্চয়ই রাস্তাঘাটে জন্ম নেয়া না, ফুটপাথেও বসবাস না। বাবা মা আছে, ভাইবোন পরিবার পরিজনের সাথেই তো থাকতো। বাইরে যে গুনধররা এত কীর্তিকান্ড করে বেড়াচ্ছে, বাবা মা পরিবারের কেউই জানতো না! কখনও টেরও পায় নাই! কেউ একজনও বাধা দেয় নাই। কুপথ বিপথ থেকে ফিরিয়ে আনার চেষ্টা করে নাই! আল্লাহর ওয়াস্তে ছেড়ে দিয়ে রেখেছিল! অথবা ভাল রাখার চেষ্টা করেও পারে নাই! মিন্নি নামের মেয়েটার ফাঁসির আদেশে নানা মিশ্র প্রতিক্রিয়া দেখছি, কিন্তু কেউ কি খতিয়ে দেখেছেন এই প্রজন্মের ছেলে মেয়েগুলো কেন মিন্নি পাপিয়া সাবরিনা হয়ে যাচ্ছে! ছেলেগুলো কেন তস্কর দুর্বৃত্ত হয়ে উঠছে! গুনধরদের তালিকায় সর্বশেষ সংযোজন দেখলাম আর এক ছাত্রলীগ- সবুজ আল সাহবা!

বেশ কিছুদিন যাবতই নানা ঘটনা সমাজকে নাড়া দিয়ে যাচ্ছে। চুরি দূর্নীতি লুটপাটের মহোৎসব, মিথ্যাচার আর নীতিহীনতার নির্লজ্জ চর্চা, সেই সাথে পালা দিয়ে তুচ্ছ ওছিলায় হানাহানি খুনাখুনি, মাদক ও অসামাজিক কার্যকলাপের ভয়ংকর বিস্তৃতি! তরুন যুব সমাজের একটি অংশ লিপ্ত হচ্ছে তাবৎ গর্হিত কাজে। যাদের বয়স ষোলো থেকে চব্বিশের মধ্যে!

উদ্বেগটা এখানেই। কেন নব্বই পরবর্তী প্রজন্মের এই অধ:পতন! তিরিশ বছর দেশে গণতন্ত্রের সুবাতাস! এখন তো কোন ডিক্টেটর বা 'স্বৈরাচার' নাই। রাষ্ট্রক্ষমতার জবরদখলকারি নাই! তাহলে কেন এই তিরিশ বছরে জন্ম নেয়া প্রজন্ম এমন বেপরোয়া দুর্দমনীয়! নানা কাজে আমাকে এই বয়সসীমার তরুন যুবকদের সান্নিধ্যে আসতে হয়। কেউ কেউ ভাল পাশ দেওয়া। কিন্তু দু:খ লাগে এদের অনেকের জ্ঞানের মাত্রা, নীতি-নৈতিকতাবোধ ভদ্রতা সৌজন্যতার দৈন্যদশা দেখে। অবাক হয়ে ভাবি- কি শিখিয়েছে এদের স্কুল কলেজের শিক্ষকরা! বাবা মা'রা! অনেককেই দেখি নিজের নামের বানানটা পর্যন্ত ঠিকমত লিখতে পারে না! কথা দিয়ে কথা রাখে না, সত্যের মুখোমুখি হবার সাহস নাই। পলায়নপর ভীতু এক আত্মকেন্দ্রিক প্রজন্ম! সরকারি রাজনীতির সাথে জড়িতদের অধিকাংশের মধ্যে প্রচন্ড অর্থলিপ্সা, অল্প সময়ে অগাধ ধন সম্পদের মালিক বনে যাওয়ার মরীয়া চেষ্টা এবং মোক্ষ হাসিলের জন্য যাবতীয় অন্যায় অপকর্মের পথ বেছে নেওয়া এক কমন ফিচার! যার প্রভাব পড়ছে গোটা তরুন-যুব সমাজের ওপর। সবারই ভাবনায় তাৎক্ষনিকতা। জ্ঞান-বুদ্ধি হবার পর থেকে দেখছে এক শ্রেণীর ছেলে ছোকড়া লেখাপড়া না শিখে কোন কাজ-কর্ম চাকরিবাকরি না করে শুধুমাত্র সরকারি দলের খাতায় নাম লিখিয়ে অল্প দিনে গাড়ী বাড়ী বিশাল বিত্ত-বৈভবের মালিক হয়ে যাচ্ছে। সুশিক্ষার অভাবে এটাকেই আদর্শ ধরে অন্যরা অপথে-কুপথে পা বাড়াচ্ছে, লিপ্ত হচ্ছে নানা অপরাধে। অথচ এরাই জাতির ভবিষ্যত! এক সময় এরাই নেতৃত্ব দেবে! দেশ চালাবে!

এক ভয়াবহ অশনি সংকেত। বলার অপেক্ষা রাখে না এ সবই হচ্ছে অসুস্থ রাজনীতির চর্চা, দীর্ঘদিন দেশে রাজনীতি না থাকা, জবাবদিহিতার অনুপস্থিতি এবং সব কিছুই একটি বিশেষ গোষ্ঠীর কব্জায় নিয়ে নেয়ার অনিবার্য কুফল। তিরিশ বছর আমরা শুধু ক্ষমতাকেন্দ্রিক রাজনীতি করেছি, ক্ষমতায় যাওয়া টিকে থাকা নিয়ে মারামারি হানাহানি। উন্নয়নকে কেউ কেউ লুটপাটের মহোৎসবে পরিনত করেছে। তাবৎ রাষ্ট্রযন্ত্রকে ক্ষমতায় যাওয়া এবং টিকে থাকার হাতিয়ারে পরিণত করায় পাবলিক সার্ভেন্টরা হয়ে উঠেছে দূর্বিনীত। অনির্দিষ্টকাল ধরে মৌরসী পাট্টার গ্যারান্টিকে ওজিএল মনে করে কেউ কেউ দু'হাতে টাকা কাচিয়ে চলছে। এক সময় হাজার টাকা যার থাকতো সমাজে তাকে 'হাজারি' বলে বিশেষ সম্মান দেখানো হতো। যার থাকতো এক লাখ সে হতো লাখপতি। বিশাল ব্যপার! কোটিপতি কি জিনিষ আমরা কল্পনাও করতে পারতাম না। আর এখন সরকারি অফিসের কেরানী পিওন ড্রাইভার মিটার রিডারদেরও শত কোটীর মালিক না হলে জাতে ওঠা হয় না! বসদের কি অবস্থা কেউ ধারনাই করতে পারেন না।

প্রসঙ্গক্রমে কথাগুলো এসে গেল তাই বললাম। ছোট্ট শহর বরগুনায় মিন্নি রিফাত নয়নরা যে অপকর্মগুলো ঘটিয়েছে- এ হচ্ছে একটি খন্ডচিত্র। সামগ্রিকভাবে তরুন প্রজন্মের অস্থিরতা শিক্ষাহীনতা নীতিহীনতার একটি আকষ্মিক প্রকাশ। যেমন গত কয়েকদিনে সিলেট এবং ঢাকায় ধরাপড়া ছাত্রলীগ পরিচয়ধারী কিছু কুলাঙ্গারের কীর্তিকান্ড! এবং উদ্বেগের বিষয় হচ্ছে সম্প্রতিকালে এই ধরনের ঘটনাগুলো লক্ষনীয়ভাবে বাড়ছে। হিসাবে তাই বলে। দীর্ঘদিন গুমোট পরিস্থিতি বিরাজ থাকলে এক সময় দুর্গন্ধই বেড়োয়। আমরা এখন সেই সময় পার করছি। বরগুনায় মেয়েটির সাজা হয়তো শেষ পর্যন্ত যাবজ্জীবনে এসে ঠেকবে। আপীল করে কয়েক বছরে জামিনও পেয়ে যেতে পারে। কিন্তু এই মেয়েটিকে কেন্দ্র করে কতগুলো তরুন-যুবকের জীবন শেষ হয়ে গেল। একজন খুন হয়েছে আর একজন ক্রসফায়ারে গেছে। বাকি ক'জনও ফাঁসির আসামী। মেয়েটিই কি আর স্বাভাবিক জীবন ফিরে পাবে! এতগুলো তরুন যুবকের জীবন শেষ হয়ে যাওয়ার দায়ভার কার? আমরা চাই না আর কেউ এভাবে নষ্ট রাজনীতির বলি হোক।

ইসলামে শিক্ষকের

(শেষের পাতার পর)

সামনে এগিয়ে যাওয়ার শক্তি জোগায় শিক্ষক। তারাই 'মানুষ গড়ার কারিগর'। কবি কাদের নেওয়াজের ভাষায়- '.....শিক্ষক আমি শ্রেষ্ঠ সবার/দিল্লীর পতি সে তো কোন ছার/ভয় করি না'ক, ধারি না'ক ধার, মনে আছে মোর বল...../আজ হতে চির-উন্নত হল শিক্ষাগুরুর শির.....।'

জ্ঞান মানুষকে আলোকিত করে। মূর্খতা ডেকে আনে পতন-পরাজয়। ইসলাম মানুষকে জ্ঞানের পথে চলতে বলে, জ্ঞানচর্চাকে উৎসাহিত করে। জাহেলি আরবে শিক্ষিত লোক ছিল মাত্র ১৭ জন। তৎকালীন সমাজ ঘোর অন্ধকারে নিমজ্জিত হওয়ার এটাও একটা কারণ ছিল। মহান আল্লাহ সে অন্ধকার সমাজে সর্বপ্রথম নির্দেশ দিলেন, 'পড়ো তোমার প্রভুর নামে- যিনি তোমাকে সৃষ্টি করেছেন .....তিনি মানুষকে শিখিয়েছেন, যা সে জানত না।' (সুরা : আলাক, আয়াত : ১-৫)

এ আয়াত থেকেই মুসলিম সমাজে জ্ঞানচর্চা ও তার সঙ্গে সম্পৃক্ত মানুষের মর্যাদা ও অবস্থান সম্পর্কে ধারণা পাওয়া যায়। ইসলাম শিক্ষকসহ জ্ঞানচর্চা ও প্রসারের সঙ্গে যুক্ত সবাইকে বিশেষ মর্যাদা দিয়েছে। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, 'যারা জানে আর যারা জানে না তারা কি সমান হতে পারে?' (সুরা : জুমার, আয়াত : ৯)

অন্য আয়াতে ইরশাদ হয়েছে, 'যাকে জ্ঞান দান করা হয়েছে তাকে প্রভূত কল্যাণ দান করা হয়েছে।' (সুরা : বাকারা, আয়াত : ২৬৯)

রাসুলুল্লাহ (সা.) শিক্ষকের মর্যাদা সম্পর্কে বলেন, 'কল্যাণকর বিদ্যা দানকারীর জন্য সবাই (প্রাণী ও প্রকৃতি) আল্লাহর কাছে (দোয়া) মাগফিরাত কামনা করে।' (সুনানে তিরমিজি)

অন্য হাদিসে এসেছে, 'শিক্ষক ও শিক্ষার্থী উভয়েই সওয়াবের অধিকারী।' (ইবনু মাজাহ)

প্রিয় নবী (সা.) আরো বলেন, 'সর্বোত্তম দান হলো কোনো মুসলমান নিজে কোনো বিষয়ে জ্ঞানার্জন করে পরে তা অপর মুসলমান ভাইকে শিক্ষা দেয়।' (ইবনু মাজাহ)

তবে একজন শিক্ষককে অবশ্যই আদর্শ ও নৈতিকতার অধিকারী হতে হবে। প্রিয় নবী (সা.) যেমনটি বলেছেন, 'নৈতিকতার বিচারে যে লোক উত্তম মুমিনদের মধ্যে সে-ই পূর্ণ ঈমানের অধিকারী।' (তিরমিজি)

নিউইয়র্কে গাড়ী চাপায়

(শেষের পাতার পর)

জানা যায়, নিউইয়র্কের লং আইল্যান্ডস্থ লেক রনকনকোমা'য় বসবাসকারী ইকবাল ইসলাম ও ইসরাত কুমু দম্পতির পুত্র সায়েম শাহরীয়ার অন্তু। এই দম্পতির আরো তাসফিয়া রুবাইয়াত কৌশি নামে এক কন্যা সন্তান রয়েছে। তাদের দেশের বাড়ী নোয়াখালী কোম্পনীগঞ্জ। ঘটনার দিন সন্ধ্যায় অন্তু মা-বাবার সাথে বাজার করতে যায়। বাজার শেষে বাসায় ফেরার পথে অন্তু গাড়ী ড্রাইভ করতে চায়। কিন্তু মা-বাবা তাকে তখন ড্রাইভ করতে বারণ করলে সে, রাগে-ক্ষোভে-অভিমানে মা-বাবার চোখের পলকে চলে যায় এবং লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ের (মহাসড়ক) ৪১ এক্সিটের কাছে এইচওভি লেনের উপর দিয়ে হাঁটা শুরু করে। ফলে দ্রুতগাড়ী একটি গাড়ী তাকে আঘাত করে এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। রাত ৯টার দিকে এই ঘটনা ঘটে। এদিকে শুক্রবার বাদ জুম্মা জ্যামাইকা মুসলিম সেন্টারে তার প্রথম নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। এরপর শনিবার সকালে লং আইল্যান্ডের সেলড্রেন মসজিদে দ্বিতীয় জানাজা শেষে ঐদিন দুপুরে ওয়াশিংটন মেমোরিয়ালের মুসলিম কবর স্থানে তার মরদেহ দাফন করা হয়।

ঘটনার পর পরই হাইওয়ে পুলিশ ঘটনাস্থলে এসে সায়েম শাহরীয়ার অন্তু'র মরদেহ উদ্ধার করলেও ঘাতক গাড়ীটি আটক করতে পারেনি। পরবর্তীতে ময়নাতদন্তের জন্য তার মরদেহ নিয়ে যাওয়া হয় এবং বৃহস্পতিবার (১ অক্টোবর) সকালে মরদেহ পরিবারের কাছে হস্তান্তরের কথা। শুক্রবার তার নামাজে জানাজা শেষে তার মরদেহ লং আইল্যান্ডস্থ ওয়াশিংটন মেমোরিয়াল মুসলিম কবরস্থানে দাফন করা হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

আমেরিকায় জন্ম ও বেড়ে ওঠা হলেও বাংলা সংস্কৃতির সাথে ছিলো তার নিবিড় যোগাযোগ। শিল্প-সংস্কৃতির প্রতিটি শাখায় ছিলো তার সরব পদচারণা। দেশ ও প্রবাসের বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় তার কৃতিত্বের কথা তুলে ধরা হতো। মানবদরদী অন্তু ক্যান্সারে আক্রান্ত রোগীদের বিভিন্নভাবে সেবা দিয়ে আসছিলো। নিয়মিত নিজে রক্তও দান করতেন। অন্তু সম্প্রতি গ্র্যাজুয়েশন শেষ করে ক্যালিফোর্নিয়ায় একটি আইটি কর্পোরেট জবে (চাকুরি) যোগদান করেছিলো। অক্টোবর মাসে সেখানে তার ফাইনাইলি যোগ দেয়ার কথা ছিলো। টেক প্রফেশনাল অন্তু ছিলেন সঙ্গীতশিল্পী।

ইকবাল ইসলাম বুধবার জানান, মহামারী করোনাভাইরাস পরিস্থিতে গত জানয়ারী মাসে অন্তু চাকুরী হারালে অনেকটা হতাশা হয়ে পড়ে এবং নতুন চাকরী খুঁজতে থাকে। অনেক সময় তাকে মানসিক অশান্তিতে সময় কাটতে দেখা যায়। এজন্য তার চিকিৎসাও চলছিলো। সম্প্রতি অন্তু ক্যালিফের্নিয়াতে একটি আইটি কোম্পানীতে চাকুরী পায় এবং অক্টোবর মাসের ৫ তারিখে তার নতুন চাকুরীতে অরিয়েন্টেশন শুরুর কথা ছিলো। তিনি বলেন, করোনা পরিস্থিতিতেই আমার ছেলেকে কেড়ে নিলো। তিনি তার সন্তুানের জন্য সবার দোয়া কামনা এবং তার মৃত্যুতে যারা শোক ও সমবেদনা প্রকাশকারীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

শোক প্রকাশ: কমিউনিটির পরিচিত মুখ ইকবাল ইসলাম ও ইসরাত কুমু দম্পতির পুত্র সায়েম শাহরীয়ার অন্তু'র মৃত্যুতে শোক প্রকাশ করেছেন কমিউনিটি নেতা আব্দুস শহীদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশশন ইউএসএ'র সাবেক সভাপতি সামসুল ইসলাম মজনু, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার ও সাধারণ সম্পাদক সৈয়দ আল আমীন রাসেল, বাংলাদেশ সোসাইটির কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, ড্রামা সার্কল-এর সভাপতি আবির আলমগীর, সাংস্কৃতিক সংগঠন শতদল-এর প্রেসিডেন্ট কবীর কিরন, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব লিটা শাহরীন প্রমুখ। এছাড়াও বাংলাদেশী আমেরিকান সোসাইটি ও বাংলাদেশী স্টুডেন্ট এসোসিয়েশন-এর পক্ষ থেকে সায়েম শাহরীয়ার অন্তু'র মৃত্যুতে শোক ও সমবেদনা প্রকাশ করে তার বিদেহী আত্মার শান্তি কামনা করা হয়েছে।



ভ্রমণ.....

ক্রিকেটের শহর মেলবোর্ন

হাবিব রহমান

মেলবোর্ন এয়ারপোর্টে বিমান ল্যান্ড করার আগেই আকাশে বসে আমার গ্রুপ সদস্যদের সাথে পরামর্শ করে ট্যুর প্লানটা খানিকটা পরিবর্তন করে নিলাম। সিডনী থেকে নিউজিল্যান্ড ঘুরে অস্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরা ভ্রমণ শেষে মেলবোর্ন আসার কথা ছিল। কিন্তু ভাগ্যচক্রে যখন মেলবোর্নটাই তালিকার শুরুতে এসে গেল তাই অস্ট্রেলিয়া ভ্রমন এখান থেকে শুরুর ই সিদ্ধান্ত নিলাম। লাগেজ নিয়ে বেরিয়ে সোজা হোটেলে এসে উঠলাম।

ভিক্টোরিয়া প্রদেশের রাজধানী মেলবোর্ন একটি অন্যতম জনবহুল সিটি। সিটি সেন্টার, ফেডারেশন স্কয়ার, ইউরোর টাওয়ার, রানী ভিক্টোরিয়া বাজার, রয়েস এক্সিবিশন ভবন শহরের অন্যতম দর্শনীয় স্থান। ক্রিকেটের শহর মেলবোর্ন, টেনিসের শহর মেলবোর্ন। বিশ্ব সংস্কৃতির মিলনমেলা অপরূপ সৌন্দর্যর শহর মেলবোর্ন শহর ভ্রমনের সুযোগ পেয়েছি বলে মনটি একটি অন্যরকম ভালোলাগায় ভরে গেলো।

তবে মেলবোর্ন ভ্রমণের অন্যতম কারণ ছিলো বিখ্যাত গ্রেট ওশান রোড দেখা এবং পেঙ্গুইন প্যারেড পরিদর্শন। গ্রেট ওশান রোডের একটা কাহিনী আছে। তাহলো, ১৯১৪ সালে শুরু হওয়া প্রথম বিশ্বযুদ্ধ ১৯১৮ সাল পর্যন্ত স্থায়ী হয় এবং প্রায় ৬০ হাজার অস্ট্রেলিয়ান সৈনিক এই যুদ্ধে মারা যান। যুদ্ধফেরত সৈনিকরা শহীদদের স্মৃতি অমর করে রাখার উদ্দেশ্যে অটোয়া উপকুলের সব শহরকে সংযুক্ত করতে প্রায় ২০৩ কিলোমিটার লম্বা একটি সড়ক বানানোর কাজ শুরু করেন। এটা নির্মাণ করতে লাগে ১৪ বছর। ১৯৩২ সালে সড়কটি সাধারণের জন্য খুলে দেয়া হয়। এই সড়কটির নামকরণ করা হয় গ্রেট ওশান রোড। এই সড়কটি শহীদদের স্মৃতিতে নির্মিত সবচেয়ে বড় স্মৃতি স্মারক আর সৈনিকদের ভ্রাতৃত্ববোধের এক উজ্জল দৃষ্টান্ত।

আর অস্ট্রেলিয়ার ওয়াইল্ড লাইফের এক অনন্য নিদর্শন হলো পৃথিবীর সবচেয়ে ছোট প্রজাতির পেঙ্গুইন। প্রতিদিন সূর্য ডুবার সময় সাগর থেকে হাজার হাজার এই ছোট পেঙ্গুইনের মিছিল উঠে আসে বালিতে নিজের ঢিবিতে ফিরবার জন্য। আর তাই দেখতে সারা বিশ্বের পর্যটক এসে ভীড় করেন মেলবোর্নের সাগর পাড়ের ফিলিপ আইল্যান্ডে। যা দেখা ছিল আমাদের সবার আকর্ষনের কেন্দ্রবিন্দু।

যাই হোক হোটেলে একটু বিশ্রাম নিয়ে লবির একটা ট্রাভেল এজেন্সী থেকে টিককিট ক্রয় করে গাইডের সাথে বেরিয়ে পড়লাম মেলবোর্ন সিটি পরিদর্শনে।

গাড়ী ছুটে চলছিলো মেলবোর্নের রাজপথ ধরে। এক একটা ভবন পার হচ্ছিলাম আর তার নাম ধাম ইত্যাদি বর্ণনা করছিলো গাইড। এক সময় পার হয়ে গেলাম পাবলিক লাইব্রেরি, রয়েস মেলবোর্ন ইন্সটিউট অব টেকনোলজি, মেলবোর্ন বিশ্ববিদ্যালয় ইত্যাদি। গাইডের বর্ণনায় জানলাম মেলবোর্ন বিশ্ববিদ্যালয় অস্ট্রেলিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সেরা শিক্ষা প্রতিষ্ঠান। শহরের পাশে রয়্যাল বোটানিক্যাল গার্ডেন, পাশে হেলিপ্যাড। দেখলাম বিশ্ববিখ্যাত মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ড। দূর থেকে মনে হচ্ছিলো যেন বিরাট একটা লোহার খাঁচা। বেশ কিছু নদী আছে মেলবোর্ন শহরের পাশে। বন্যার হাত থেকে শহরকে রক্ষা করে এই নদী। বেশ বড় একটি নদী দেখালো গাইড নাম-ইয়ারা। নদীটি একে বেকে অনেক দূর চলে গেছে। একেবারেই শান্ত নদী। ঢেউ নেই। ইয়ারার দুই পাড়ই সুন্দর করে বাঁধানো।





পাশাপাশি আছে সাইকেল-ট্রাক আর ফুটপাত। ফুটপাত দিয়ে মানুষ হাঁটছে। সাইকেল আরোহি চলছে সাইকেল ট্রাকে। ইউরোপের দেশ ডেনমার্ক আর আমস্টারডাম এর পর এই মেলবোর্ন শহরে সাইকেলের আলাদা লেন দেখে ভালো লাগলো। শুনেছি ডেনমার্কে নাকি গাড়ীর চাইতে সাইকেলের পরিমান বেশী। ট্রেন স্টেশনের পাশে সে সব দেশে বহুতল বিশিষ্ট সাইকেল পার্কিং ও দেখেছি। ইয়ারা নদীর এক পাড়ে মেলবোর্নের বানিজ্যিক এলাকা আর অপর পাড়ে সাংস্কৃতিক কেন্দ্র। আর্ট সেন্টার। পাশেই মেলবোর্ন সিম্ফনি অপেরা হল। রাস্তার মোড়ে মোড়ে বার। সেয়ান্সটন স্ট্রিটের উপর মেলবোর্ন সিটি হল। দেখলেই মনে করিয়ে দেয় অনেক প্রাচীন এই ভবনটি। গাইড জানালো মেলবোর্ন শহরের বয়সদুশো বছরেরও বেশী। আর ভবনটিও সে সময়কার। তবে ভালোভাবে রক্ষনাবেক্ষণ করায় শরীরে তেমন বার্ধ্যকের ছাপ পড়েনি। রাস্তায় একটু পর পর ম্যাকডোনাল্ডের দোকান চোখে পড়লো। ইউরোপের প্রতিটি শহরে ম্যাকডোনাল্ডের ছড়াছড়ি। অস্ট্রেলিয়াও এর ব্যতিক্রম নয়, দেখে খুব ভালো লাগলো।

মেলবোর্নের সবচেয়ে বড় রেল স্টেশন-ফিল্ডার স্ট্রিট স্টেশনের পাশে গাইড গাড়ী থামিয়ে একটু সুযোগ দিলো ছবি তোলার জন্য। দেয়াল জুড়ে অনেকগুলো ঘড়ি লাগানো হয়েছে এতে বিভিন্ন লাইনের সময়সূচি প্রদর্শিত হচ্ছে। স্টেশনের পাশেই বিশাল গীর্জা। ইউরোপের বড় বড় গীর্জার মতোই কারুকার্য খচিত।

চলার পথে রাস্তার পাশে কোথাও কোথাও চোখে পড়লো ওপেন এয়ার মার্কেট। অনেকটা নিউইয়র্কের ফ্লিয়া মার্কেটের মতো। ছোট ছোট টেবিল পেতে যে যার পসরা সাজিয়েছে। খাবারের দোকান থেকে শুরু করে হস্তশিল্প, গয়না, তৈরি পোষাক, বই সহ আরো কতো কি! মানুষ ভীড় করে তাদের প্রয়োজনীয় সামগ্রী কিনছে। মনে হলো কতো দেশের মানুষ! এর মাঝে কাঁধে রেকস্যাক বাঁধা পর্যটকের সংখ্যাই বেশী।

এর পর গাড়ী এসে থামলো অস্ট্রেলিয়া মহাদেশের সবচেয়ে বড় ক্যাসিনো ক্রাউন কমপ্লেক্স এর সামনে। গাইড জানালো এই কমপ্লেক্সে ক্যাসিনো ছাড়াও রয়েছে ফাইভস্টার হোটেল, শপিং মল, বার, সিনেমা হল, রেস্টুরেন্ট ইত্যাদি। গাইড একটা অবাক করা তথ্য জানালো। তাহলো পৃথিবীতে অস্ট্রেলিয়ানরাই নাকি সবচেয়ে বেশী জুয়া খেলে। সারা পৃথিবীতে জুয়া খেলার যত ইলেক্ট্রনিক মেশিন আছে তার পাঁচ ভাগের একভাগ আছে এই অস্ট্রেলিয়ায়। অথচ অস্ট্রেলিয়ার জনসংখ্যা পৃথিবীর মোট জনসংখ্যার তিনশো ভাগের একভাগ। অস্ট্রেলিয়ার গড়ে শতকরা বিরাশি ভাগ মানুষ কোন না কোন রকমের জুয়া খেলে। একজন সাধারণ মানের জুয়ারীও বছরে গড়ে ৬২৫ ডলার জুয়া খেলে। আর প্রতি ১০ জন জুয়ারীর মধ্যে কমপক্ষে একজন আত্মহত্যা করে।

কমপ্লেক্সের আঁশে পাশে অনেকগুলি ফোয়ারাও চোখে পড়লো। এখানেও গাইড আমাদের একটু সময় দিলো ফটো সেসানের জন্য। তারপর গাড়ী ছুটলো রাজপথ ধরে।

কতক্ষন পর গাড়ী এসে থামলো একটা বড় সড়ক্যাফের সামনে। গাইড জানালো এখানে কফি বিরতি। কফি খেয়ে ফ্রি টাইম পাওয়া যাবে আরো আধ ঘন্টা। একটু এদিক সেদিক ঘোরা যেতে পারে। সবাই এই সুযোগে এদিক সেদিক ঘুরতে গেলেও আমি আলাপ জমালাম গাইডের সাথে জানতে চাইলাম মেলবোর্নে বাংলাদেশী কমিউনিটি সম্পর্কে তার কোন ধারনা আছে কিনা। আমাকে অবাক করে গাইড জানালো এখানকার বাংলাদেশী কমিউনিটি খুব জনপ্রিয়। তারা সারা বছর অনেক অনুষ্ঠান করে। তার কিছু বাংলাদেশী বন্ধুও আছে যাদের সাথে সে বেশ কয়েকটি অনুষ্ঠানও সে উপভোগ করেছে। এর মাঝে আমাদের ২১ ফেব্রুয়ারী এবং বাংলা নব বর্ষের জমজমাট অনুষ্ঠান তার কাছে খুব ভালো লেগেছে। সে আরো জানালো মেলবোর্ন বাংলা স্কুল এবং মেলবোর্ন বাংলাদেশী কমিউনিটি ফাউন্ডেশন তাদের বিভিন্ন অনুষ্ঠানের জন্য মেলবোর্নে বসবাসরত অন্যান্য কমিউনিটির কাছেও খুব সুপরিচিত। ভিনদেশী একজন মানুষের কাছে নিজের দেশ এবং প্রবাসে বসবাসরত দেশী ভাইদের প্রশংসা শুনতে পেয়ে মনটা গর্বে ভরে উঠলো।

বিরতির সময় শেষ হওয়ায় গাইড উঠে দাঁড়িয়ে গাড়ীর দিকে রওয়ানা হলো। এবার আবার যাত্রা শুরু হবে মেলবোর্নের অন্যস্থান দর্শনীয় গন্তব্যে।

হাবিব রহমান
সিইও, বাংলা ট্যুর
ই মেইল: banglatourus @gmail.com

হৃদয়ে রক্তক্ষরণ

সিপার আহমদ



রাজা গিরিশ চন্দ্র রায় আজ পৃথিবীতে নেই। যদি বেঁচে থাকতেন তাহলে রাগে, ক্ষোভে, দুঃখে বলে উঠতেন.....'বুলডোজার দিয়ে গুড়িয়ে দাও ঐ ক্যাম্পাস, শশ্মানে পরিণত করে দাও থ্যাকারে টিলা; ওখানে এখন আর মানুষ সৃষ্টি হবে না, জন্ম নেবে ধর্ষক, সন্ত্রাসী, মাদকসেবী আর খুনী।'

১৮৯২ সালের ২৭ জানুয়ারী সিলেটের রাজা গিরিশ চন্দ্র রায় পূণ্য ভূমি সিলেটে জ্ঞানের আলো জ্বালাতে একটি কলেজ প্রতিষ্ঠা করেন। প্রমাতামহ মুরারিচাঁদের নামে কলেজটির নাম রাখেন সিলেট মুরারিচাঁদ কলেজ। সংক্ষেপে এমসি কলেজ। তখনও প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়নি। এমসি কলেজকেই তখন প্রাচ্যের অক্সফোর্ড বলা হতো। সুনাম, সুখ্যাতি আর গৌরবের মহিমায় এমসি কলেজ ছিল দেদীপ্যমান।

আমি এই কলেজেরই ছাত্র ছিলাম। কারো কাছে পরিচয় দেবার সময় স্কুল, হাইস্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় কোন কিছুরই নাম উল্লেখ না করে শুধু বলতাম আমি এমসি কলেজের ছাত্র। খুব গর্ববোধ করতাম, আত্মতৃপ্তি পেতাম। সেই গর্ব, সেই কৃতিত্ব আজ ধুলোয় মিশে গেল। এমসি কলেজের ছাত্র ছিলাম.....এ পরিচয় হয়তো আর কোনদিন দেবো না, লজ্জায় মাথা হেঁট হয়ে আসবে।

খুন, ধর্ষণ, সন্ত্রাস, অপরাধ যুগে যুগে ছিল, থাকবে। কিন্তু একটি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রাবাসে নারী ধর্ষণ পৃথিবীর ইতিহাসে এটাই প্রথম বলে আমার জানা। এ কলংক এমসি কলেজের, এ কলংক শাহজালালের পূণ্যভূমি সিলেটের। আমি বিভিন্ন সময় বাংলাদেশের বিভিন্ন জেলায় ঘুরে বেড়াই। সিলেটে বাড়ী, এ পরিচয় পাবার পর সবাই আলাদা একটা শ্রদ্ধা করতো। আমার সেই শ্রদ্ধার জায়গাটা আজ কোথায় যেন হারিয়ে গেল!

অপরাধী একদিনে সৃষ্টি হয় না। ছোট ছোট অপরাধ করে যখন সে পার পেয়ে যায় তখন সে বড় বড় অপরাধের পথে পা বাড়ায়। সে পথে চলতে গিয়ে যখন সে রাজ-নীতি তথা রাজনীতিবিদদের স্নেহধন্য হয়ে যায় তখন তার মাঝ থেকে ভয়ভীতি চলে যায়। সে তখন হয়ে যায় বড় ধরনের সন্ত্রাসী, খুনি কিংবা ধর্ষক। এমসি কলেজে যারা এ কুকর্ম ঘটিয়েছে তাদেরকে সবাই চিনেন ছাত্রলীগের নেতাকর্মী হিসাবে। তারা নিজেরাও সেখানে ছাত্রলীগের রাজনীতি করে, এখানে শাঁক দিয়ে মাছ ঢাকার কিছু নেই। আজ সরকারী দলের অনেকেই বলছেন এরা ছাত্রলীগের কেউ নয়, কমিটিরও কেউ নয়। কিন্তু ছাত্রলীগের নেতাকর্মী পরিচয়ে এইসব ছেলেরা যখন সমস্ত টিলাগড় এলাকায় ত্রাসের রাজত্ব কায়েম করছিলো তখন তারা কেন বলেননি যে এরা ছাত্রলীগের কেউ নয়, এদেরকে কেন আইনশৃঙ্খলা বাহিনীর হাতে তুলে দেয়া হলো না। কেন এদের বিরুদ্ধে কোন আইনানুগ ব্যবস্থা নেয়া হলো না। সিলেট আওয়ামী লীগের শীর্ষ নেতাদের তো সে ক্ষমতা ছিল। অতএব রাজনৈতিক নেতারা কোন অবস্থাতেই এই ব্যর্থতার দায়ভার এড়াতে পারেন না।

২০১২ সালের ৮ জুলাই যখন এমসি কলেজ হোস্টেল আগুন দিয়ে পুড়িয়ে দেয়া হলো তখন অনেকেই মায়াকান্না দেখিয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত পুলিশ প্রশাসন এ ব্যাপারে কোন শক্ত ভূমিকা নিতে পারেনি। এখানে তাদেরও ব্যর্থতা আছে। দুষ্কৃতিকারীদের কোন বিচার আজও হয়নি। সহপাঠী বন্ধু লিয়াকত যখন শাহপরান থানার ওসি ছিল আমি তখন প্রায়ই তার সাথে হোস্টেল পোড়ানোর মামলার অগ্রগতি নিয়ে আলাপ করতাম। এই আলাপচারিতার মাঝে আমি তার অসহায়ত্ব লক্ষ্য করেছি। বুঝতে পেরেছিলাম নোংরা রাজনীতি আমাদেরকে কতটা পিছিয়ে দিয়েছে। এমসি কলেজ হোস্টেল যারা পুড়িয়ে দিয়েছিল তাদের বিরুদ্ধে তখন যদি অ্যাকশন নেয়া হতো তাহলে ৮ বছর পর তাদের উত্তরসুরীরা এমসি কলেজকে ধর্ষিতার রক্তে রঞ্জিত করার সাহস পেতো না।

এমসি কলেজের অধ্যক্ষ আমার অত্যন্ত শ্রদ্ধাভাজন। তাকে যে কোন অনুযোগ-অভিযোগ করবো সে ধৃষ্টতা আমার নেই। শুধু এটুকই বলবো করোনাকালীন সময়ে হোস্টেলটা কেন যে খোলা রাখলেন। এটা একটা ভুল সিদ্ধান্ত ছিল। যেই ভুলের খেসারত দিতে হলো এক নববধূকে। আসামী সাইফুর দীর্ঘ দিন থেকে ৫ম ছাত্রাবাসের হোস্টেল সুপারের বাসভবন জোর পূর্বক দখল করে অবস্থান করছিল। ঐ ভবন থেকেই পুলিশ অস্ত্র উদ্ধার করে। হোস্টেল সুপার এ ব্যাপারে প্রশাসনের মাধ্যমে আগে থেকেই শক্ত অবস্থান গ্রহন করা প্রয়োজন ছিল। এখানেই তাঁর ব্যর্থতা।

হোস্টেল সুপার হলেন আবাসিক ছাত্রদের অভিভাবক। আমাদের সন্তানরা যারা হোস্টেলে থাকে তাদের নিরাপত্তা নিশ্চিত করাটাও তাঁর দায়িত্বের মধ্যে পড়ে।

শ্রদ্ধাভাজন হাসান ওয়ায়েজ স্যারকে আজ খুব বেশী মনে পড়ে। আমাদের সময়ে এমসি কলেজের প্রিন্সিপাল ছিলেন। কলেজ প্রাঙ্গনে কখনো দু' গ্রুপের মধ্যে অস্ত্র হাতে মারামারি শুরু হলে হুংকার দিয়ে অফিসের সিঁড়ি বেয়ে নীচে নেমে আসতেন। স্যারের তীক্ষ্ণ চাহনি আর হুংকারের সামনে কেউই টিকে থাকতে পারতো না। কারণ, উনার মেরুদন্ড খুব শক্ত ছিল।

মনটা ভালো নেই! দু'দিন থেকে টেলিভিশনে শুধু ধর্ষণ আর ধর্ষণের সংবাদ। মনে হচ্ছে এ যেন এক ধর্ষণের রাজ্য। আমার মেয়ে, ভাতিজি, ভাগিনি সবার নিরাপত্তা নিয়ে আমি আজ শংকিত!

নারীবাদী ঐসব নেত্রীরা আজ কোথায়? মাঝরাতে টেলিভিশনের টক শো যারা ফাটিয়ে তোলেন। নারী অধিকার, নারী অধিকার নিয়ে যারা ধুঁয়ো তোলেন। মানবাধিকার সংগঠনগুলো কোথায়? নারীর ইজ্জত কি মানবাধিকারের আওতায় পড়ে না? চীৎকার করে কী লাভ হবে জানি না।

তবে এমসি কলেজের অধ্যক্ষের বরাবরে একটাই অনুরোধ, আইন অপরাধীদের কি শাস্তি দেবে জানি না, সেটা আইনের বিষয়। তবে একজন শিক্ষক হিসাবে ঐ সব ধর্ষণকারীদের বিরুদ্ধে আপনাকে শক্ত হয়ে দাঁড়াতে হবে। কারণ এরা আপনাকে কলংকিত করেছে, আপনার কলেজকে কলংকিত করেছে। বিশ্ববিদ্যালয় পাসের সার্টিফিকেট এরা যেন না পায়, সে ব্যবস্থা আপনাকেই করতে হবে। নতুবা শিক্ষা, শিক্ষক, শিক্ষাপ্রতিষ্ঠান এই তিনের প্রতি মানুষের শ্রদ্ধা ভালবাসা আর কোনদিনও থাকবে না।।

ভাল থাকুন সকলে।

ভাল থাকুক আমার সুরমা পারের সেই বোনটি!

লেখক: প্রাক্তন প্রিফেক্ট, পূর্বাঞ্চলীয় ছাত্রাবাস (৪র্থ ব্লক), এমসি কলেজ (১৯৮৪-৯০), সিলেট।

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

We are on Facebook

Cell: 917-459-7181

website: www.digitaltraveltour.com

নিউইয়র্কে মতবিনিময় সভায় ফারুক আহমদ

গোয়াইনঘাটকে আধুনিক, উন্নত ও সমৃদ্ধশালী উপজেলায় বিনির্মাণে আমি অঙ্গিকারাবদ্ধ



রশীদ আহমদঃ সিলেটের গোয়াইনঘাট উপজেলা পরিষদ-এর সুনামধন্য চেয়ারম্যান, যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ফারুক আহমদ-এর নিউইয়র্ক আগমন উপলক্ষ্যে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। প্রবাসী নিউইয়র্কবাসীর ব্যানারে গত ২৭ সেপ্টেম্বর রোববার সন্ধ্যা আটটায় নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ইটজে চাইনিজ পার্টি হলের আউটডোরে এই অনুষ্ঠানে সুনামগঞ্জের দিরাই উপজেলা পরিষদ-এর সাবেক চেয়ারম্যান তোফায়েল আহমদ চৌধুরী সভাপতিত্ব করেন। সভায় প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ এর সভাপতি ড. সিদ্দিকুর রহমান এবং প্রধান বক্তা ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ এর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আবদুস সামাদ আজাদ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জালালাবাদ এসোসিয়েশন অফ আমেরিকার সাবেক সভাপতি বদরুল হোসেন খান, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ এর সহ-সভাপতি সামছুদ্দীন আজাদ, সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন দেওয়ান, আবদুল হাসিব মামুন, মুক্তিযুদ্ধা বিষয়ক সম্পাদক আলহাজ মোজাহিদুল ইসলাম, বিশিষ্ট ব্যবসায়ী সামছুল আবদীন, গোয়াইনঘাটের ৫ নাম্বার আলীর গাও ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আবুল কাশেম মোঃ আনোয়ার শাহাদত, ফাউন্ডেশন অফ গ্রেটার জৈন্তা, নিউইয়র্ক-এর সভাপতি মাওলানা রশীদ আহমদ, সিনিয়র সহ-সভাপতি, সাবেক ছাত্রনেতা বুরহান উদ্দিন।

বাংলাদেশ ক্লাবের সভাপতি নুরুল আমীন বাবু সাবলীল উপস্থাপনায় সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন ফাউন্ডেশন অফ গ্রেটার জৈন্তা,নিউইয়র্ক এর নির্বাহী সদস্য হাফেজ মাওলানা কামীল আহমদ।

সভায় গোয়াইনঘাট উপজেলা পরিষদ চেয়ারম্যান ফারুক আহমদ তার বক্তব্যের শুরুতেই নিউইয়র্কবাসীকে বিভিন্ন পর্যায়ে তাকে সাহায্য সহযোগিতা প্রদানের জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি তার উপজেলার সার্বিক উন্নয়ন কার্যক্রমের বিভিন্ন দিক তুলে ধরে আগামীতে এই ধারা অব্যাহত রাখার অঙ্গীকর ব্যক্ত করেন। তিনি বলেন, গোয়াইনঘাট উপজেলাকে একটি আধুনিক, উন্নত ও সমৃদ্ধশালী উপজেলা বিনির্মাণে উপজেলার জনগনের সাথে আমি অঙ্গিকারাবদ্ধ। এই অঙ্গীকার বাস্তবায়নে দেশে বিদেশে অবস্হানরত সকলের সার্বিক সহযোগিতা তিনি কামনা করেন।

সভায় ড. সিদ্দিকুর রহমান তার বক্তব্যে ফারুক আহমদের দীর্ঘ প্রবাস জীবনের রাজনৈতিক কার্যক্রমের ভূঁয়শী প্রশংসা করে জণ্প্রতিনিধি হিসাবে তার উত্তরোত্তর সাফল্যতা কামনা করেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ বাস্তবায়নে ফারুক আহমদ বলিষ্ট ভূমিকা পালন করবেন।

সভায় অন্যান্যদের মধ্যে আরো বক্তব্য রাখেন নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সহ সভাপতি শেখ আতিকুল ইসলাম, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি রফিকুল ইসলাম, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের প্রধান উপদেষ্টা খছরুজ্জামান খছরু, মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, কানেকটিকাট ষ্টেট আওয়ামী লীগের সাধারন সম্পাদক হুমায়ুন চৌধুরী, যুবলীগ নেতা জামাল হোসেন, শাহ সেলিম, আব্দুল হামিদ, নূর উদ্দিন, হারুনুর রশিদ, স্বেচ্ছাসেবক লীগ নেতা সাখাওয়াত বিশ্বাস, নুরুল আফসার সেন্টু প্রমূখ।

মতবিনিময় সভায় বিশিষ্ট কমিউনিটি নেতা গৌছ খান, ফাউন্ডেশন অফ গ্রেটার জৈন্তা, নিউইয়র্ক-এর সভাপতি মাওলানা আনোয়ার হোসাইন, সেক্রেটারী জেনারেল জামিল আনসারী, জয়েন্ট সেক্রেটারী মুনায়েম কিবরিয়া, সহ-প্রচার সম্পাদক বিদ্যুত দাস, নির্বাহী সদস্য মাহফুজুর রহমান রুমন, মুহাম্মদ ইসমাইল, আলা উদ্দীন, মহানগর আওয়ামী লীগের সহ সভাপতি সাইকুল ইসলাম, মিসেস ফারুক, সেলিনা আজাদ, আলী হুসেন গজনবী, যুব লীগের বিপ্রেশ, গনেশ কীর্তন, শাহ শ্যামল, ফরহাদ হাসান, শ্যামল আহমদ, জাবির আহমদ, ফয়ছল আহমদ, আরমান খান, মাহবুব চৌধুরী, আজহার চৌধুরী, মহিউদ্দিন চৌধুরী, সাজু হাসান, ছাত্রলীগ নেতা হেলাল মিতা, শাহিদুল হক রাসেল, আমিনুল ইসলাম, মাহি আহমদ, সেফাত আহমদ, শাহরিয়ার হুসেন, মৃদুল করিম, অপু খান, আজমল হুসেন প্রমুখ উপস্থিত ছিলেন।



যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সমাবেশে বাক-বিতন্ড

(শেষের পাতার পর)

সন্ধ্যায় জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ আয়োজিত এক আনন্দ সমাবেশে এ ঘটনা ঘটে।

সমাবেশে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন দেওয়ান ও আব্দুল হাসিব মামুন, প্রচার সম্পাদক দুলাল মিয়া (হাজী এনাম), স্বেচ্ছাসেবক লীগ নেতা সাখাওয়াত হোসেন বিশ্বাস, নুরুজ্জামান সর্দার প্রমুখ।

সমাবেশে উপস্থিত যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন দেওয়ান ও স্বেচ্ছাসেবক লীগ নেতা সাখাওয়াত হোসেন বিশ্বাস অভিযোগ করেন, যুক্তরাষ্ট্র জামায়াতের সংগঠন মুনার অঙ্গসংগঠন বেসিক-এর একজন সদস্যকে সমাবেশে কেন বক্তব্য দেয়ার সুযোগ দেয়া হচ্ছে? এই অভিযোগের প্রতিবাদ করেন অরো কয়েকজন। এসময় বেসিকের সাবেক সদস্য নুরুজ্জামান সর্দারকে সমাবেশ থেকে বহিষ্কারের দাবি জানান মহিউদ্দিন দেওয়ান। এরপরই শুরু হয় বাকবিতণ্ডা ও ধাক্কাধাক্কি। পরে দলীয় নেতৃদ্বের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

এদিকে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রচার সম্পাদক দুলাল মিয়া (হাজী এনাম) এই প্রতিনিধি-কে জানান, 'নিউইয়ক-ঢাকা-নিউইয়র্ক' রুটে পুনরায় বিমান চলাচলের চুক্তি হওয়ায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের আনন্দ সমাবেশ নিয়ে কোন কোন মিডিয়ায় অতিরঞ্জিত খবর প্রকাশিত হয়েছে। তাছাড়া বড় দল হিসেবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগে নেতৃত্বের প্রতিযোগিতা রয়েছে, কোন বিরোধ-বিভক্তি নেই।

এমসি কলেজে ধর্ষনের ঘটনার বিচার ও দোষীদের শাস্তির দাবী

(শেষের পাতার পর)

অব আমেরিকার উদ্যোগে এক ভার্চুয়েল প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি ময়নুল হক চৌধুরী হেলালের সভাপতিত্বে ও সহ সভাপতি আহবাব চৌধুরী খোকন ও সাধারণ সম্পাদক মিজানুর রহমান চৌধুরী শেফাজের যৌথ উপস্থাপনায় শুরুতে কুরআনে হাকীম থেকে তেলাওয়াত করেন এসোসিয়েশনের লাইফ মেম্বার মাওলানা রশীদ আহমদ। সভায় অতিথি হিসেবে বক্তব্য রাখেন জালালাবাদ এসোসিয়েশন-এর প্রাক্তন ট্রাষ্টি, বিশিষ্ট চিকিৎসক ও শহীদ মুক্তিযুদ্ধা তনয় অধ্যাপক ডা. জিয়া উদ্দিন আহমদ, ঢাকা জালালাবাদ এসোসিয়েশনের প্রাক্তন সভাপতি সিএম তোফায়েল সামী, প্রাক্তন যুগ্ম সম্পাদক এডভোকেট শেখ আকতারুল ইসলাম, সহ সভাপতি আব্দুল মজিদ চৌধুরী, কানাডা জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি দেবব্রত দে তমাল, ফ্রান্স জালালাবাদ এসোসিয়েশন সভাপতি হেনু মিয়া, ইটালী জালালাবাদ এসোসিয়েশন সভাপতি ওলি উদ্দিন শামীম, ইংল্যান্ড জালালাবাদ কমিউনিটি অ্যাক্টিভিষ্ট একেএম ফুয়াদ, এসোসিয়েশন সাধারণ সম্পাদক আমিনুল হক জিল্লু, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ট্রাষ্টি বোড সদস্য আব্দুস সালাম, এডভোকেট নাসির উদ্দিন, প্রাক্তন ট্রাষ্টি মনজুর আহমদ চৌধুরী, আব্দুল হাসিম হাসনু, বাংলাদেশ সোসাইটি বোর্ড অব ট্রাষ্টি আজিমুর রহমান বুরহান।

সভায় অন্যান্যের মধ্যে থেকে বক্তব্যে অংশ নেন জালালাবাদ এসোসিয়েশনের প্রাক্তন সহ সভাপতি মাওলানা সাইফুল আলম সিদ্দিকি, প্রাক্তন সাধারণ সম্পাদক জুনেদ এ খান, জিল্লুর আহমদ, প্রাক্তন সাংগঠনিক সম্পাদক সম্পাদক শেখ আতিকুল ইসলাম, হবিগঞ্জ জেলা সমিতির সভাপতি দেওয়ান বজলু চৌধুরী, হবিগনঞ্জ জেলা কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক আকবর হোসেন স্বপন, মৌলভীবাজার জেলা কল্যান সমিতির প্রাক্তন সভাপতি সৈয়দ জুবায়ের আলী, মৌলভীবাজার ডিসটিক্ট সোসাইটি সভাপতি সোহাদ আহমদ টুটুল, মৌলভীবাজার জেলা কল্যাণ সমিতির সভাপতি ফজলুর রহমান, সিলেট সদর সমিতির সভাপতি দেওয়ান শাহেদ চৌধুরী, ফেঞ্চুগনঞ্জ অর্গেনাইজেশনের সভাপতি জুনেদ চৌধুরী, বিয়ানীবাজার সমিতির প্রাক্তন সভাপতি মোস্তফা কামাল, জাতীয় পার্টির প্রবীন রাজনীতিক লূৎফুর রহমান চৌধুরী হেলাল, ফোবনার সাবেক কনভেনর এমাদ চৌধুরী, এমসি সরকারী কলেজ এলোমেনাই এসোসিয়েশন সভাপতি বেলাল উদ্দিন, সহ সভাপতি সফিক চৌধুরী, নির্বাচন কমিশনার এডভোকেট সৈয়দ নজরুল ইসলাম, প্রথম আলো'র উত্তর আমেরিকার আবাসিক প্রতিনিধি ইব্রাহিম চৌধুরী খোকন, লেখক ইসতিয়াক রুপু, সিলেট সদর সমিতির সাধারণ সম্পাদক হুমায়ুন আহমদ চৌধুরী, এম সাইফুর রহমান স্মৃতি পরিষদের সহ সভাপতি সৈয়দ গৌছুল হোসেন, ফাউন্ডেশন অফ গ্রেটার জৈন্তা, নিউইয়র্কের সভাপতি মাওলানা রশীদ আহমদ, বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন সাধারণ সম্পাদক সারওয়ার চৌধুরী, যুগ্ম সাধারণ সম্পাদক শাহ কামাল উদ্দিন, এম সাইফুর রহমান স্মৃতি পরিষদের সহ সাধারণ সম্পাদক জাবেদ আহমদ, নিউজার্সী বিশিষ্ট কমিউনিটি অ্যাক্টিভিষ্ট কামরুল হাদী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট শাহাব উদ্দিন চৌধুরী, ময়েজ উদ্দিন, হাফিজ শাহবাজ আহমদ, চৌধুরী মোমিত তানিম ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা সহ সভাপতি জুসেফ চৌধুরী, মনজুর চৌধুরী জগলু, সহ সাধারণ সম্পাদক লোকমান হোসেন, সাংগঠনিক সম্পাদক মানিক আহমদ ও কার্যকরী কমিটির সদস্য মৌলভীবাজার জেলা কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক মিজানুর রহমান।

সভায় বক্তারা বর্বরোচিত এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে অপরাধী এবং তাদের আশ্রয় ও প্রশ্রয় দাতাদের গ্রেফতার করে অনতিবিলম্বে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবী জানান। সভায় যুক্তরাষ্ট্র থেকে একটি নাগরিক ঐক্য কমিটি গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়। উল্লেখ্য যে সম্প্রতি সিলেট এমসি বিশ্ববিদ্যালয় কলেজে এক নব বিবাহিত মহিলাকে গুটি কতেক সন্ত্রাসী তার স্বামীর নিকট থেকে জোরপূর্বক ছিনিয়ে নিয়ে গণধর্ষণ করে। এই ঘটনার প্রতিবাদে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা আয়োজন করে ভার্চুয়েল এই প্রতিবাদ সভার।

এমসি এন্ড গভ: কলেজ এলামনাই এসোসিয়েশন প্রতিবাদ সভা ও মানববন্ধন

এদিকে গত ২৯ সেপ্টেম্বর মঙ্গলবার নিউইয়র্ক সিটির কুইন্সের ডইভারসিটি প্লাজায় (জ্যাকসন হাইটস) সিলেট এমসি এন্ড গভ: কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনক কর্তৃক গত ২৫ সেপ্টেম্বর সিলেটের 'ফ্লাওয়ার অব দ্যা ইষ্ট' খ্যাত ১২৮ বছরের পুরাতন ঐতিহ্যবাহী বিদ্যাপীট এমসি কলেজের ছাত্র নিবাস (৭ম ব্লক) নতুন হোষ্টেল ভবনে সংগঠিত কতিপয় নরপশুদের দলবদ্ব ধর্ষনের তীব্র নিন্দা ও দৃষ্টান্তমুলক শাস্তির দাবী জানিয়ে প্রতিবাদ সভা ও মানববন্ধনের আয়োজন করা হয়। ধিক্কার ও ঘৃনাভরে বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এবং নিউজ মিডিয়া ব্যক্তিত্ব সহ বিভিন্ন পেশার ব্যক্তিবর্গের উপস্থিতিতে ধর্ষনকারীদের নারী নির্যাতন মামলায় এনে বিশেষ দ্রুত বিচার আদালত গঠন করে বিচার কার্য দ্রুত সম্পন্ন করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। ধর্ষনকারীরা কোন ভাবেই যাতে পার পেতে না পারে এবং তাদের মোদতদাতাদেরকে ও আইনের আওতায় এনে শাস্তির দাবী জানানো হয়।

সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি বেলাল উদ্দিন এবং সভা পরিচালনা করেন মোহাম্মদ নুরুর রহমান সাচ্চু।

সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক সভাপতি মুক্তিযাদ্ধা আব্দুল মুকিত চৌধুরী,ট্রাষ্টি বোর্ডের অন্যতম ট্রাষ্টি বেদারুল ইসলাম বাবলা, সংগঠনের সহ সভাপতি সফিক উদ্দিন চৌধুরী, সহ সভাপতি আজিমুর রহমান বোরহান, সহ সভাপতি দেওয়ান সাহেদ চৌধুরী, সহ সাধারণ সম্পাদক এহেতেশাম চৌধুরী, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মোহাম্মদ রেজাউল করিম রেজু, প্রচার সম্পাদক মোহাম্মদ আকমল খান, দপ্তর সম্পাদক মোহাম্মদ খায়রুল ইসলাম, নির্বাহী সদস্য: কাজী অদুদ আহমদ, মো: আমিনুল হক চুন্নু, মামুনুর রসিদ শিপু, সাবেক নির্বাচন কমিশনার সৈয়দ নজরুল ইসলাম, সাবেক ছাত্র নেতা শাহীন আজমল, হুমায়ুন আহমদ চৌধুরী সাধারণ সম্পাদক, সিলেট সদর সমিতি, গিয়াস আহমদ, তোফায়েল আহমদ চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা মশিউর রহমান, জোসেফ চৌধুরী, চৌধুরী সালেহ আহমদ, জ্যোতির্ময় দত্ত নিষু, জাবেদ আহমদ, শাহনুর কোরেশী, ইমরান আহমদ প্রমুখ। সভায় বক্তারা এই জঘন্যতম মানুষরূপী ধর্ষনকারী নরপশুদের সমাজচ্যুত করে সামাজিকভাবে বর্জন করার ও দাবী জানান।

ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের উদ্যোগে ২৫০০ পরিবারকে সহায়তা প্রদান

(শেষের পাতার পর)

ডেভলপমেন্ট (ডব্লিউএইচআরডি) ইউএসএ। "মানবতাই আমার অহংকার, আমরা করব জয়, মানুষ মানুষের জন্য' স্লোগান নিয়ে ডব্লিউএইচআরডি খাদ্য সামগ্রী, মাস্ক, হ্যান্ড স্যানেটাইজার নিয়ে কখনো কখনো দলবদ্ধভাবে আবার কখনো মানুষের দুয়ারে সবার অজান্তে সাহায্যের হাত বাড়িয়েছি। যতখন পর্যন্ত ভ্যাকসিন তৈরী না হয়, যতদিন পর্যন্ত এই কর্মসূচী অব্যাহত থাকবে বলে জানিয়েছেন সংগঠনের সভাপতি শাহ্ শহীদুল হক (সাঈদ)। গত ২৮ সেপ্টেম্বর জ্যাকসন হাইটস্থ ডাইভার সিটি প্লাজায় কুইন্স বরো প্রেসিডেন্ট কার্যালয় থেকে অনুদান সামগ্রী বিতরণ কালে তিনি এসব কথা বলেন। তিনি জানান, এবার সর্বমোট ডব্লিউএইচআরডি ১১ বারের কর্মসূচীতে প্রায় ২৫০০ শত পরিবারকে সহায়তা করেছে।

উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন কমিনিটি অ্যাক্টিভিষ্ট ও বিশিষ্ট ব্যবসায়ী রিয়েলটর জসিম উদ্দিন, সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন প্রমুখ।

অনুষ্ঠানে বাংলাদেশ আমেরিকান ফ্রেন্ডশীপ সোসাইটির সভাপতি গোলাম মেহরাজ, কমিনিটি লীডার আলাউদ্দিন ভুলু, মানবতাকর্মী সৈয়দ ফারুক রহমান, জাহাঙ্গীর আলম জয় প্রমুখ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতা করেছেন নাজমুল আলম শ্যামল।

যথাসময়ে ১০০ পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী, মাস্ক বিতরণ পূর্বক সকলকে স্বাস্থ্যবিধি মেনে পাশাপাশি সেনসাসের গণনায় অংশগ্রহণ করার আহ্বানসহ সকল মিডিয়া ব্যক্তিকে ধন্যবাদ জ্ঞাপন করেন শাহ শহীদুল হক (সাঈদ)। -প্রেস বিজ্ঞপ্তি।

কুষ্টিয়া জেলা সমিতি ইউএসএ'র

(শেষের পাতার পর)

সহ সভাপতি কাজী পারভেজ বাবু, যুগ্ম সাধারণ সম্পাদক আশরাফুল আলম, যুগ্ম সাংগঠনিক সম্পাদক মোঃ জিয়াউর রহমান, অর্থ সম্পাদক মোহাম্মদ আলমগীর হোসেন, ক্রিড়া ও সাংস্কৃতিক সম্পাদক আবদুল্লাহ যোবায়ের, আজাদ জিন্নাতুল হাসান, কাজী শাহরিয়ার মতিন রনি, ইফতেখার ইউনুস রুবেল, মুন্না প্রমুখ।

সভায় করোনা সময়কালীন সমিতির দিক নির্দেশনামূলক ও গঠনমূলক আলোচনার পাশাপশি করোনায় দেশে ও বিদেশে যারা মৃত্যুবরন করেছেন তাদের রুহের মাগফেরাত এবং যারা অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করা হয়।

সভায় বক্তারা বলেন, আমাদের মাঝে কিছু নতুন সদস্য যোগদান করেছেন, তাদের সমিতির পক্ষ থেকে স্বাগত এবং যারা এখনো সদস্য হননি তাদেরকে সদস্য হবার জন্য আহবান জানাই। নতুন সদস্যরা তাদের বক্তব্যে ভবিষ্যতে সমিতির কার্যক্রমে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের বিষয়ে অঙ্গীকার করে বলেন, আমাদের বিশ্বাস সবার অংশগ্রহণে ও নেতৃত্বে সমিতি শিঘ্রই তার কাংখিত লক্ষে পৌঁছাবে।

সভায় বলা হয়: বাংলাদেশের সাংস্কৃতিক রাজধানী কুষ্টিয়াকে প্রবাসীর বুকে তুলে ধরার জন্য সংগঠনটিকে একটি নিদিষ্ট প্লাটফর্মে আনার জন্য পরিকল্পিতভাবে কাজ করা এবং সমিতির সবাই কাজ করার জন্য দৃঢ় প্রতিজ্ঞ। আমরা আমাদের মত কাজ করে যেতে চাই, সমিতি গঠনের পর থেকে সমিতি প্রবাসী কুষ্টিয়াবাসী ও প্রবাসীর জন্য কাজ করে যাচ্ছে।



ট্রাম্পের অসুস্থতা নিয়ে নানা গুঞ্জন

(প্রথম পাতার পর)‘

মারাত্মক’ আকার ধারণ করেছে এবং তিনি খুবই ক্লান্ত ও দুর্বল হয়ে পড়েছেন। ওই সূত্র আরও দাবি করেছে, স্ত্রী মেলানিয়ার চেয়ে ট্রাম্পের অবস্থা অনেক বেশি খারাপ। এদিকে হোয়াইট হাউস থেকে বলা হয়েছে, অতিরিক্ত সতর্কতা ছাড়াই ট্রাম্পকে ওয়াল্টার রিড হাসপাতালে নেওয়া হয়েছে। তাকে দুর্বল দেখাচ্ছে, তবে তার মনোবল চাঙ্গা রয়েছে। হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি কেইলি ম্যাকএনানি জানিয়েছেন, ‘ডাক্তার ও চিকিৎসা বিশেষজ্ঞদের পরামর্শ মোতাবেক ওয়াল্টার রিড হাসপাতাল থেকে ট্রাম্প আগামী কয়েক দিন প্রেসিডেন্টের দাফতরিক কাজ সম্পন্ন করবেন। হাসপাতালে যাওয়ার আগে ট্রাম্প জানিয়েছিলেন, তিনি বেশ ভালো বোধ করছেন এবং তেমন কোনো সমস্যা নেই। মেলানিয়াও ভালো আছেন।’

৪৮ ঘণ্টা গুরুত্বপূর্ণ: গত শনিবার রাতে এক ভিডিওবার্তায় ডোনাল্ড ট্রাম্প নিজেই জানিয়েছেন, ‘তিনি হাসপাতালে আসার সময়ে অসুস্থ বোধ করলেও এখন ভালো আছেন।’ তবে একই সঙ্গে তিনি জানিয়েছেন, আগামী কয়েক দিন হবে তার জন্য ‘সত্যিকারের পরীক্ষা’। ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প ভালো আছেন বলেও জানিয়েছেন তিনি। এদিকে চিফ অব স্টাফ মার্ক মিডোস বলছেন ভিন্ন কথা। তাকে উদ্ধৃত করে নিউইয়র্ক টাইমস জানিয়েছে, ‘২৪ ঘণ্টা কঠিন সময় পার করেছেন ট্রাম্প। সামনের ৪৮ ঘণ্টা খুব গুরুত্বপূর্ণ এবং তিনি ঝুঁকিমুক্ত নন। তিনি পুরোপুরি সুস্থতার পথে নেই।’

নির্বাচনের তারিখ কি পিছিয়ে যেতে পারে: করোনাভাইরাসে আক্রান্ত প্রেসিডেন্ট ট্রাম্প যদি গুরুতর অসুস্থ হয়ে পড়েন এবং সেরে উঠতে সময় নেন- তাহলে ৩ নভেম্বর অনুষ্ঠেয় প্রেসিডেন্ট নির্বাচনের কী হবে- এমন প্রশ্নে গুঞ্জন চলছে সর্বত্র। এ ক্ষেত্রে নির্বাচন পিছিয়ে দেওয়া যাবে কিনা, কে বা কারা এ সিদ্ধান্ত নিতে পারেন- সে প্রশ্নও চাঙ্গা হয়েছে।

এ বিষয়ে পর্যবেক্ষকরা বলছেন, যুক্তরাষ্ট্রের আইন অনুযায়ী নির্বাচনের তারিখ পরিবর্তন প্রেসিডেন্ট নিজে করতে পারবেন না। সেটা করতে পারেন কংগ্রেসের আইন প্রণেতারা। নির্বাচনের তারিখ পিছিয়ে দিতে হলে কংগ্রেসের উভয় কক্ষে এ প্রস্তাবটিকে সংখ্যাগরিষ্ঠতা পেতে হবে। তবে সমস্যাও রয়েছে। ধরা যাক কংগ্রেসের উভয় কক্ষের সদস্যরা নির্বাচনের তারিখ পিছিয়ে দেওয়ার পক্ষে ভোট দিলেন। কিন্তু আমেরিকান সংবিধান অনুযায়ী একজন প্রেসিডেন্টের প্রশাসনের আয়ু হচ্ছে ঠিক চার বছর। তাই সংবিধান মোতাবেক প্রেসিডেন্ট ট্রাম্পের ক্ষমতার মেয়াদ আপনা-আপনি শেষ হয়ে যাবে ২০২১ সালের ২০ জানুয়ারী দুপুরবেলা। তাই নির্বাচনের তারিখ পাল্টালে সংবিধানেও পরিবর্তন আনতে হবে।

ট্রাম্প দায়িত্ব পালনে অক্ষম হলে যা হবে: প্রেসিডেন্ট যদি এতটাই অসুস্থ হয়ে পড়েন যে- তিনি তার দায়িত্ব পালন করতে পারছেন না, তাহলে সংবিধান ২৫তম সংশোধনী অনুযায়ী ভাইস প্রেসিডেন্টকে ক্ষমতা হস্তান্তর করতে পারেন তিনি। প্রেসিডেন্ট সুস্থ হলে তিনি আবার তার পদে ফেরত আসবেন। প্রেসিডেন্ট যদি ক্ষমতা হস্তান্তর করার মতো সুস্থও না হন-তাহলে তার মন্ত্রিসভা এবং ভাইস প্রেসিডেন্ট তাকে দায়িত্ব পালনে অসমর্থ ঘোষণা করতে পারেন এবং ভাইস প্রেসিডেন্টই তখন প্রেসিডেন্টের ভূমিকা নিতে পারেন। এরপর যদি ভাইস প্রেসিডেন্টও দায়িত্ব পালনে অক্ষম হয়ে পড়েন, তাহলে প্রেসিডেনশিয়াল সাকসেশন অ্যাক্ট নামে আইন অনুযায়ী প্রতিনিধি পরিষদের স্পিকার এ দায়িত্ব নেবেন। অবশ্য বর্তমানে স্পিকার ন্যান্সি পেলোসি যেহেতু একজন ডেমোক্রেট, তাই সংবিধান বিশেষজ্ঞরা বলেন, এরকম কোনো পরিস্থিতি হলে তা আইনি লড়াইয়ের জন্ম দিতে পারে।

ট্রাম্প নির্বাচনে দাঁড়াতে না পারলে ব্যালটের কী হবে: প্রেসিডেন্ট নির্বাচনের কোনো প্রার্থী যদি কোনো কারণে প্রার্থী থাকতে না পারেন- সে ব্যাপারে স্পষ্ট বিধি রয়েছে। সেক্ষেত্রে ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্স প্রেসিডেন্টের দায়িত্বভার গ্রহণ করবেন ঠিকই-কিন্তু তিনি রিপাবলিকান পার্টির নির্বাচনী প্রার্থী বলে বিবেচিত হবেন না। পার্টির নিয়ম অনুযায়ী জাতীয় কমিটি ভোটাভুটির মাধ্যমে একজন নতুন প্রেসিডেন্ট প্রার্থী নির্বাচন করবেন। হয়তো সেভাবে মাইক পেন্স নতুন প্রার্থী হিসেবে আত্মপ্রকাশ করতে পারেন, তবে তখন একজন নতুন রানিং মেটও বেছে নিতে হবে। যুক্তরাষ্ট্রের ইতিহাসে অবশ্য আগে কখনো এ পরিস্থিতি হয়নি।

অনেক ভোট হয়ে যাওয়ায় যা হবে: বিশেষজ্ঞরা বলছেন, এ নিয়েও অনেক রকম অনিশ্চিত পরিস্থিতি তৈরি হবে। কারণ লাখ লাখ ভোট এরই মধ্যে ডাকযোগে দেওয়া হয়ে গেছে। ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের আইনের অধ্যাপক রিক হ্যাসেন বলেছেন, সম্ভবত অসমর্থ হয়ে পড়া প্রার্থীর নাম-বিশিষ্ট ব্যালট পেপার দিয়েই ভোট চলতে থাকবে। কিন্তু তার জায়গায় নতুন যে প্রার্থী আসবেন-তাকে রাজ্যগুলোর ইলেকটোরাল কলেজের নির্বাচকমন্ডলী ভোট দিতে পারবেন কিনা- তা নিয়ে প্রশ্ন আছে। আইনের আরেক অধ্যাপক রিচার্ড পাইডস বলেছেন, ‘যাই ঘটুক না কেন, প্রেসিডেন্ট ট্রাম্পের নাম ব্যালট পেপারে থাকবে এটা প্রায় নিশ্চিত। রিপাবলিকান পার্টি হয়তো প্রার্থীর নাম পরিবর্তন করার জন্য আদালতে যেতে পারে, কিন্তু বাস্তবে তার জন্য যথেষ্ট সময় থাকবে না।’



ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শফিক এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো ইংরেজী নববর্ষের শুভেচ্ছা ও ধন্যবাদ।

আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে মিতালী হকের প্রশ্নঃ

আমার বোন গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে এসেছিলো। তারপর বাংলাদেশে তার বিয়ে হয়। কিন্তু বিয়ের বিষয়টি এম্বেসীকে জানানো হয়নি। এরপর আমার বোন এদেশে এসে থাকার পর আবার বাংলাদেশে গেছে। আমার বোনের এবারের বাংলাদেশে অবস্থানের মেয়াদ এক বছর পেরিয়ে গেছে। তাই আমার জানার ইচ্ছা আমার বোনটি স্বাভাবিকভাবে ইচ্ছা করলে আবার এদেশে চল আসতে পারবে? সে কি ঢাকা ইউএস এম্বেসীতে গিয়ে প্রয়োজনে রি-এন্ট্রির জন্যে আবেদন করতে পারবে? আমার বোন তার স্বামীকে এদেশে আনতে চায়। এসব বিষয়ে আপনার পরামর্শ পাবার প্রত্যাশায় রইলাম। এমন প্রশ্ন আগেও দেখেছি বলে আজ আমিও লিখলাম।

মিতালী হকের প্রশ্নের উত্তরঃ

একজন গ্রিনকার্ডধারী তার স্পাউসের জন্যে আবেদন করতে পারেন। তবে গ্রিনকার্ডধারীরা বিনা অনুমতিতে এক বছরের কম সময় এদশে বাইরে অবস্থান করতে পারেন। এক বছর বা তার বেশি সময় এদশের বাইরে অবস্থান করলে গ্রিনকার্ড নষ্ট হয়ে যেতে পারে। ইমিগ্রেশন ইউএস এর প্রবেশ প্রত্যাখ্যান করতে পারে।

তবে রি-এন্ট্রির ব্যাপারে যা বলতে চাই সেটা হচ্ছে একজন গ্রিনকার্ডধারী ইউএস এর বাইরে গিয়ে একবছর বা তার বেশি সময় অবস্থান করতে চাইলে দুই বছরের জন্যে অনুমতি সাপেক্ষে রি-এন্ট্রি লাভ করা যেতে পারে। কিন্তু গ্রিনকার্ডধারীকে এদেশের বাইরে যাবার আগেই এখান থেকেই তাকে রি-এন্ট্রির জন্যে আবেদন করতে হবে।

এই রি-এন্ট্রির আবেদনের সময় আবেদনকারীকে অবশ্যই এদেশে উপস্থিত থাকতে হবে। এ ব্যাপারে বিস্তারিত জানার জন্যে প্রয়োজনে একজন এটর্নির সাথে সাক্ষাতে গিয়ে কথা বলা যেতে পারে।

আপনি আপনার বোনের বিষয়ে আরো যা জানতে চেয়েছেন সে ব্যাপারে স্পস্ট করে করে সবকিছু উল্লেখ করতে হবে। যা হয়তো সাক্ষাতে আলোচনা ক রার সময় আপনি উল্লেখ করতে পারবেন। এসব ব্যাপারে সুস্পষ্ট করে কিছু বলতে চাইলে এ সম্পর্কে প্রাসঙ্গিক আরো কিছু তথ্য জানা দরকার।

একজন গ্রিনকার্ডধারী তার স্পউসের জন্যে ইমিগ্রেশনের আইন অনুযায়ী আবেদন করতে পারেন। কিন্তু সেই আবেদনকারী স্পাউসকে অবশ্যই এদেশে যথাযথ গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে বসবাস করতে হবে।

নিউইয়র্ক থেকে আবু হামিদের প্রশ্নঃ

আমি আজ এই চিঠিটি লিখছি আমার এক বন্ধুর জানতে চাওয়ার প্রেক্ষিতে। আমার বন্ধুর চাচা একজন ইউএস সিটিজেন। তিনি আমার বন্ধুর বাবার জন্যে অর্থাৎ তার ভাইয়ের জন্যে আবেদন করেছিলেন। এই আবেদনে ঐ ভাইয়ের সন্তানেরাও অন্তর্ভূক্ত ছিলেন। কিন্তু ঘটনা হচ্ছে আমার বন্ধুর বাবা অর্থাৎ আবেদনকারীর ভাই মারা গিয়েছেন। সে কারণে জানতে চাওয়ার বিষয় হচ্ছে এখন ঐ আবেদনের অবস্থা কেমন হবে?

আবু হামিদের প্রশ্নের উত্তরঃ



প্রথমেই আমাদের জানা থাকা দরকার যে একজন সিটিজেন এবং গ্রিনকার্ডধারী কাদের জন্যে আবেদন করতে পারেন।

একজন গ্রিনকার্ডধারী তার স্পাউস এবং অবিবাহিত সন্তানের জন্যে আবেদন করতে পারেন।

গ্রিনকার্ডধারীর সন্তানদের আবার দুটি ক্যাটেগরী আছেঃ

১। ২১ নিম্ন এবং

২। ২১ উর্ধ বয়সের সন্তান।

২১ নিম্ন বয়সের সন্তানেরা ২-এ এবং ২১ উর্ধ বয়সের সন্তানেরা ২-বি ক্যাটেগরিতে পড়ে।

একজন ইউএস সিটিজেন তার নিম্নে উল্লেখিত আত্মীয়দের জন্যে আবেদন করতে পারেঃ

স্পাউস (স্বামী/স্ত্রী)

সন্তান (২১ নিম্ন/২১ উর্ধ)বিবাহিত ও অবিবাহিত

মা-বাবা এবং

ভাইবোন

ইমিগ্রেশন আইন অনুযায়ী ইউএস সিটিজেন তার ভাইয়ের জন্যে আবেদন করতে পারেন। তবে একজন ইউএস সিটিজেনের স্পাউস, মাবাবা এবং ২১ নিম্ন অবিবাহিত সন্তানেরা প্রথম প্রেফারেন্সে পড়েন বলে এই ক্যাটেগরীর পড়েন বলে এই ক্যাটেগরীর আত্মীয়দের অপেক্ষা করতে হয়না।

তবে ইউএস সিটিজেনের ভাইবোনেরা চতুর্থ প্রেফারেন্সে পড়েন।এই ক্যাটেগরীর অপেক্ষার সময় আনুসাঙ্গিক দশ বছরের বেশি। আপনার বন্ধুর চাচা তার ভাইয়ের জন্যে আবেদন করেছিলেন।

এখন দুঃখজনক ঘটনা হচ্ছে আপনার বন্ধুর বাবা ছিলেন বেশি-ফিশিয়ারী এবং তিনি মারা গেছেন। এর ফরে অর্থাৎ বেনিফিশিয়ারীর মৃত্যুর কারণে আবেদনেরও মৃত্যু ঘটেছে। ঐ আবেদনের প্রেক্ষিতে আবেদনের অন্তর্ভূক্ত আর কেউ এদেশে আসার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন না।

কুইন্স থেকে ইমতিয়াজুল খানের প্রশ্নঃ

আমি কিছুদিন হয় পারমানেন্ট রেসিডেন্ট কার্ড পেয়েছি। সেকারণে বাংলাদেশে গিয়ে আমার পছন্দের একজন মেয়েকে আমি বিয়ে করতে চাচ্ছি। এখন আমার জানার বিষয় হচ্ছে একজন গ্রিনকার্ডধারী হিসেবে বাংলাদেশে গিয়ে বিয়ে করার পর আমার স্ত্রীকে এখানে আনার ব্যাপারে আমি উপযুক্ত হবো কিনা? আর গ্রিনকার্ড নিয়ে ঝামেলাহীনভাবে দেশে গিয়ে কতদিন অবস্থান করতে পারব?

ইমতিয়াজুল খানের প্রশ্নের উত্তরঃ

একজন পারমানেন্ট রেসিডেন্ট তার স্পাউস এবং অবিবাহিত সন্তান-এর জন্যে আবেদন করতে পারেন। আপনি একজন পারমানেন্ট রেসিডেন্ট সেজন্যে আপনি আপনার বিবাহিতা স্ত্রীর জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন।

পিটিশনার যদি ইউএস এর গ্রিনকার্ডধারী হন তবে শুধু আই-১৩০ রিলেটিভ পিটিশান ফাইল করতে পারেন। আর বেনিফি-শিয়ারী যদি ইউএস সিটিজেন হন আর বেনিফিশিয়ারী যদি বাংলাদেশী হন হবে আই-১৩০ পিটিশান ফাইলের দরকার নেই। ইউএস সিটিজেনের স্পাউস হবার কারণে বিয়ের পরেই তার স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্যে ফাইল করা যাবে।

গ্রিনকার্ডধারীর স্পাউস (স্বামী/স্ত্রী) দ্বিতীয় প্রেফারেন্সে পড়েন। আর আপনি একজন গ্রিনকার্ডধারী তাই আপনি দেশে একবছরের কম সময় সেখানে অবস্থান করতে পারেন কোন অনুমতি ছাড়াই। আপনার যদি এক বছর বা তার বেশি সময় থাকার পরিকল্পনা থাকে তবে দুই বছরের অনুমতি নিয়ে দেশে গিয়ে অবস্থান করতে পারেন। তবে এতে করে গ্রিনকার্ড পাবার পাঁচ বছর পর সিটিজেনশীপের জন্যে উপযুক্ত বলে বিবেচিত হলেও আপনাকে আবারো একাধারে ক্রমাগত পাঁচ বছর এদেশে অবস্থান করতে হবে।

প্রয়োজনবোধে আপনি একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে কথা বলে আপনার প্রশ্নের সমাধান সম্পর্কে জেনে নিতে পারেন।

আর একটি কথা আমরা প্রায় সবসময় বলে থাকি আর তা হচ্ছে যে আপনার যদি নিয়মিত আমাদের এই বিভাগ পড়েন তবে তা থেকে হয়তো আপনার প্রশ্নের জবাব সম্পর্কে ধারণা নিতে পারবেন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990

517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

তোমাকে দেখার জন্য হে প্রিয় মাতৃভূমি

বোরহান খান



খুব ইচ্ছে ছিল বাংলাদেশে যাবার। পাঁচ মাস আগেই টিকিট খরিদ করেছিলাম জুলাই মাসের প্রথম সপ্তাহে দেশে যাব বলে। অন্যবার বেশি সময় ছুটি পাওয়া যায় না বলে গিন্নিও অফিসে দীর্ঘমেয়াদী ছুটির আবেদন করেছিল। এমনকি ছুটির জন্য হসপিটালের সুপারভাইজারকে ডাউস সাইজের দেশী সমোচাও উপহার দিয়েছিল। আমার ছুটি আছে আর মেয়ের স্কুল ছুটি তাই পুরাই ভ্যাকেশন মুডে ছিলাম।

**

মেয়েটা কাজিনদের জন্য কি নিয়ে যাবে তারও একটা লিস্ট করে ফেলেছিল। অনলাইনে কোথায়-কোথায় কি গিফট কিনবে মায়ের সাথে এই নিয়ে প্রতিদিন সান্ধ্যকালীন আলোচনা। গতবার মনপুত গিফট দিতে পারে নাই, এবার সে বড় হয়েছে, ঈদের সেলামীর ডলার বাঁচিয়ে রেখেছে খুব কষ্ট করে। স্বাদের পিৎজা, ফ্রাইজ, বার্গার না খেয়ে আর স্কুলের আইসক্রীমের ভ্যানের কাছে না যেয়ে, এমনকি বাসার টুকটাক খুচরো কাজ আর নিজের ময়লা কাপড় লন্ড্রী করার বিনিময়েও ডলার জমিয়েছে। অনলাইনে বাচ্চাদের টিউশনি পর্যন্ত সার্চ করেছে নিজের পয়সায় বড় আম্মু, মামা, ফাহিম ভাইয়া, লুবানা আপু, নাহিন, শশির জন্য এবার বাক্স ভর্তি করে আমেরিকা থেকে চমক নিয়ে যাবে বলে।

**

বাংলাদেশের যামুনা (যমুনা) ফিউচার পার্ক তার খুব দেখার শখ। ওখানে নাকি সব স্কেয়ারী রাইড রয়েছে। বসুন্ধরা শপিংমল পছন্দ হয়নি কারণ কোন ভয়ংকর রাইড নাই, তবে বসুন্ধরার দোসা আর পিৎজা নট ব্যাড। এবার সে পুরান ঢাকার লাল বিল্ডিংটা দেখতে যাবে (আহসান মঞ্জিল আর লালবাগের কেল্লা) ওখানে নাকি বাংলাদেশের অনেক হিস্ট্রি জমা। সে ওগুলো এক্সপ্লোর করবে।

**

তিনশো ফিট যাবে স্লিসপি চাপটি আর আস্ত রূপচাঁদা ফ্রাই খেতে (বাংলাদেশের একমাত্র পছন্দের মাছ ওর)। এখানকার চাপ চাঁবাইয়ের খাসির চপ নাকি অনেক ইয়াম্মী। বালিশ মিষ্টি নামে একটি ঢাম্বুস সাইজের মিষ্টি নাকি বাংলাদেশে পাওয়া যায় ওটা ট্রায় করবে। অনলাইনে ছবি দেখেছে আর বলেছে আম্মু আমিতো পুরোটা শেষ করতে পারবো না তুমি আমাকে হেল্প করো কারন তুমিতো মিষ্টি লাভার।

**

পুরান ঢাকা যাবে পরোটার সাথে শিক কাবাব, ঝালি কাবাব, স্বামী কাবাব আর বিহারী কাবাব খেতে। নাম শুনেছে অনেক এবার নিজে খেয়ে পার্থক্য খুঁজে বের করবে কোনটা স্বাদে সেরা। বিরিয়ানী খেতে যাবে নামকরা কাচ্চি ভাই, সুলতান ডাইন, আর কলকাতা বিরিয়ানী হাউজে। দেশী খাবারের মাঝে একমাত্র বিরিয়ানী ওর খুব ভাল লাগে। অনলাইনে দেশী বিদেশী ব্লগারদের মাঝে এই বিরিয়ানী হাউজগুলো নাম দেখেছে আর মোবাইলে নোট করে রেখেছে।

**

খাগড়াছড়ি আর সাজেক ভ্যালিতে যাবে সর্পিল আঁকার পাহাড়ী পথ বেয়ে সাদা মেঘের ভেলা আর ট্রাইব্যাল পিপলস দেখতে। আদিবাসীরা বিশেষ আকারের বেতের খাঁচায় পেঁপে, কলা, কুমড়োসহ নানা সব্জি পিঠে ফেলে লাঠিতে ভর করে বিশেষ কায়দায় উঁচু পাহাড় বেয়ে উপরে উঠে, এটা নাকি আর্থে (পৃথিবীতে) সবচেয়ে কঠিন আর দৃষ্টিনন্দন জব। সম্ভব হলে ওদের ব্যাম্বো চিকেন কারীটাও ট্রায় করবে। উপজাতীয় হ্যান্ডীক্রাফট শপ থেকে বন্ধুদের জন্য উপহার কিনবে। ওদের বানানো হাতের আর কানের দুল খুবই দৃষ্টিকাড়া (গতবার ড্যাডের দেয়া উপজাতীয় সপের সামগ্রী দেখে ওর তাই ধারনা)।

**

পার্লামেন্ট ভবন, শহীদ মিনার আর স্মৃতিসৌধ পিছনে রেখে ছবি তুলবে, আর নিউইয়র্ক ফিরে এসে স্কুল বন্ধুদের দেখাবে পৃথিবীর বুকে ভাষার জন্য লড়াই করা একমাত্র একটি দেশের নাম তারা শুনেছে কিনা। সাথে করে এবার বাংলাদেশের একটা লাল-সবুজ পতাকাও নিয়ে আসবে, বিজয় দিবস আর একুশে ফেব্রুয়ারী আসলে বাসার সামনে খুঁটিতে কিংবা ওর স্টাডি রুমের জানালায় টাঙিয়ে রাখবে বলে।

**

আমেরিকা ফেরার আগে জাতীয় যাদুঘর যাবে দেশের কৃষ্টি-কালচার আর মুক্তি যুদ্ধের কাহিনী জানতে আর ডিজিটাল বাংলাদেশের মানচিত্র দেখতে, যেখানে জেলার নামের পাশের সুইচ টেপলে বাল্ব জ্বলে মানচিত্রে তার অবস্থান দেখা যায়। যাদুঘর থেকে বের হয়েই শাহবাগ মোড়ের ফুলের দোকানগুলো থেকে দুটি ফুলেরতোড়া কিনবে আর সোজা চলে যাবে নরসিংদীতে। নানাভাই আর ছোট আম্মুর কবরে ফুল দিয়ে খুব কষ্ট করে শেখা আয়াতুল কুরছি সহ আরও পাঁচ সূরা পাঠ করে দোয়া করবে আর কবরের তত্ত্বাবধানে থাকা লোকটাকে বলে আসবে নানাভাই আর খালামনির কবরটা যেন সব সময় পরিস্কার রাখে।

**

স্টারলিং এভিনিউর ডেন্টাল ডাক্তারের চেম্বারে বসে থেকে দেশে যাবার কথা মনে পড়ল আর মন খারাপ হল,আমরা বাংলাদেশে যেতে পারিনি বৈশ্বিক মহামারি করোনার জন্য। একটা দীর্ঘশ্বাস বেরিয়ে আসল মনের অজান্তে, আকাশের দিকে তাকাতেই লক্ষ্য করলাম লাইট পোস্টে ঝুলানো টবগুলোতে ফুল ফোটার আর তিল পরিমান জায়গাও নেই। রূপ উপচে পড়ছে। মন খারাপ করা নেশাগ্রস্ত ভালোবাসায় তাকিয়ে থাকি।

**

আদ্র চোখে মনে হলো ইউফর্বিয়া আর পিটুনিয়া ফুলের ঠাসবুনট। দুনিয়াটা আসলেই খুব খুব সুন্দর। এই সৌন্দর্যকে ব্যাঘাত করার কোন ক্ষমতা নেই মানুষের। সুখ-দুঃখ, খড়া-মহামারীতেও ফুল ফুটবে, পাখি ডাকবে, বাচ্চারা হাসবে, খেলা করবে আর স্বপ্ন দেখবে।

প্রকৃতির কী অসীম কৃপা। এখনো আমরা বেঁচে আছি শত-শত নেই এর মিছিলে। সৃষ্টিকর্তার করুনা আর আশাই আমাদের বাঁচিয়ে রাখে। বেঁচে থাকলে দেখা হবে কোন একদিন প্রিয় মা আর মাতৃভূমি।

নিউইয়র্ক, ০১ অক্টোবর, ২০২০



আঘাত প্রতিঘাত

রনক আহমদ চৌধুরী

আমার ছড়া করবে আঘাত
নিত্য যারা ত্রাস করে,
শান্তি প্রিয় মানুষগুলোর
জায়গা জমি গ্রাস করে।

আমার ছড়া করবে আঘাত
খুনী যারা লাশ করে,
দুস্টু নেতার সাথে যারা
এক বাড়ীতেই বাস করে।

আমার ছড়া করবে আঘাত
এমন যারা আইন করে,
গরীব দুখীর পেটে লাথির
সংবিধানে সাইন করে।

আমার ছড়া করবে আঘাত
নিত্য যারা লুট করে,
লুটের টাকায় গাড়ী বাড়ী
রঙ বে রঙের স্যুট পড়ে।

আমার ছড়া করবে আঘাত
মুর্খ যারা রাগ করে,
ধর্মটা-কে পুঁজি বানায়
সম্প্রীতিটা ভাগ করে।

আমার ছড়া করবে আঘাত
খোদা কে না ভয় করে,
তাধিন তাধিন ইচ্ছে স্বাধীন
দেশের অপচয় করে।

আমার ছড়া করবে আঘাত
এমন যারা ভান করে,
মুখে মধু অন্তরে বিষ
রেখে দেশের গান করে।

আমার ছড়া করবে আঘাত
ফালতু যারা 'টক' করে,
ঘুষের টাকায় দেশ বিদেশে
ঘুরে বেড়ায় সখ করে।

আমার ছড়া করবে আঘাত
গরীবদেরে শেষ করে,
ধনী আরো ধনী হওয়ার
বাজেট যারা পেশ করে।

আমার ছড়া করবে আঘাত
এমন যারা হাল করে,
জিরো থেকে হিরো হবার
সার্টিফিকেট জাল করে।

তাইতো আঘাত প্রতিঘাতের
চলছে কলম চলবে যে,
আমার ছড়ার ছন্দগুলি
বারুদ হয়ে জ্বলবে যে।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

MOHAMMED KABIR
LIC. R.E. BROKER



RE-METCH REALTY INC.

* SALES
* RENTALS
* MORTGAGES
* REFINANCES

2122 A Weschester Ave, Bronx, NY 10462

নিউইয়র্কে বাড়ী ক্রয়, বিক্রয়, ভাড়া সব রকমের সহযোগিতা করে থাকি।

CELL: (646) 238-6799
E-mail: kabir.remetchrealty@gmail.com
Tel: (347) 657-0801, Fax: (347) 657-0802

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

রাজনৈতিক দৈন্যতা আর কত?

সামুন ভূইয়া

আমাদের মহান স্বাধীনতা আর স্বাধীনতার মহান ঘোষক শহীদ জিয়াউর রহমান জাতির আবেগ আর অনুভূতির স্থল। আমাদের অস্তিত্বের জাগরণী শক্তি। একাত্তরে আমরা মাথা নত না করা শিখেছি এবং প্রাপ্ত অধিকার আদায়ে দৃঢ় সংকল্পবদ্ধ হওয়াও শিখেছি। একাত্তরে শহীদ জিয়ার স্বাধীনতা ঘোষণা আর পরবর্তীতে ঐতিহাসিক প্রেক্ষাপটে মাত্র সাড়ে তিন বছরের শহীদ জিqার দেশ পরিচালনা তাকে নিয়ে গেছে অনন্য এক উচ্চতায়। শহীদ জিয়ার দৃঢ়চেতা রাজনৈতিক নেতৃত্বই বাংলাদেশকে সারা বিশ্বে উপনীত করছে আপন সত্ত্বায়। দীর্ঘদিনের ঔপনিবেশিক শাসন ও শোষণের কবল থেকে মুক্তির লক্ষ্যে ক্ষণে ক্ষণে রচিত আমাদের স্বাধীনতার বাসনা পূর্ণতা পায় একাত্তরে আর শহীদ জিয়ার সাড়ে তিন বছরের শাসনামলে। আমাদের বহুল কাংখিত এবং বাঙালীর ন্যায্য অধিকার স্বাধীনতার জন্য অকাতরে উৎসর্গ করতে হয়েছে ৩০ লাখ শহীদের তাজা রক্ত। বিসর্জন দিতে হয়েছে অসংখ্য মা-বোনের ইজ্জত। পরবর্তীতে মহান স্বাধীনতার সুফলের জন্য ও জীবন দিতে হয়েছে সিরাজ শিকদারসহ হাজার হাজার বিরোধী মত আর দেশপ্রেমিক সাহসী যোদ্ধাদের।

দীর্ঘ ঔপনিবেশিক শাসন আর শোষন থেকে মুক্তির এতোগুলো বছর পরও আমাদের গৌরবের মহান



স্বাধীনতার ইতিহাস আর ঐতিহ্যকে নিয়ে কেনো এতো নোংরামির আশ্রয় নিতে হচ্ছে এই অভাগা রাষ্ট্রটিকে? কেনোই বা আইন করে বানাতে হচ্ছে জাতীর মহানায়ক কিংবা খলনায়ক? জবরদস্তি করে, হুমকি দামকি দিয়ে, আইন করে কিংবা জেল-জরিমান করে দুনিয়ার কোথাও নেতৃত্বের স্বীকৃত আদায় করতে কেউ কখনো শুনেছে বলে আমার মনে হয় না।

শহীদ জিয়া শুধু বাংলাদেশ জাতীয়তাবাদী দলের প্রতিষ্ঠাতা কিংবা রাষ্ট্রপতি ছিলেন না। শহীদ জিয়ার নামের সাথে বাংলাদেশের স্বাধীনতা, স্বাধীনতার ঘোষনা, পরবর্তীতে স্বাধীনতার অস্থিত্বও ওতপ্রোতভাবে জড়িত। স্বাধীন বাংলাদেশের স্বাধীনতার সুফল গনতন্ত্র, আইনের শাসন, বাকস্বাধীনতা, সংবাদ মাধ্যমের স্বাধীনতা আর মেরুদন্ড সোজা করে স্বাধীন জাতি হিসাবে দাঁড়ানো সবকিছুই এই কালজয়ী মহাপুরুষ শহীদ জিয়ার অবদান। এই অবদান যারা অস্বীকার করবেন কিংবা জোড় করে করাতে যাবেন তারাই ইতিহাসের আস্তাকুঁড়ে চির নিক্ষিপ্ত হবেন- তাতে কোন সন্দেহ নেই। ভুলে যাবেন না শহীদ জিয়া বাংলাদেশের কোটি জনতার হৃদয়ে খোদাই করে রাখা একজন কালজয়ী মহানায়কের নাম। ইচ্ছা মতো আইন করে, সাজানো ইতিহাস লিখে, সাজানো নাটক সিনেমা বানিয়ে গায়ের জোড়ে শুধু তামাশাই করতে পারবেন, জনতার ব্যাঙ্গ-বিদ্রুপের খোঁড়াক হতে পারবেন কিন্তু কোন দিন কিংবা কোনকালে শহীদ জিয়ার নাম বাংলাদেশ আর এই জাতির হৃদয় থেকে মুছে ফেলতে পারবেন না, সম্ভব নয়।

লেখক: রাজনীতিক ও কলাম লেখক। সাবেক কেন্দ্রীয় আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, জাতীয়তাবাদী যুবদল, টরেন্টো, কানাডা।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

বাংলা পত্রিকা
পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ



অফিসের অইনে লেবর, ফরেন ও ইমিগ্রেশন ল'ইয়ার্স-এ মাস্টার্স, লন্ডন ইউনিভার্সিটি থেকে অইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (অক্সফোর্ড) এর সনদ, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর আইনি অফিসার হিসেবে ৮ বছর এবং সিটিইয়ার্সের বিভিন্ন দপ্তরের অভিজ্ঞতাসম্পন্ন এটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইগ্রেশনের সর্বপ্রকার ডিফেন্স এসাইলি ক্লেইম, পারসোনাল ইনজুরি, মেডিকেল মালপ্রাকটিস, ডিভোর্স, পারিবারিক রিলেশনশিপ সকল ধরনের) সমস্যায় সমাধানে যোগাযোগ করুন (ফোন-পরিবারে)।
- আমেরিকায় বসে আমাদের মাধ্যমে অফিসের মাধ্যমে পড়া ও সময় দিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন ধরনের পরিবেশন, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833701





ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.usa@gmail.com

যুক্তরাষ্ট্রের জটিল প্রেসিডেন্ট নির্বাচন

আবদুল মান্নান

সারা বিশ্বের দৃষ্টি এখন যুক্তরাষ্ট্রের দিকে। আগামী ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের জনগণ তাদের ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচন করতে যাচ্ছে। নির্বাচনে প্রতিবারের মতো এবারও দুটি দল সরাসরি অংশগ্রহণ করবে। এর একটি হচ্ছে রিপাবলিকান পার্টি, আরেকটি হচ্ছে ডেমোক্রেটিক পার্টি। প্রথমটির নির্বাচনী প্রতীক হাতি আর অন্যটির গাধা। যুক্তরাষ্ট্রের জন্ম থেকেই প্রথম কয়েকটি নির্বাচন বাদ দিলে প্রেসিডেন্ট নির্বাচন এই দুটি দলের মধ্যেই সীমাবদ্ধ আছে, যদিও প্রতিবারই দু-একটি ছোটখাটো দল নির্বাচনে অংশগ্রহণ করে। প্রেসিডেন্ট নির্বাচনের একই দিন কংগ্রেস সদস্যরাও নির্বাচিত হবেন।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের বিষয়টি বেশ জটিল এবং খোদ যুক্তরাষ্ট্রের অনেক নাগরিক নিজ দেশের নির্বাচন সম্পর্কে পরিষ্কার ধারণা রাখেন না। তাঁরা অনেকেই জানেন না কিভাবে তাঁদের প্রেসিডেন্ট নির্বাচিত হন। উদাহরণ হিসেবে ধরে নিতে পারি, বর্তমানে যুক্তরাষ্ট্রে নির্বাচিত প্রেসিডেন্ট হচ্ছেন ডোনাল্ড ট্রাম্প। তিনি ২০১৬ সালে নির্বাচিত হয়েছিলেন তাঁর প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিলারি ক্লিনটনকে হারিয়ে। ওই নির্বাচনে হিলারি ক্লিনটন ডোনাল্ড ট্রাম্পের চেয়ে সাধারণ ভোটারদের কাছ থেকে প্রায় ৩০ লাখ বেশি ভোট পেয়েছিলেন। জয়ী হয়েছিলেন ট্রাম্প। সাধারণ মানুষ হিলারি ক্লিনটনকে ভোট দিলেও শেষতক কেন ট্রাম্প জয়ী হয়েছিলেন এই জটিল বিষয়টি বুঝতে হলে যুক্তরাষ্ট্রের জটিল নির্বাচন প্রক্রিয়ায় যে ইলেকটোরাল কলেজ পদ্ধতি আছে সেটা বুঝতে হবে।

যুক্তরাষ্ট্রের ৫০টি অঙ্গরাজ্য বা স্টেট আছে, যা প্রায় সম্পূর্ণ স্বায়ত্তশাসিত। প্রতিটি স্টেট নানা বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে অনেক স্বাধীন। প্রতিটি স্টেটের নিজস্ব পতাকা আছে। আছে নিজেদের প্রতীক। অনেক আইন-কানুন, বিশেষ করে কর-খাজনা, ফৌজদারি ও দেওয়ানি বিষয়ক আইন-কানুন তারা নিজেরাই তৈরি করে। অনেক রাজ্য আছে, যেখানে মৃত্যুদন্ড অনুমোদিত নয়, আবার জুয়া ও পতিতাবৃত্তি আইনসিদ্ধ। দু-একটি রাজ্যে দোকানে গাঁজা বিক্রি করাও আইনে অনুমোদিত।

দেখা যাক যুক্তরাষ্ট্রের ইলেকটোরাল পদ্ধতি কিভাবে কাজ করে। যুক্তরাষ্ট্রে ৫০টি স্টেটের জনসংখ্যা অনুপাতে ইলেকটোরাল কলেজের সংখ্যা নির্ধারিত হয়। উদহারণস্বরূপ, ওহাইও স্টেটের জনসংখ্যা প্রায় এক কোটি ১২ লাখ। এই এক কোটি ১২ লাখের ইলেকটোরাল কলেজ ভোট হচ্ছে ১৬টি। ৫০টি রাজ্যে মোট ইলেকটোরাল ভোট হচ্ছে ৫৩৮টি, যার মধ্যে প্রেসিডেন্ট নির্বাচনে বিজয়ী হতে হলে প্রয়োজন ২৭০টি ইলেকটোরাল কলেজ ভোট। যে অঙ্গরাজ্য যত বেশি জনবহুল, সেই রাজ্যের ইলেকটোরাল কলেজ ভোটের সংখ্যা তত বেশি। ক্যালিফোর্নিয়ায় ইলেকটোরাল ভোটের সংখ্যা ৬৩, এরপর টেক্সাস ৩৬। ওয়াশিংটন ডিসিতে আছে মাত্র তিনটি ভোট। কোনো একটা স্টেটের সংখ্যাগরিষ্ঠ ভোটাররা যদি ট্রাম্পকে ভোট দেয়, তাহলে ধরে নিতে হবে ওই স্টেটের সব ইলেকটোরাল কলেজ ভোট ট্রাম্পের। এই হিসাবে যে প্রার্থীর ভাগ্যে ২৭০টি ভোট পড়ছে সে প্রার্থী পরবর্তী মেয়াদের জন্য যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট।

সব কিছু ২০০১ সালের নির্বাচন পর্যন্ত ঠিকঠাক চলছিল। সেবার রিপাবলিকান প্রার্থী ছিলেন জর্জ বুশ জুনিয়র, আর ডেমোক্র্যাট প্রেসিডেন্ট প্রার্থী আল গোর, যিনি বিল ক্লিনটনের ভাইস প্রেসিডেন্ট ছিলেন। নির্বিঘ্নে ভোট নেওয়া শুরু হলো। সমস্যা দেখা দিল ফ্লোরিডা অঙ্গরাজ্যে এসে। সেখানে বেশ কয়েকটি নির্বাচনী এলাকায় ভোট দেওয়ার মেশিন ত্রুটিপূর্ণ। গণনার সময়ও বিপত্তি। সেখানে ইলেকটোরাল কলেজ ভোট ২৫টি। বুশ আর গোরের মধ্যে এই অঙ্গরাজ্য ছাড়া অন্য সবখানে লড়াই হাড্ডাহাড্ডি। এই রাজ্যে যে জিতবে সে হবে পরবর্তী প্রেসিডেন্ট, তেমনটিই সবার ধারণা। বিষয়টি দ্রুত নিষ্পত্তির জন্য গেল ফ্লোরিডার উচ্চ আদালতে। আদালত জানালেন, ভোট হাতে গোনা হোক। অপেক্ষার পালা আর শেষ হয় না। কেটে গেল তিন সপ্তাহ। শুরুতে সেই দেশের মিডিয়া একবার গোরকে বিজয়ী ঘোষণা করে তো আরেকবার বুশকে। মামলা গেল সুপ্রিম কোর্টে, যেখানে রিপাবলিকানপন্থী বিচারক বেশি। অনেকের ধারণা, যুক্তরাষ্ট্রের বিচারব্যবস্থা একেবারে শতভাগ নিরপেক্ষ। মারাত্মক ভুল ধারণা। এবার ট্রাম্প আগেভাগেই সুপ্রিম কোর্টকে রিপাবলিকানপন্থী বিচারক দিয়ে তাঁর পক্ষে নিয়ে রেখেছেন। বলা তো যায় না। ২০০১ সালে সুপ্রিম কোর্ট ফ্লোরিডার সঠিক গণনা ছাড়া রায় দিল, বুশই হচ্ছেন যুক্তরাষ্ট্রের ৪৩তম প্রেসিডেন্ট। গোর অত্যন্ত ভদ্র মানুষ। আগেভাগেই তিনি মেনে নিয়েছিলেন হোক বুশ পরবর্তী প্রেসিডেন্ট, বাঁচুক যুক্তরাষ্ট্রের গণতন্ত্র। পরবর্তীকালে দেখা গেল, ফ্লোরিডার ভোট যদি সঠিকভাবে গোনা হতো, তাহলে আল গোরই হতেন যুক্তরাষ্ট্রের ৪৩তম প্রেসিডেন্ট।

সামনের নির্বাচন ঘিরে সারা বিশ্বে যে নানা ধরনের জল্পনা-কল্পনা চলছে তার কারণ বর্তমানে যুক্তরাষ্ট্র সারা বিশ্বে অন্যতম



সামরিক পরাশক্তি। দেশটি বিশ্ব অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সারা বিশ্বে তেল থেকে শুরু করে যেসব ভোগ্যপণ্য উৎপাদিত হয় তার একটি বড় অংশ যুক্তরাষ্ট্রে রপ্তানি হয়। যুক্তরাষ্ট্রের অর্থনীতি চাঙ্গা থাকলে তার প্রভাব অন্যান্য দেশেও পড়বে, তা স্বাভাবিক। সুতরাং সেই দেশে একজন যোগ্য প্রেসিডেন্ট নির্বাচিত হলে তা অন্যান্য দেশের জন্য মঙ্গল। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট সাংবিধানিকভাবে মোটামুটি ক্ষমতাবান হলেও অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে কংগ্রেস ও সিনেটের অনুমোদন নিতে হয়। প্রেসিডেন্ট গোঁয়ার হলে কোনো কিছুর তোয়াক্কা না করে নানা অজুহাতে অন্য দেশ আক্রমণ করতে পারে। বুশ কারো মতামতের তোয়াক্কা না করে ইরাক আর লিবিয়া দখল করেছিলেন। জাতিসংঘের কত বাধা-নিষেধ। কে শোনে কার কথা। এসব কারণে কে হচ্ছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট, সেদিকে সবার নজর।

আরেকটি কারণে যুক্তরাষ্ট্রের নির্বাচন গুরুত্বপূর্ণ। কারণ বিশ্বের অনেক দেশের মানুষ যুক্তরাষ্ট্রে বসবাস করে। যুক্তরাষ্ট্রকে বলা হয় অভিবাসীদের দেশ। বিদেশে অভিবাসন নিয়ে যে কটি দেশ অন্য দেশের মানুষ পছন্দ করে তার মধ্যে যুক্তরাষ্ট্র অন্যতম। তবে সাধারণত রিপাবলিকান প্রেসিডেন্ট হলে তিনি যুক্তরাষ্ট্রের সব সমস্যার জন্য অভিবাসীদের দোষারোপ করতে পছন্দ করেন। ট্রাম্পও তাঁর ব্যতিক্রম নন।

পর পর যুক্তরাষ্ট্রের কয়েকটি প্রেসিডেন্ট নির্বাচন যে ধরনের বিতর্ক সৃষ্টি করেছিল আগামী নির্বাচন তার চেয়ে বেশি বিতর্কিত হবে বলে বিশ্লেষকদের ধারণা। এরই মধ্যে ট্রাম্প ঘোষণা করেছেন, নির্বাচনে তিনি পরাজিত হলে তা মেনে না-ও নিতে পারেন। প্রয়োজনে তিনি উচ্চ আদালতে যাবেন। অনেক বিশ্লেষক মনে করেন, নির্বাচনের দিন ও নির্বাচন-পরবর্তীকালে সেই দেশে ভয়াবহ বর্ণবাদী দাঙ্গা-হাঙ্গামা ছড়িয়ে পড়তে পারে। এযাবৎ জনমত জরিপে দেখা গেছে, ট্রাম্পের প্রতিদ্বন্দ্বী ডেমোক্র্যাটদলীয় প্রার্থী সাবেক ভাইস প্রেসিডেন্ট জো বাইডেন ট্রাম্পের চেয়ে কিছুটা এগিয়ে আছেন। কোনো একজন প্রার্থীর পক্ষে সে দেশের মিডিয়ার সমর্থন যুক্তরাষ্ট্রে খুবই গুরুত্বপূর্ণ। এ পর্যন্ত প্রধান মিডিয়াগুলো বলেছে, যুক্তরাষ্ট্রের মানুষ ডোনাল্ড ট্রাম্পের চেয়ে আরো যোগ্য প্রেসিডেন্ট পাওয়ার দাবিদার, হতে পারেন তিনি জো বাইডেন। তবে দিনশেষে ফলাফল কী হবে সে সম্পর্কে ধারণা করা খুবই কঠিন।

ট্রাম্প কখনো রাজনীতির সঙ্গে তেমন একটা জড়িত ছিলেন না; যদিও নব্বইয়ের দশকে তিনি একজন ডেমোক্র্যাট সমর্থক ছিলেন। তিনি মূলত একজন সফল ব্যবসায়ী, যাঁর পিতামহ জার্মানী থেকে কানাডা হয়ে যুক্তরাষ্ট্রে এসেছিলেন। তাঁর পিতামহ ফ্রেডরিক ট্রাম্প একসময় পতিতালয় পরিচালনা করতেন। কিছুদিন নাপিতের কাজও করেছেন। ১৯১৮ সালে স্প্যানিশ ফ্লু মহামারির সময় মারা যান। একসময় ট্রাম্প একটি অননুমোদিত বিশ্ববিদ্যালয়ের মালিক ছিলেন, যা ২০১৬ সালে বন্ধ হয়ে যায়। আদালত ট্রাম্পকে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ২৫ মিলিয়ন ডলার ক্ষতিপূরণ দিতে বাধ্য করেন। ট্রাম্পের রিয়েল এস্টেট ব্যবসাও আছে। তবে তাঁর সবচেয়ে লাভজনক ব্যবসা হচ্ছে ভোগ্যপণ্যের পাইকারি ও খুচরা বিক্রয়, যার অন্যতম হচ্ছে তৈরি পোশাক। এর একটি উল্লেখযোগ্য অংশ জোগান দেয় বাংলাদেশ। অবিশ্বাস্য হলেও সত্য, গত চার বছরে ট্রাম্প মাত্র সাড়ে ৭০০ ডলার আয়কর দিয়েছেন।

এবার বেশ কিছু নতুন জটিলতার মধ্য দিয়ে আসন্ন নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। প্যানডেমিকের কারণে বিশ্বের অন্যান্য দেশের মতো যুক্তরাষ্ট্রেও এক ধরনের অচলাবস্থা সৃষ্টি হয়েছে। এই পর্যন্ড় মারা গেছে দুই লাখের ওপর মানুষ। এই পরিপ্রেক্ষিতে এবার ভোটাররা নির্বাচনী বুথে না গিয়ে ডাকযোগে ভোট দিতে পারবেন। এরই মধ্যে অনেক রাজ্যে ডাকযোগে ভোট দেওয়া শুরু হয়ে গেছে। এতে ট্রাম্পের অসু-বিধা, কারণ তাহলে যেসব ভোটার আগে কেন্দ্রে গিয়ে ভোট দিতেন না তাঁরা এবার ভোট দিতে উৎসাহিত হবেন। কারণ অতীত অভিজ্ঞতায় দেখা গেছে, না যাওয়ার দলে ডেমোক্র্যাট ভোটারের সংখ্যা সব সময় বেশি। আবার অনেক জায়গায় ডেমোক্র্যাট ভোটারদের ভোটকেন্দ্রে না যাওয়ার জন্য নানা-ভাবে নিরুৎসাহ করা হয়। যুক্তরাষ্ট্রে একটি বিরাটসংখ্যক আফ্রিকান মুসলমান অভিবাসী আছে, যাদের অনেকে ভোট দেওয়াকে হারাম বলে মনে করে। তবে তাদের বর্তমান প্রজন্ম ভোট দিতে আগ্রহী। তাদের অনেকেই ডাকযোগে ডেমোক্র্যাটদের ভোট দিতে পারে। ডাকের মাধ্যমে ভোট দেওয়ার নিয়ম করা হয়েছিল বিদেশে কর্মরত যুক্তরাষ্ট্রের যেসব কর্মচারী আছে, বিশেষ করে সেনাবাহিনী আছে তাদের জন্য। ট্রাম্প এরই মধ্যে ঘোষণা করেছেন, ডাকের মাধ্যমে ভোটে কারচুপি হতে পারে। অনেকের কাছে তা অবিশ্বাস্য মনে হবে। সত্যটা হচ্ছে, সেই দেশের কারচুপি বেশ চমকপ্রদ, যা আমাদের দেশের মানুষ চিন্তাও করতে পারবে না। ১৯৯১ সালের নির্বাচনে পরাজয়ের পর শেখ হাসিনা সূক্ষ্ম কারচুপির কথা বললে অনেকে তাঁকে নিয়ে বেশ হাসিঠাট্টা করেছিলেন। যুক্তরাষ্ট্রে সূক্ষ্ম কারচুপি কেমন করে হয় তা অন্য সময় লেখার ইচ্ছা আছে। ট্রাম্প 'নিরপেক্ষ' পর্যবেক্ষকের দাবি তুলেছেন। হ্যাঁ, এটি যুক্তরাষ্ট্রে ঘটছে, বাংলাদেশে নয়।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের প্রাক্কালে দুই প্রার্থীর মধ্যে যে তিনটি বিতর্ক হবে বলে ঠিক করা হয়েছিল গত ৩০ সেপ্টেম্বও বুধবার তার প্রথমটি হয়ে গেল। এরপর যুক্তরাষ্ট্রের সাধারণ মানুষ ও সারা বিশ্বের মিডিয়া প্রতিক্রিয়া জানিয়েছে এবং বলেছে, তারা তাদের জীবদ্দশায় এত নিম্নমানের ও নোংরা বিতর্ক শোনেনি। অনেকের ধারণা, স্কুল বিতর্কও এর চেয়ে ভালো হয়। বাংলাদেশে অনেকে বলছেন, এই দেশে বেসরকারি টিভি টক শোর মান এই বিতর্কের চেয়ে অনেক ভালো। ট্রাম্প জো বাইডেনকে বারবার ব্যক্তিগত আক্রমণ করেছেন। বর্ণবাদকে প্রকাশ্যে সমর্থন করেছেন। কভিড-১৯-এ দুই লাখ মানুষের মৃত্যু তাঁর গাফিলতির কারণে হয়েছে বললে তিনি তা অস্বীকার করে বলেন, তাঁর কারণেই মৃত্যু বরং কম হয়েছে। শুরুতে যখন বলা হলো কভিড-১৯ থেকে রক্ষা পাওয়ার উপায় হিসেবে মাস্ক পরতে হবে, ট্রাম্প তা শুধু বাজে কথা বলে উড়িয়েই দেননি, বলেছেন, মাস্ক তো জঙ্গিবাদীরা পরে। তাঁর অনুসারীরা বললেন, বেশ বেশ। অনেক জায়গায় মাস্কবিরোধী মিছিল বের হলো। বলা হলো, মাস্ক পরা একটি মানবতাবিরোধী ব্যবস্থা। বৃহস্পতিবার (১ অক্টোবর) জানা গেল, ট্রাম্প ও তাঁর স্ত্রী মেলানিয়া দুজনই করোনায় আক্রান্ত। তবে এই কথা অনেকেই বিশ্বাস করতে চাইছে না। কারণ গত চার বছর ট্রাম্প যত কথা বলেছেন তার কোনটা সত্য, আর কোনটা নয়, তা অনেকেই বুঝতে পারেননি। অনেকের ধারণা, ১৪ তারিখের দ্বিতীয় বিতর্ক এড়ানোর জন্য এটি ট্রাম্পের একটি চাল। তবে একটা কথা মানতে হবে ট্রাম্পের আমলে বিশ্বে মার্কিন সামরিক আগ্রাসন কম হয়েছে। ওবামা নির্বাচিত হওয়ার কয়েক সপ্তাহের মাথায় তাঁকে শান্তিতে নোবেল পুরস্কার দেওয়া হয় এই প্রত্যাশায়, তাঁর আমলে বিশ্বে শান্তি ফিরে আসবে। কিন্তু ওবামার আমলে মধ্যপ্রাচ্যে ড্রোন কিলিং সবচেয়ে বেশি হয়েছে। যদিও এই মুহূর্তে জো বাইডেন এগিয়ে আছেন, শেষতক কী হয় তা বলা মুশকিল। ট্রাম্পের করোনা হয়েছে বলে ভোটারদের সহানুভূতি ভোটে তিনি জিতেও যেতে পারেন। যুক্তরাষ্ট্রের গণতন্ত্রের সংজ্ঞাই আলাদা। তবে যেই জিতুক বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্কের তেমন একটা উল্লেখযোগ্য পরিবর্তন হবে না।

লেখক: বিশ্লেষক ও গবেষক

(৪ পাতার পর)

করোনায় আক্রান্ত ট্রাম্প

আবদুল মান্নান

বছরে যে বেতন পান (৪ লাখ ডলার), তা তিনি বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে দান করে দেন। একজন প্রেসিডেন্ট যখন অবসরে যান, আজীবন তিনি পেনশন পান, যার পরিমাণ বছরে ২১৯২০০ ডলারের মতো।

একজন ধনী ব্যক্তি হয়েও ট্রাম্প ট্যাক্স দেন না, এটা বহুল আলোচিত এবং প্রেসিডেনশিয়াল বিতর্কেও তাকে এ প্রশ্নটি করা হয়েছিল। তখন তিনি জবাবে বলেছিলেন, তিনি 'মিলিয়ন ডলার ট্যাক্স' দেন! তাহলে কি তিনি মিথ্যা বললেন? তার স্টাফরা অবশ্য এ ব্যাপারে কোনো তথ্য-উপাত্ত উপস্থাপন করতে পারেননি। এর অর্থ হচ্ছে, তিনি যা বলেছেন তা মিথ্যা। তার বক্তব্যের সঙ্গে নিউইয়র্ক টাইমসে প্রকাশিত তথ্যের কোনো মিল নেই। প্রশ্ন হচ্ছে এখানেই। একজন প্রেসিডেন্ট কি তাহলে মিথ্যা বললেন? প্রেসিডেন্ট ট্রাম্প বিভিন্ন ইস্যুতে ইতোমধ্যে বিতর্কিত হয়েছেন। তার রেটিং ভালো যাচ্ছে না। বিবিসি ৩০ সেপ্টেম্বর আমাদের জানাচ্ছে, জনমত ৫১ ভাগ জো বাইডেনের পক্ষে, ৪৩ ভাগ ট্রাম্পের পক্ষে। অর্থাৎ ট্রাম্প অনেক পয়েন্টে পিছিয়ে আছেন। জবধষ ঈষবধৎ চড়ষ-রঃরপং-এর মতে ১৪টি রাজ্য এ মুহূর্তে 'ব্যাটেল গ্রাউন্ড স্টেটস'। এ রাজ্যগুলোর নির্বাচকমন্ডলীর ভোট নির্বাচনে একটা প্রভাব ফেলতে পারে। এ ব্যাটেল গ্রাউন্ড স্টেটসের মাঝে শুধু জর্জিয়ায় (৪৭ ভাগ ও ৪৫ ভাগ) ও টেক্সাসে (৪৮.৪, ৪৫.২) ট্রাম্প এগিয়ে আছেন। এর বাইরে আরিজোনা, ফ্লোরিডা, মিসিগান, মিনিসোটা, নেভাদা, নিউ হ্যাম্পশায়ার, নর্থ ক্যারোলিনা, অহিও, পেনসিলভেনিয়া, ভার্জিনিয়া ও উইসকনসিনে এগিয়ে আছেন জো বাইডেন। অথচ এসব স্টেটের মধ্যে ২০১৬ সালে আরিজোনা, ফ্লোরিডা, আইওয়া, মিসিগান, নর্থ ক্যারোলিনা, অহিও, পেনসিলভেনিয়া ও উইসকনসিনে ট্রাম্প বিজয়ী হয়েছিলেন। এ পরিসংখ্যানই বলে দেয় ট্রাম্প তার জন-প্রিয়তা হারিয়েছেন।

'৯০ দশকে হাঁটি হাঁটি পা পা করে সিলেটে আবাসন ব্যবসার যাত্রা শুরু। ২০০৪- ২০০৫ সালে সিলেটের আবাসন ব্যবসায় ব্যাপক সাড়া পরে। প্লট, ফ্লাট, হাউজিং, এপার্টমেন্ট, রিয়েল এস্টেট ব্যবসার ধূম পড়ে যায় সিলেটে। আধুনিক চিন্তাধারায় উন্নত নাগরিক বসবাসের সুযোগ সৃস্টিতে গড়ে উঠে আবাসন প্রকল্প, হাউজিং,এপার্টমেন্ট ব্যবসার শতাধিক কোম্পানী/প্রতিষ্ঠান। অনুসন্ধানে জানা যায়, ২০০৪ সাল থেকে ২০০৭ সালের মধ্যে সিলেটে হাউজিং, এপার্টমেন্ট ও রিয়েল এস্টেট ব্যবসায় নামে ১৭০ থেকে ২০০টি প্রতিষ্ঠান। ২০০৫ সালের শেষের দিকে আবাসন ব্যবসায়ীদের প্রথম সংগঠন রিয়েল এস্টেট এন্ড এপার্টমেন্ট গ্রুপ অব সিলেট (রেগস) আত্মপ্রকাশ করে। তখন এর সদস্য সংখ্যা ছিল ১৫৪। ২০১০ সালে রিয়েল এস্টেট এন্ড এপার্টমেন্ট গ্রুপ অব সিলেট (রেগস্) পূনর্গঠিত হয়। এর নামকরন করা হয় সিলেট এপার্টমেন্ট এন্ড রিয়েল এস্টেট গ্রুপ (সারেগ)। তখন এর সদস্য ছিল ১১০ টি প্রতিষ্ঠান। বর্তমানে ২০২০ সালে এই সারেগ এর সদস্য নবায়নকারী প্রতিষ্ঠানের সংখ্যা এসে দাঁড়ায় ৪০ এর নীচে। শতাধিক প্রতিষ্ঠান গুটিয়ে নিয়েছে তাদের ব্যবসা। বন্ধ করে দিয়েছে অফিস এমনকি চেয়ার টেবিল আসবাবপত্রও বিক্রি করতে দেখা গেছে কোন কোন প্রতিষ্ঠানকে। এখনো যারা টিকে আছেন, তারা চলছেন খুঁড়িয়ে খুঁড়িয়ে । জমি আছে দলিল নেই, ফ্লাট আছে কাস্টমার নেই, প্লট বিক্রি হয়েছে কিস্তি পাচ্ছেন না, প্রকল্প আছে ডেভোলাপ করা যাচ্ছেনা এমনি জগাখিঁচুড়ি হালে চলছে টিকে থাকা আবাসন ব্যবসা প্রতিষ্ঠানগুলো।

সিলেটের আবাসন ব্যবসার কেন এ অবস্থা? এ প্রশ্নের জবাবে বাংলাপত্রিকার অনুসন্ধানে রেরিয়ে আসে বহু কারণ, অনেক সমস্যা। প্রধান কারণগুলি নিয়েই এ প্রতিবেদন :

বিশ্বমন্দার কাছে মোহনীয় শ্লোগান পরাজিত: 'রাজকীয় শহরে স্বপ্নের বাড়ী' 'সোনারগায়ে সোনার বাড়ী' 'সবুজের নীলিমায় আপন ঠিকানা' 'সুরমার পাড়ে আমার বসত' ইত্যাদি মোহনীয় চিত্তাকর্ষক শ্লোগানে ক্রেতা আকৃষ্ট করতে মাঠে নামে বিভিন্ন আবাসন প্রতিষ্ঠান। মুল টার্গেট প্রবাসী সিলেটি। ২০১০ পর্যন্ত সাড়া খারাপ ছিলোনা। ২০১০ সালের পর থেকে বিশ্ব অর্থনীতিতে এক ধরনের মন্দভাব চলে আসে। যা ক্রমেই বাড়তে থাকে। এ অবস্থায় ইউরোপ আমেরিকা, মধ্যপ্রাচ্যে বসবাসকারি সিলেটিরা সেখানেই জীবন যাপন করতে হাপিয়ে উঠছেন। জন্মভূমিতে একটি বাড়ীর স্বপ্নকে আপাতত বুকচাপা দিয়েই রাখছেন। আর যাঁদের আর্থিক সক্ষমতা আছে তাঁরা দু'টানায় তাদের তৃতীয় প্রজন্মকে নিয়ে। বাবার হাত ধরে বিলেতে গিয়েছিলেন, বাবা চাইতেন দেশে কিছু করতে, করেছেনও। বাবার নীতিতে তিনিও দেশমূখী। কিন্তু তাঁর সন্তান বাংলাদেশে আসতে চায়না। বাংলাদেশকে ভালো পায়না। বিলেতে লেখা-পড়া করে সে এখন পুরোদোস্তর বিলেতি। কি করবেন সিলেটে বাড়ী বানিয়ে? চিন্তায় কপালে ভাঁজ আসলেও সমাধান আসেনা। শুধু বিলেত নয় এ দৃশ্য ইউরোপের সবকটি দেশ ও আমেরিকায় সেটেলড অধিকাংশ সিলেটির। বলার অপেক্ষা রাখেনা এর নেতিবাচক প্রভাব সিলেটের আবাসন ব্যবসায়। বলতেই হয় চিত্তাকর্ষক শ্লোগান এখানে পরাজিত। এটা শুধু ক্রেতার ক্ষেত্রেই নয়, প্রবাসী বিনিয়োগকারীর ক্ষেত্রেও। সিলেট নগরীর শাহজালাল উপশহরে বিলেত প্রবাসী বাবার কেনা দুটি প্লট ও নগরীতে একটি বাণিজ্যিক বিপনী বিক্রি করে দিয়েছেন বৃটেনের কার্ডিফ কাউন্টি কাউন্সিলের কাউন্সিলর (সাবেক ডেপুটি লর্ড মেয়র) আলী আহমদ। এত মূল্যবান সম্পদ কেন বিক্রি করে দিচ্ছেন? এমন প্রশ্নের জবাবে আলী আহমদ বলেন, আমার বাবা (মরহুম আলা উদ্দিন আহমদ) বিলেতে থাকলেও তিনি দেশে সম্পদ করতে চাইতেন। তিনি পৃথিবীতে নেই, আমরা (তিনিও তার ভাইরা) দেশে আসি। কিন্তু জাহাঙ্গীর (তার ছেলে)রা দেশে আসবেনা। সুতরাং রেখে লাভ কি? দেশে বিনিয়োগ প্রসংগে আলী আহমদ বলেন, পাউন্ডকে আর টাকা বানাতে চাইনা। একাধিক প্রবাসীর সাথে কথা বলে জানা গেছে একই মানসিকতা।

রাষ্ট্রীয় পৃষ্টপোষকতার অভাব: 'ওয়ান-ইলেভেন' সরকার সিলেটের আবাসন ব্যবসাকে শৃংখলিত করার নামে মূলত নিয়ন্ত্রিত করে ফেলে। বহুদিনের প্রচলিত অনিয়ম দূরীকরন করতে গিয়ে আবাসন ব্যবসাকে জটিল করে ফেলে সেনা সমর্থিত সেই সরকার। যার ধকল শামলে উঠতে পারেনি আবাসন ব্যবসায় নবীন সিলেটের ব্যবসায়ীরা। পরবর্তীতে রাজনৈতিক সরকারও একই পথে হাঁটে। জলাভূমি ভরাট করা যাবেনা, কৃষি জমিতে বাণিজ্যিক স্থাপনা নির্মাণ করা যাবেনা, ব্যক্তি থেকে কোম্পানী বা কোম্পানী থেকে ব্যক্তির নামে ক্রয় বিক্রয়ে বিধি নিষেধ, জায়গা জমি নামজারী -রেজিস্ট্রেশনে কঠোরতা আবাসন ব্যবসাকে এগুতে দিচ্ছেনা তার নিজস্ব গতিতে। সর্বোপরি আবাসন ব্যবসায় ব্যাংক ঋণ প্রদানে কঠোরতা আরোপ করে সরকার এই ব্যবসার পশ্চাপদে পেরেক ঢুকিয়ে দিয়েছে। এ প্রসংগে সিলেটের অন্যতম প্রধান আবাসন প্রতিষ্ঠান সোনারগা আবাসিক প্রকল্পের ব্যবস্থাপনা সম্পাদক জয়নাল আবেদীন বলেন, সরকারের সংকীর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গির কারণে সিলেটের আবাসন ব্যবসা দাঁড়াতে পারছেনা। বিনিয়োগকারীরা আর্থিক সংকটে পড়লে সরকার লগ্নি করবে এটা স্বাভাবিক নিয়ম অথচ আমাদের সরকার আবাসন খাতে ব্যাংক ঋণ কঠোর বিধি নিষেধ আরোপ করেছেন। তিনি বলেন, এই খাত থেকে শুধু বিনিয়োগকারী লাভবান হবেন তা নয়। সরকার, প্রবাসী, বিভিন্ন শ্রেণীর শ্রমিক, নির্মাণ সামগ্রী প্রতিষ্ঠান এবং বাসস্থানহীন মানুষের সুবিধা ভোগের সুযোগ রয়েছে। এসব বিবেচনা না করে এই খাতে বিনিয়োগকারীরা জামায়াত- বিএনপির লোক এমন বিবেচনায় সরকার ব্যবসা প্রতিবন্ধক নীতি আরোপ করে।

উদ্যোক্তাদের অদক্ষতা, অদূরদর্শীতা ও অস্বচ্ছতা: আবাসন ব্যবসার ধসের পেছনে এ কারণটি মোটা দাগে চিহ্নিত হয়েছে। ব্যবসা সংশ্লিষ্টজন, ফ্লাট প্লট জমি ক্রেতা এবং সাধারণ জনগণের একটা অংশ মনে করেন হাউজিং ব্যবসায়ীরা 'দুই নাম্বারী' করেন। অনুসন্ধানে দেখা গেছে অধিকাংশ আবাসন প্রতিষ্ঠান তাদের 'কমিটমেন্ট' রক্ষা করতে পারেনা বা করেনা। বলে এক করে আরেক। অনেক ক্ষেত্রে মধ্যস্বত্তভোগী দালালরা অতিরঞ্জিত কথা বলে ক্রেতা আকৃষ্ট করে। পরবর্তীতে এসব কথার সাথে কাজের মিল থাকেনা। মধ্যস্বত্বভোগীরা কমিশন নিয়ে সটকে পড়ে। ফ্যাসাদ লাগে কোম্পানী আর ক্রেতার মধ্যে। কোন কোন আবাসন কোম্পানীর ব্যবস্থাপনায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে অস্বচ্ছতা ও অনিয়মের অভিযাগ রয়েছে। যার বদনাম আসে গোটা কোম্পনীর ওপর।

সিলেটের আবাসন ক্ষেত্রে বড় মাপের কোন স্টাডি বা জরিপ ছাড়াই এ ব্যবসায় নামেন একশ্রেণীর মানুষ। কারা এই ব্যবসার গ্রাহক, বাসস্থান প্রয়োজন এমন জনগোস্টীর পরিসংখ্যান কিংবা প্রবাসীদের চিন্তা- আকাঙ্খা নিয়ে কোন তথ্য গবেষণা ছাড়াই গতানুগতিক ধারায় চলছে এ খাত। যার ফলে ফুল না ফুটতেই ঝরে পড়ার শংকা দেখা দিয়েছে।

'সিলেট এক্সেলসিয়র' মেগা প্রকল্পের উদ্যোক্তা লন্ডন প্রবাসী সংগঠক ও সাংবাদিক সাঈদ চৌধুরী এ প্রসংগে বাংলাপত্রিকা'কে বলেন, সিলেটের আবাসন ব্যবসা মরে গেছে, প্রবাসীরা উৎসাহ হারিয়ে ফেলছেন। এমনটা আমি মনে করিনা। বৃটেনে প্রায় ১ লক্ষ সিলেটি পরিবার বসবাস করেন। তার মধ্যে অন্তত ৮০ হাজার পরিবার দেশে একটি বাড়ী করার স্বপ্ন লালন করেন। বিশ্ব অর্থনৈতিক মন্দাভাবে উত্তরণ ঘটলেই তাঁরা দেশের দিকেই ঝুঁকবেন– বলেন সাঈদ চৌধুরী।

রাজনৈতিক অস্থিতিশীলতা: গত এক দশকের অধিক সময় ধরে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি অস্থিতিশীল। শাসকদলের বিরুদ্ধমতের জনগোস্টী অধিকার বঞ্চিত, নির্যাতিত, নিপীড়িত। অনুসন্ধানে দেখা গেছে সিলেটের আবাসন ব্যবসায় সংশ্লিষ্টদের সিংহভাগ ক্ষমতাসীন দলের বিরুদ্ধমতের। শাসকদলের প্রত্যক্ষ ও পরোক্ষ রোষানলের স্বীকার তারা বলে অভিযোগ সংশ্লিষ্টমহলের। যার নেতিবাচক (বাকি অংশ ৪৪ পাতায়)

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!

এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-



Biman, Emirate, Etihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels


কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice



Sheikh Salim
Attorney at Law

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কনস্ট্রাকশন দুর্ঘটনা
- ক্যাফেন্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিসিয়ান গ্রেড বা ওয়ার্কাইস না পাওয়া
- যে কোন ধরনের ইনজিরেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

RISK ZONE Realty Inc.

আমাদের সেবা সমূহঃ

- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) উ সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) উ সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- শর্ট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বছর যাবৎ কমিউনিটিকে সহায়তা করছি।





81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

---

Jumbo Travel, Inc.

Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Fax: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filing

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file
e-file

PIER TAX AND EXECUTIVE SERVICES
37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



এস্টোরিয়ার প্রাণকেন্দ্রে বাংলাদেশী ফার্মেসী

আমিন ফার্মেসী

সর্বদা ১০% Off

আমরা মেডিকেইড (বেনিফিট), সিবিএস এন্ড
কেয়ারমার্ক, মেডিকেয়ার, বি এবং ডি, সহ
সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করি।

MONSUR CHOWDHURY
Pharm D.R.Ph.
Supervising Pharmacist

29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611
Fax: (718) 786-6613

ট্যাক্স রির্টান নিয়ে ঝামেলা এড়াতে চান?

তাহলে আজই অভিজ্ঞ সিপিএ প্রতিষ্ঠানের পরামর্শ নিন
আমরা আপনাদের সর্বোচ্চ সেবায় নিয়োজিত



EAKUB A KHAN CPA PC

Certified public accountant in Queens, New York
7535 31st Ave #206a, East Elmhurst, NY 11370

Hours:
Open - Closes 6PM
Phone: (718)424-6300

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের পরিবর্তে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- অডিট-প্রুফ, ডিফিসিয়েন্ট রেইট ডিপার্টমেন্ট বা ডিফিসিয়েন্ট রেইট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত ভবিষ্যৎ নোটিশের আগাম সন্তোষজনক সমাধান
- পূর্ণ অডিটসহ প্রকৃত সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ন সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ন ও এসিস্টেন্সিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা স্বল্পমেয়াদী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- অ্যাসিলি সিটিজেন
- NVC Case এপ্রুভাল
- গ্রীনকার্ড এডজাস্টমেন্ট
- এক্সটেনশন অব সাপোর্ট
- এক্সটেনশন / চেঞ্জ অব স্ট্যাটাস
- Advanced Parole / Reentry Permit ইস্যানি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158, Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-3pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.

শিল্পী কাদেরী কিবরিয়া



267-249-7687,
610-352-7123

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন



আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।

বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগমনের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোশাল সিকিউরিটী কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, ইন্টারনেট ডেবিটিড ও ক্রেডিট ইস্যুয়েন্স থেকে সার্বিক সহায়তাদিয়া করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত ইবেন কাগজ-পত্রহীনদের যে কোন আইনী ঝামেলায় মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radoinmahamood@yahoo.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



Shafi Chowdhury
Consultant

•ট্যাক্স পরিষ্কার ও ট্যাক্স রিটার্ন সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
•ব্যবসা এর জন্য ইন্টারনেট পেজ করার ব্যবস্থাপনা

161-13 Hillside Ave 2nd Floor Jamaica, NY 11432
Cell: 646-483-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Agnur Pharmacy

As Seen On TV

SPRING IS HERE: ARE YOU WORKING IN CONSTRUCTION?



Perry D. Silver
ATTORNEY LICENSED TO PRACTICE LAW IN THE COURTS OF THE STATE OF NEW YORK

Office: 212.661.8400
60 East 42nd Street, Suite 2212, New York, NY 10165 • Fax: 212.661.1042

DEBT SOLUTIONS
BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BT & T GROUP LLC
37-12, 75th Street, Suite #201, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

ভড়িৎ বাড়ী বিক্রি করে ফোরক্লোজার বন্ধ করুন এবং ক্রেডিট কার্ড রক্ষা করুন এই বিষয়ে আমরা সততার সাথে সাহায্য করি।

Omni Realty
The Realty People



Nurul Huda Harun
Real Estate
Associate Broker

118-18 101 Avenue
Richmond Hill,
NY 11419

Tel: 718-441-7000
Fax: 516-441-3548
Cell: 917-238-4161

nurul@omnirealty.com

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432

Phone: 718-262-8991

Fax: 718-262-8992

BRONX OFFICE
718-[illegible]

JACKSON HEIGHTS OFFICE
718-478-6100

- [illegible]
- [illegible]
- [illegible]
- [illegible]
- [illegible]

আপনাদের সেবায়



DR. WALI KHAN
D.D.S



DR. M. M. ABDUR ROB D.D.S.

কমাইউড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন ডেন্টাল সার্জন

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
26-05, 34St, 2Floor, Astoria
(at the corner of 30 AVE. & 34th)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, ডোনেশন এপয়েন্টমেন্ট নিয়ে যাবেন

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, ডোনেশন পঞ্চ।



ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে গিয়ে পাশেন্জার পাচ্ছেনা বলে যারা একবেলা তাদেরকে যুক্তিতে খিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সহজভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
ছাকীব খান
347-279-8327
[illegible]@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

- Income tax:
- Individual/ Personal Tax (All states)
- Business Tax (Corporation, Partnership)
- Sales tax (Food Vendor, Corporation)
- Payroll Tax
- Business Incorporation
- Immigration Services



Atikur Rahman

Masters in Economics
MBA (Accounting), MAFM

Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তেতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
রিমোভ কন্ডিশন
এফিডেভিট অব সাপোর্ট
বিনা পরীক্ষায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুলাক
রিফিউজি, এসাইলম, গ্রীণকার্ড রিনিউ

AUTHORIZED IRS e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্সি ক্যাব ও ফুড ভেন্ডার
পার্টনারশীপ, কর্পোরেশন
পেরোল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

'বিজেপি যেটাকে মুসলমানপ্রীতিঃ সেটা

(প্রথম পাতার পর)

তিনি কেবল মুসলমানদের তোষণ করেন। এই অভিযোগের বিরুদ্ধে শনিবার মমতা বললেন, মুসলমান আক্রান্ত হলে, আমি মুসলমানের পাশে দাঁড়াই আর তখন আমি মুসলমান। দলিত সম্প্রদায়ের কেউ আক্রান্ত হলে আমি দলিতদের পাশে দাঁড়াই, তখন আমি দলিত। আর এটাই হলো আমার মানবতা।

দীর্ঘ ছয় মাস পর শনিবার (৩ অক্টোবর) আবার পথে নেমেছিলেন মমতা। ভারতের উত্তরপ্রদেশে হাথরসে এক দলিত মেয়েকে গণধর্ষণ এবং খুনের প্রতিবাদে মমতা কলকাতার বিড়লা তারামণ্ডল থেকে ময়দানে গান্ধী মূর্তির পাদদেশ পর্যন্ত হাঁটলেন আর তার সঙ্গে ছিলেন হাজার হাজার সাধারণ মানুষ। করোনা মহামারিকালে অনুষ্ঠিত এই মিছিলের পর মমতা ৩০ মিনিটের বক্তব্য রাখেন। আর সেখান থেকেই আক্রমণ করেন বিজেপিকে৬আজ বিজেপি সবথেকে বড় মহামারি ...ওরা দেশটাকে শেষ করে দিচ্ছে.২।

মাইক হাতে বিজেপিকে একের পর এক ইস্যু নিয়ে আক্রমণ করে গেলেন মমতা। বিজেপি সরকারের আমলে দেশ গণতন্ত্র হারিয়েছে বলে অভিযোগ করলেন তিনি। করোনাকালে জোর করে কৃষি বিল পাস করানোর জন্যও বিজেপিকে আক্রমণ করলেন মমতা।

মমতা ব্যানার্জি অভিযোগ করে বলেন, বিজেপি শাসিত রাজ্যে দলিত এবং সংখ্যালঘুদের অবস্থা সবচেয়ে খারাপ। হরিয়ানা, অসম, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশে, এই সরকারের আমলে কেউ বিচার পাব না।

যদিও মমতা হাথরাসের ঘটনার প্রতিবাদে শনিবার পথে নামেন কিন্তু তার আসল উদ্দেশ্য হলো পশ্চিমবঙ্গে বিজেপি বিরোধী আবহ তৈরি করা। আগামী বছরে পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচন এবং সেখানে মমতার লড়াই হবে বিজেপির সঙ্গে। এক তৃণমূল নেতা বলেন,হাথরাসের ঘটনা নিয়ে বিজেপিবিরোধী আবহ তৈরি করছেন মমতা আর যেহেতু নির্যাতিতা একজন দলিত, তিনি প্রতিবাদের মাধ্যমে সংখ্যালঘু এবং দলিতদের নিজের আরো কাছে আনছেন। এটা তার ভোটের প্রস্তুতি। শনিবার হাথরাসে নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করতে গিয়েছিল তৃণমূলের প্রতিনিধি দল। কিন্তু তাদের গ্রামের ভেতরে যেতে দেওয়া হয়নি। পুলিশের সঙ্গে ধাক্কাধাক্কিও হয় তৃণমূল প্রতিনিধি দলের। হাথরাস কাণ্ডের প্রতিবাদে এবার রাজ্যে আন্দোলন শুরু করল তৃণমূল আর তার পথ দেখালেন তৃণমূল নেত্রী নিজেই।

বাড়ি বিক্রি করতে

(শেষের পাতার পর)

বিক্রয় এজেন্ট হিসাবে সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

যোগাযোগ কম: আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

Afzal Hossain MD
Ashwad Afzal MD, FACP
Sanjeev Palta MD, FACC
Board certified in Internal Medicine
87-81 169th street, Jamaica NY 11432
Tel: 718-297-4300, Fax: 718-297-4302
Board certified in Cardiology

We perform tests in the office:

ECG

We treat all heart patients and have tests performed in our office by our experienced Internist and Cardiologist.

- EKG/Electrocardiogram
- Echocardiogram
- Cardiac stress test
- Vascular studies
- Allergy Test
- Nerve Test/Sudoscan
- TB/PPD testing
- Spirometry/Lung Test
- Peak flow
- Test for Heartburn







Blood test done in the office

We provide Vaccines for:
- Hepatitis A
- Hepatitis B
- Influenza
- Meningitis
- Measles
- Mumps
- Pneumococcal
- Rubella
- Tetanus/Tdap
- Varicella

- Physical Exam
- Pre-employment Exam
- Physical for school
- CDL certification
- TLC Certification
- Home Health Aid/HHA Certification

We accept most insurance and have arrangement for treating uninsured patients at low costs.

Office Hours
Mon-Thurs 10am-6pm
Friday 11:30am-6pm
Saturday 10am-3pm

Call us today at 718-297-4300

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১	প্যাকেজ-২	প্যাকেজ-৩	প্যাকেজ-৪
চ্রাইস পোলাও চিকেন রোস্ট মিক্সড রেজিটেবল সালাদ ডিজার্ট	চ্রাইস পোলাও চিকেন রোস্ট সাদি কাবাব মিক্সড রেজিটেবল সালাদ ডিজার্ট	চ্রাইস পোলাও চিকেন রোস্ট গোট অথবা বিফ কারি মিক্সড রেজিটেবল সালাদ ডিজার্ট	মটর পোলাও চিকেন রোস্ট সাদি কাবাব গোট অথবা বিফ কারি মিক্সড রেজিটেবল সালাদ ডিজার্ট
$ 7.00	$ 8.00	$10.00	$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন-২০২০

(৪৬ পাতার পর)

এলায়েন্সের চেয়ারম্যান নাসির খান পল বলেন, চেইন ইমিগ্রেশনের কারণে আমেরিকার মতো উন্নত দেশে চলে আসছে অশিক্ষিত ও জঙ্গীমনোভাবের নানান শ্রেণীর মানুষ। ট্রাম্প মেধার ভিত্তিতে ইমিগ্রান্ট পদ্ধতি করছেন যা আমেরিকার জন্য অপরিহার্য। প্রচলিত আছে ডেমোক্রেটরা অভিবাসীদের কল্যাণে কাজ করে। বাস্তবে এর কোনো ভিত্তি নাই। এই দেশে সবচেয়ে বেশি অভিবাসী এসেছে অপি-ওয়ান এবং ডিবি-ওয়ানের মাধ্যমে। এটি রিপাবলিকানরা করেছে। প্রেসিডেন্টে রিগ্যান যত মানুষকে বৈধতা দিয়েছেন তা অভিবাসী সমাজের অন্তত শতকরা ৬০ ভাগ হবে। বারাক ওবামা তার ৮ বছরে ৪৯ লাখ মানুষকে ডিপোর্টেশন দিয়েছেন। সেই তুলনায় ট্রাম্প দিয়েছেন মাত্র ৩ লাখ।

নাসির খান পল বলেন, কাজ না করে নিজের পরিবারকে শিক্ষিত না করে যারা সরকারের সাহায্যে বেঁচে থাকতে চায় এই দেশ তাদের জন্য না। যারা নিজেদের উন্নয়নের স্বপ্ন দেখে এই দেশে তার সব ধরনের সুযোগ সুবিধা আছে।



আমি ১১টি আমেরিকান নির্বাচনে সম্পৃক্ত ছিলাম। এই নির্বাচনটি খুব গুরুত্বপূর্ণ। করোনা মহামারির কারণে সারা পৃথিবী ক্ষতিগ্রস্ত হয়েছে। তারপরেও আমেরিকা মাথা উঁচু রাখতে ডোনাল ট্রাম্পের বিকল্প নাই। বাঙালী কমিউনিটিতে ব্যাপক হারে রিপাবলিকান সমর্থক বাড়ছে।

অভিবাসী বিষয়ক আইনজীবী অশোক কর্মকার বলেন, কোনো নিরপরাধ ব্যক্তিকে সাধারণত গ্রেফতার করা হয় না। যে কয়টি দেশকে নিষিদ্ধ করা হয়েছে তাতে কোথাও কোনো ধর্মীয় বা জাতিগত পরিচয় বর্ণনা করা হয়নি। পারিবারিক ভিসার ক্ষেত্রে শুধু মেধা নয়; অর্থনৈতিক দিকও বিবেচনা করা হবে। যারা এই দেশে এসে সরকারি সাহায্য নির্ভর হতে পারে তাদের ভিসা দেওয়া হবে না। ট্রাম্প প্রশাসন দিনকে দিন এসাইলামকে কঠিন করে তুলছে। সেই দিক থেকে অভিবাসীদের জন্য বাইডেনই আশার স্থল। যদিও বাঙালীদের ভোটে কোনো প্রার্থীর জয়-পরাজয় নির্ভর করার মতো সংখ্যা আমরা নই।

রিয়েল এস্টেট ব্যবসায়ী রহমান মাহবুবুল বলেন, ট্রাম্পের বিপরীতে বাইডেন খুব দুর্বল প্রার্থী। বাংলাদেশী অনেক মানুষ ট্রাম্পকে ধর্মীয় কারণে ঘৃণা করেন। ট্রাম্প নির্বাচনকে কেন্দ্র করে ইমিগ্রান্ট বিরোধী বক্তব্যও দিয়েছেন। আমার বিশ্বাস জর্জ ডাব্লিউ বুশের মতো তিনিও আপাতত রক্ষণশীলদের খুশি করতে এ ধরনের কথা বলছেন। মূলত তিনি অমানবিক মানুষ নন।

স্কুল শিক্ষক রিফাত জাহান বলেন, দেশটি অভিবাসীদের। পৃথিবীর সব দেশের মানুষ তো শিক্ষিত এবং ধনাঢ্য নয়। শুধুমাত্র এই কারণে তারা তাদের পরিবারের সঙ্গে বসবাস করতে পারবে না? বাইডেন নির্বাচিত হলে আমাদের বসবাস নির্বিঘ্ন হবে। পৃথিবীর নির্যাতিত নিপীড়িত মানুষরা এই দেশকে মানবিক ও আশ্রয় স্থল মনে করে। বাইডেন মধ্যবিত্তসহ সবার জন্য কল্যাণকর। আমি মনে করি এবারের নির্বাচনে বাইডেন বিজয়ী হবেন।







মা-বাবার সঙ্গে অভিমান করে বাংলাদেশী কলেজ ছাত্রের আত্মহত্যা

(৪৬ পাতার পর)

জানা যায়, বাংলাদেশী অধ্যুষিত নিউইয়র্ক সিটির এলমহার্স্টে মা আশুরা বেগম আর বাবা আরিফুল ইসলাম তুহিনের সাথে বাস করতেন আশফাকুল ইসলাম তৃপ্তি। তাদের দেশের বাড়ী বরিশাল সদর। ২০১০ সালে মা-বাবার সাথে যুক্তরাষ্ট্রে এসেছিলেন তৃপ্তি। হাই স্কুল থেকে কৃতিত্বের সাথে গ্র্যাজুয়েশনের পর গত আগষ্টে সে ভর্তি হয় নিউইয়র্ক ইউনিভার্সিটিতে। কিন্তু মহামারী করোনার কারণে ক্লাস শুরু হয়নি।

জানা গেছে, তৃপ্তির মা-বাবা তাদের আমেরিকান স্বপ্ন পূরণের অভিপ্রায়ে পেনসিলভেনিয়া ষ্টেটের ফিলাডেলফিয়ায় একটি বাড়ি ক্রয়ের চেষ্টা করছিলেন। এ নিয়ে তাদের একমাত্র সন্তান তৃপ্তির সাথে মতদ্বৈততা দেখা দিয়েছিল। গত ১৩ সেপ্টেম্বর মা-বাবার সাথে তর্ক-বিতর্কের এক পর্যায়ে তৃপ্তি জ্যাকসন হাইটস সংলগ্ন এলমহার্স্ট'র বাড়ি ত্যাগ করেন। সেটিই ছিল তার শেষ যাত্রা। দুই/তিন দিনেও তৃপ্তির বাড়ী ফিওে না আসা এবং তার কোন সাড়া না পেয়ে পরিবারের পক্ষ থেকে পুলিশে রিপোর্ট করা হয়। অবশেষে ২৬ সেপ্টেম্বর নিউইয়র্কের পুলিশ তাদেরকে জানায় যে, হাডসন নদী থেকে একটি লাশ উদ্ধার করা হয়েছে। সেটি তাদের ছেলের কিনা। এ সময় লাশের একটি ছবিও পাঠানো হয়। তা দেখে মুষড়ে পড়েন মা ও বাবা। জানা গেছে, গত ১৫ সেপ্টেম্বর তৃপ্তির লাশটি নদী থেকে উদ্ধার করা হয়। অর্থাৎ তৃপ্তি বাড়ি ত্যাগের দু'দিন পর। কিন্তু অভিযোগ উঠেছে যে, পুলিশের গড়িমসির কারণে ১০ দিন পর পুত্রের লাশের সন্ধান পেয়েছেন মা-বাবা। এ নিয়ে কমিউনিটিতে ক্ষোভ দেখা দিয়েছে।

এদিকে আশফাকুল ইসলাম তৃপ্তির নামাজে জানাজা গত সোমবার (২৮ সেপ্টেম্বর) জ্যাকসন হাইটস মসজিদে অনুষ্ঠিত হয়। এরপর তার মরদেহ নিউজার্সী মুসলিম কবরস্থানে দাফন করা হয়। উল্লেখ্য, তৃপ্তির বাবা আরিফুল ইসলাম তুহিন নিউইয়র্ক মহানগর বিএনপি'র যুগ্ম সম্পাদক।

শোক প্রকাশ: নিউইয়র্ক মহানগর বিএনপি নেতা আরিফুল ইসলাম তুহিন-এর একমাত্র পুত্র তৃপ্তির অকাল মৃত্যুতে মহানগর বিএনপির সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা, জাসাস কেন্দ্রীয় কমিটির যুগ্ম সম্পাদক গোলাম ফারুক শাহীন, যুক্তরাষ্ট্র শ্রমিক দলের সভাপতি জাহাঙ্গীর আলম প্রমুখ নেতৃবৃন্দ পৃথক পৃথক বিবৃতিতে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। বিবৃতিতে তারা তৃপ্তির বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।

এলাকা অনুযায়ী খ্রীষ্ট ধর্মাবলম্বী চার্চের নাম ও ফোন

উডসাইড-ইউনাইটেড বেঙ্গলী লূথারেন	৯১৭৬০৫৪৫৬৬
উডহ্যাভেন-ক্রাইস্ট বাংলা	৯১৭৬৮৩৩০৫৯
ওজনপার্ক-ফার্স্ট বাংলা	৯১৭২১৬৬৭৫০
করোনা-সহভাগিতা	৯১৭৩৯২৬৭৭৩
করোনা-ইভাঞ্জেলীক্যাল বাংলা	৬৪৬৩৯৯৩৮১২
জ্যাক্সন হাইটস-বাংলা বাইবেল	৩৪৭৭৪৪৫৯৯৩
জ্যাকসন হাইটস-বেথেল ব্যাপ্টিস্ট	৩৪৭৫৭৩৭৫৯৩
ব্রঙ্কস-শেলম ইভাঞ্জেলীক্যাল	৬০৩৮২০০৬৪৯
সানিসাইড-কুইন্স অব এঞ্জেলস	৭১৮৩৯২০০১১
হিলসাইড-ইমাকুলেট কন্সেপশন	৭১৮৭৩৯০৮৮০

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং
ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (individual all States) কর্পোরেশন, পার্টনারশীপ, নন্‌ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ সিটিজেন, গ্রিনকার্ডধারের জন্য পিটিশন, এ্যাফিডেভিট অব সাপোর্ট, বর্ডার পারমিটসহ এর এপ্লিকেশন এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

- বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিস্ট্রেশন
- নোটারী পাবলিক রেজুমী
- দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
- ট্রান্সপোর্টেশন সার্ভিসেস

SNS Authorized *IRS e file* Provider

Electronic Filling & Direct Deposite for Accurate Faster & Secure Refund



অফিস সময়: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৮-বছরের বেশী বিশ্বস্ততার নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম
৩৫-৪৬ ৩১ স্ট্রিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬
ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১
email: snsmaq@aol.com (N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ সাওয়ের নিকটে)

Law Firm of Attorney Najmul Alam





এটর্নী নাজমুল আলম, এটর্নী এট ল'
ইউ,এস, সুপ্রীম কোর্ট

ম্যানহাটন অফিস: (২১২) ৫৯৯-৭২৯৯
(৩৬ ফেডারেল প্লাজার সামনে)
২৯৯ ব্রডওয়ে, সুইট # ১৭০০, নিউইয়র্ক, নিউইয়র্ক ১০০০৭

- Immigration
- Asylum Cases
- Divorce
- Title Insurance
- Real Estate Closing
- Investment Visa E2 EB5
- Deportation Defense
- Criminal Defense Cases
- Citizenship Tests

এসাইলাম, পাবলিক চার্জ, ওয়েভার, সিটিজেনশীপ, মোশন, আপীল সহ সব ধরনের ইমিগ্রেশন কেস।

JUSTICE

Manhattan Office: (212) 599-7299
(In Front of 26 Federal Plaza)
299 Broadway, Suite # 1700, New York, New York 10007

Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিম্নবর্ণী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এ মাসে ৫ পেমেন্ট করে পাচ্ছেন

Wasi Choudhury, *EA*
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

Member: naea e-file



37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377 • Tel: 718-205-3460, 718-440-6712 • Fax: 718-205-3475 • Email: wasichoudhury@yahoo.com

ডা. এটিএম ইউছুফ (স্পপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



স্থান পরিবর্তন

অফিস: ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

● ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, পরিবার এবং ব্যবসার জন্য, প্রি-ক্রুজ সহ ফিজিক্যাল করা হয়।
● ভিসিডোনা এক্সাম, ডিএমভি এক্সাম ও ফুড-হ্যান্ডলারের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
● সুগারের ব্লক পরীক্ষা, ইকোজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
● সকল ধরনের ইন্সুরেন্সের জন্য যে কোনো স্পেশালিস্ট ডাক্তারের প্রয়োজনীয় রেফারেন্স দেয়া হয়।
● অনুগ্রহ করে আমার অফিসে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় ঠিক করে নিন।

ইনকাম ট্যাক্স
INCOME TAX
ইনকাম ট্যাক্স, ইমিগ্রেশন ও ক্লোজড কর্পোরেশনের জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান
দীর্ঘ ১৮ বছর ধরে আমরা আপনাদের সেবায় নিয়োজিত
অতি যত্ন সহকারে আপনাদের নির্ভুল ট্যাক্স রিটার্ন করে দেবার দায়িত্ব আমাদেরকে দিন
শুধু ট্যাক্স ফাইলের সময়েই নয় বরং সারা বছরের ধরেই আমরা আছি আপনাদের পাশে
NOTARY PUBLIC
প্রাইম ব্রোকারেজ
যোগাযোগ: আবুল কালাম
T: 718-274-1908, F: 718-728-2293
email: primebrokerage34@gmail.com
৩৪-০৩ ৩০ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৩
ট্যাক্স ও ইমিগ্রেশনের কাজে প্রয়োজন বিশ্বস্ত প্রতিষ্ঠান,
কারণ আপনার ব্যক্তিগত সকল তথ্যাদি থাকবে প্রতিষ্ঠানটির কাছে।

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
Fully Insured & Licensed by NYS (DMV)



6 Hours
DDC Class
Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ
আবু তাহির হাওলাদার
মোবাইল: 917-301-2063
OPEN 7 DAYS
সৈদ জামসাইদ (আসজদুল্লেটেড)
লিমিটেডকর্পোরেশন ব্রাইটিন, পাইলেন্স পেয়ে
কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে
তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩
● ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন মেরিশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন।
● ইন্টারন্যাশনাল এবং ডিমান্ডটিপ ৫, ১০ ও ২৫ ডলারের প্যাকেজ রিমি।
● এয়ারপোর্টে ● নিজের আসা যোগ টেস্ট এর ব্যবস্থা (পরিবারসহ)
প্রথমবার যোগ টেস্ট দিয়ে যারে পাশ করতে পারেন
সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
● 5 Hours Class Certificate
● Road Lesson Local & H.Way
● Road Test Appointment
● Car for Road Test
যারা পারদর্শে যোগ টেস্ট দিয়ে ড্রাইভ করে নিজে ব্যক্তিগতভাবে আমার কোনো অসুবিধা আছে তাদের জন্য স্পেশাল ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন ১৫ বাংলায় অনুবাদিত লার্নার্স পারমিট বই
Please Call
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave. 2nd fl. Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) বিস্তারিত অফিস এর ঠিকানা



Apna Express Pharmacy Inc.
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি, ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি
TEL. 929-208-0602
DISCOUNT COSMETICS, FILM, COLOGNES, PERFUMES, VITAMINS, NON-PRESCRIPTION DRUGS, HOUSEHOLD GOODS, BABY NEEDS
74-12 37AVE, Jackson Heights, NY 11372,

কাজী আজম ও ফিরোজসহ

(শেষের পাতার পর)

ফিরোজ আহমেদ কভিড হিরো হিসাবে ব্রুকলীন বোরো প্রেসিডেন্ট এরিক এডামস কর্তৃক সম্মাননা লাভ করেছেন। কভিড চলাকালে জীবনের ঝুঁকি নিয়ে যে সকল নেতৃবৃন্দ ও সমাজ কর্মী নানানভাবে মানুষের পাশে দাঁড়িয়েছেন তাদের থেকে বাছাই করে শ্রেষ্ঠ ৮২ জনকে এই সম্মননা প্রদান করা হয়। বিভিন্ন জাতি, গোষ্টি, শ্রেণি পেশার মানুষ যারা সরাসরি মানবসেবায় জড়িত ছিলেন তাদের মধ্যে থেকে এই বাছাই অনুষ্ঠিত হয়। বাংলাদেশীদের মধ্যে মাত্র দুইজন কাজী আজম ও ফিরোজ আহমেদ এই সম্মননা লাভ করেন। ভারত, পাকিস্তান, নেপাল, জুইশ কমিউনিটি, আফ্রিকান কমিউনিটিসহ মোট ৮২ জন এই সম্মননা লাভ করেন।

ব্রুকলীনের বোরো হল ও সুপ্রিম কোর্ট চত্তরে গত ২২ সেপ্টেম্বর এক জাকজমকপূর্ণ অনুষ্টানের মাধ্যমে বোরো প্রেসিডেন্ট সকলকে এই সম্মননা প্রদান করেন। এসময় সকল দেশী এবং বিদেশী মিডিয়া উপস্থিত ছিলো। উল্লেখ্য, পেনডামিক চলাকালে ফোবানার পক্ষে নিউইয়র্ক এর বিভিন্ন বোরোতে মোট ৮টি লোকেশনে কভিড ও এন্টি বডি টেস্ট, নিজস্ব তহবিল থেকে কয়েকশ পরিবারকে ফুড বক্স বিতরণ, মাস্ক বিতরন ও কমিউনিটির সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভার্চুয়াল মিটিং এই সম্মননা লাভে মূলত গুরত্ব পায়। এই পুরো কার্যক্রমে ফোবানার সকল কর্মকর্তা পূর্ণ সহযোগিতা প্রদান করেন। বিশেষ করে ফোবানার চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান, ভাইস চেয়ারম্যান আলী ইমাম শিকদার, ফোবানা কনভেনশন কনভেনর শাহ নেওয়াজ, নিশান রহীম, কাজী ওয়াহেদ এলিন, সৈয়দ এনায়েত আলী, মাকসুদুল হক চৌধুরী সার্বক্ষনিক সহযোগিতা প্রদান করেন।

এদিকে ফোবানা চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান ফোবানার এই দুই কর্মকর্তাকে সমাজ কর্মের স্বীকৃতি স্বরূপ এই সম্মননা প্রদান করায় বোরো প্রেসিডেন্ট এরিক এডামসকে ধন্যবাদ জানান ।

আরো উল্লেখ্য, সম্মাননাপ্রাপ্ত কাজী আজম ও ফিরোজ আহমেদ দীর্ঘদিন নানাভাবে এই কমিউনিটিতে সমাজ সেবায় জড়িত। কাজী আজম ফোবানার সেক্রেটারী, বাংলাদেশ আমেরিকান এডুকেশন সোসাইটির সভাপতি, বাংলাদেশ সোসাইটির সাবেক সাংগঠনিক সম্পাদক, চট্টগ্রাম সমিতি ইউএসএ'র সাবেক সভাপতি, ৬৬ প্রিসিন্ট এর ট্রেজারার সহ বিভিন্ন সমাজ সেবামূলক কাজে জড়িত।

অপরদিকে ফিরোজ আহমেদ ২০১৯ সালের সফল ফোবানা সম্মেলনের মেম্বার সেক্রেটারী, বাংলাদেশ সোসাইটির দুই দুই বারের নির্বাচন কমিশনার, সন্দীপ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ও প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ আমেরিকান এডুকেশন সোসাইটি সাধারণ সম্পাদক সহ ভিবিন্ন সমাজ সেবা মূলক কাজে জড়িত ।

'ব্যক্তি অনুগতদের' দলে না নেয়ার নির্দেশনা

(প্রথম পাতার পর)

সম্বল, সেটাই আমাদের শক্তি। করোনাকালীন দলের ৫২২ জন নেতাকর্মী মৃত্যুবরণ করেছে উল্লেখ করে তিনি বলেন, এতো বড় আত্মত্যাগ আর কোনো দল কিন্তু করেনি।

প্রধানমন্ত্রী এবং আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা শনিবার গণভবনে আওয়ামী লীগের কার্যনির্বাহী সংসদের সভার শুরুতে দেয়া ভাষণে এসব কথা বলেন। তিনি বলেন, সরকার করোনাভাইরাস মোকাবিলার পাশাপাশি দেশের অর্থনীতিকে সচল রাখার জন্য প্রাণপণ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। সার্বিকভাবে দুর্যোগ (মহামারি) মোকাবিলা এবং দেশকেও সচল রাখা- এই সব ধরনের কাজই আমরা করে যাচ্ছি। তিনি এ সময় দলের নেতাকর্মীদের সবসময় জনগণের পাশে থাকারও পরামর্শ দেন। ভূমিহীন এবং নদী ভাঙনে ক্ষতিগ্রস্তদের সরকার যাতে সহায়তা করতে পারে সেজন্য বাজেটে বরাদ্দ রেখেছে উল্লেখ করে তিনি বলেন, মুজিববর্ষে আমাদের ঘোষণা প্রত্যেক গৃহহীনকে আমরা ঘর করে দেবো। প্রধানমন্ত্রী বলেন, একদিকে করোনা, তারমধ্যে এলো ঘূর্ণিঝড় (আম্ফান) এবং বন্যা, সব মিলিয়ে সারা দেশের মানুষ একটা দুর্বিষহ অবস্থার মধ্যে ছিল। কিন্তু সে সময় আমাদের দল এবং সহযোগী সংগঠনের নেতাকর্মীরা জীবনের ঝুঁকি নিয়ে প্রত্যেক এলাকায় জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে মানুষের পাশে ছিল। যারা হাত পাততে পারেন না এমন সব মানুষের কাছে এসব নেতাকর্মীরা রিলিফ পৌঁছে দিয়েছে, চিকিৎসাসেবা পৌঁছে দিয়েছে, এমনকি মৃতদেহ সৎকারেও অংশ নিয়েছে। এসবের খবর গণমাধ্যমগুলোতে না এলেও তার কাছে সেই তথ্য রয়েছে উল্লেখ করে তিনি এজন্য দল এবং সহযোগী সংগঠনের সর্বস্তরের নেতাকর্মী এবং প্রশাসনে থাকা ব্যক্তিবর্গসহ সশস্ত্র বাহিনী, পুলিশ, বিজিবি, আনসার ও ভিডিপিসহ প্রত্যেকে আন্তরিকতার সঙ্গে কাজ করায় তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। সকলে একযোগে এভাবে আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনকে তিনি নজিরবিহীন বলেও উল্লেখ করেন। তিনি বলেন, আমার মনে হয়, একমাত্র আওয়ামী লীগ সরকার ক্ষমতায় ছিল বলেই মানুষ এই সহযোগিতা পেয়েছে।

প্রধানমন্ত্রী এ সময় বিএনপি'র করা ঢালাও সমালোচনার দিকে ইঙ্গিত করে বলেন, অনেকেরই আমরা ভাষণ শুনি। অনেকে অনেক কথা বলে বা যেগুলো আমরা করে ফেলি বা নির্দেশনা দেই বা পদক্ষেপ নেই, তার ওপর আবার অনেককেই উপদেশ দিতেও দেখেছি। তার সরকারের করে দেয়া স্বাধীন মতপ্রকাশের অপব্যবহার করে অনেকেই পত্র-পত্রিকায় এবং 'মিডিয়া টকশো'তে সরকারের বিষোদ্গার করে (অনবরত) গেলেও মানুষের পাশে দাঁড়ায়নি। কেউ আবার বিচার করে আওয়ামী লীগ কতটুকু করলো, আর কতটুকু করলো না। কিন্তু আয়নায় তারা নিজেদের চেহারা দেখে না। দেশের বিভিন্ন এনজিও'র করোনাকালীন কোনো ভূমিকা না থাকার সমালোচনা করে প্রধানমন্ত্রী বলেন, এ দেশে তো গরিব মানুষকে সেবা করার অনেক রকম প্রতিষ্ঠান, অনেক রকম কার্যক্রম আমরা দেখি। কিন্তু এই করোনাকালীন সময়ে তাদের কোনো কার্যক্রম আমরা দেখি নাই। এটা হলো বাস্তবতা। তখন সবাই ঘরে, মানুষের পাশে আর কেউ নাই। তবে, মানুষের পাশে আওয়ামী লীগ থেকেছে। কারণ এটা জনগণের সংগঠন।

করোনার কারণে বিশ্ব অর্থনীতি স্থবির হয়ে পড়লেও বাংলাদেশে অর্থনীতির চাকা সচল রাখতে সরকারের সময়োচিত পদক্ষেপের উল্লেখ করে সরকার প্রধান বলেন, ৫ লাখ কোটি টাকার উপরে বাজেট দিয়েছি, যেটা একটা কঠিন কাজ ছিল। আমরা বলেছি- খরচ করবো সীমিত আকারে, যেটুকু প্রয়োজন সেটুকু। কিন্তু অর্থনীতি গতিশীল রাখার জন্য বাজেট আমরা ঠিক রেখেছি। তিনি বলেন, তারা সেভাবে কাজ করেছে বলেই আমরা এই করোনাকে নিয়ন্ত্রণে রাখতে পেরেছি। করোনাকালীন বিভিন্ন দেশে লকডাউনের সময় প্রবাসী শ্রমিকদের জন্য বিদেশে আর্থিক সাহায্য পাঠানোর পাশাপাশি বিশেষ বিমান পাঠিয়ে বিভিন্ন দেশ থেকে তাদের দেশে ফিরিয়ে আনার তথ্য উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, আমরা মানুষকে মানুষ হিসেবেই দেখি। তারা তো আমাদের দেশের নাগরিক। কাজেই তাদের ভালোমন্দ আমাদেরই দেখতে হবে। করোনাকালীন বিভিন্ন স্থানে সশরীরে যাওয়া না গেলেও সরকারের করে দেয়া ডিজিটাল বাংলাদেশের সুবিধা নিয়ে দলের সাংগঠনিক কর্মকাণ্ড বাড়ানোর উপরও গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, সাংগঠনিক শক্তি হচ্ছে সবচেয়ে বড়। তৃণমূল পর্যায় পর্যন্ত যে আওয়ামী লীগের সাংগঠনিক শক্তি রয়েছে সেটা করোনা মোকাবিলায় যখন মাঠে নেমেছে, তখনই প্রমাণিত হয়েছে। করোনাকালীন দলের ৫২২ জন নেতাকর্মী মৃত্যুবরণ করেছে উল্লেখ করে তিনি বলেন, এত বড় আত্মত্যাগ আর কোনো দল কিন্তু করেনি।

শেখ হাসিনা বলেন, জাতির পিতা যে স্বাধীনতা এনে দিয়ে গেছেন সেই স্বাধীনতার সুফল যেন প্রত্যেকের দোরগোড়ায় পৌঁছতে পারে সেজন্য আওয়ামী লীগের নেতাকর্মীরা দিন-রাত পরিশ্রম করে যাচ্ছে। জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ যেন আমরা গড়তে পারি সেটাই আমাদের একমাত্র লক্ষ্য। আওয়ামী লীগ সভাপতি বলেন, বিভিন্ন জায়গায় সম্মেলন হলেও হয়তো করোনার কারণে কমিটি আমরা করতে পারিনি। খোঁজ নিতে কিংবা যেতে পারিনি। কাজেই আমার মনে হয় এখন একটা সময়, সেসব কাজগুলো আমরা করতে পারবো।

প্রথম পরামর্শক বাংলাদেশী ডা. মাসুদুল হাসান

(শেষের পাতার পর)

রোগীরা সুস্থ হচ্ছেন। ওষুধটি প্রাথমিক ব্যবহারেই সুফল পাচ্ছেন করোনা আক্রান্ত রোগীরা- এমনটাই দাবি করছেন তিনি। গত ২৯ সেপ্টেম্বর একটি টেলিভিশন চ্যানেলকে দেয়া সাক্ষাৎকারে তিনি এই তথ্য তুলে ধরেন। ডা. হাসান এমন অনেক প্রতিকূলতার মধ্যে যখন 'ইভারমেকটিন'-এর কার্যকারিতা ও সুফল ব্যাখ্যা করছিলেন ঠিক তখন জনস হপকিন্স-এ 'ইভারমেকটিন'র ওপর ক্লিনিক্যাল ট্রায়াল দিয়ে শত ভাগ ভালো ফল পাওয়া যায়। এরপর অস্ট্রেলিয়া, কানাডা, ভারত, সুইজারল্যান্ড, ব্রাজিলসহ অনেক দেশে ক্লিনিক্যাল ট্রায়ালে 'ইভারমেকটিন'র শতভাগ কার্যকারিতা পাওয়া যায় বলে প্রফেসর হাসান জানিয়েছেন। অধ্যাপক থমাস বরোডি এই 'ইভারমেকটিন' ওষুধটির অনুমোদন দেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও ফেডারেল ড্রাগ এডমিনিস্ট্রেশনের সঙ্গে কাজ করার সময়। পেরু বিশ্ববিদ্যালয়, বাগদাদ বিশ্ববিদ্যালয় 'ইভারমেকটিন' ব্যবহার শুরু করেছে।

এ ছাড়া থাইল্যান্ড, মুম্বই, ডোমিনিক্যান রিপাবলিকসের বৃহৎ হাসপাতালগুলোও 'ইভারমেকটিন'-এর প্রয়োগ শুরু করে সুফল পাচ্ছে। এমনকি আন্তর্জাতিক উদরাময় রোগ গবেষণা কেন্দ্র আইসিডিডিআর,বি'ও 'ইভারমেকটিন'-এর কার্যকারিতা পেয়েছে। ডা. মাসুদুল হাসান ঢাকা মেডিকেল কলেজ থেকে ১৯৭৫ সালে এমবিবিএস পাস করেন। তিনি একজন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং শহীদ পরিবারের সন্তান। বর্তমানে তিনি নিউ ইয়র্কে মেট্রোপলিটন লারনিং ইনস্টিটিউটে অধ্যাপক ও পরিচালক হিসেবে কাজ করে যাচ্ছেন। এর আগে তিনি ভারতীয় হাইকমিশনে হৃদরোগ কনসালটেন্ট হিসেবে কাজ করেন। প্রফেসর ডা. মাহসুদুল হাসান যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা ও শেখ কামাল স্মৃতি পরিষদ ইউএস-এর সভাপতি হিসেবে কাজ করছেন।

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh, Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-3561

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হেপ্স ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

নিউইয়র্কে প্রতিবাদ ও মানববন্ধন

ধর্ষকের সর্বোচ্চ শাস্তি দাবী



বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশে ধর্ষকের সর্বোচ্চ শাস্তির দাবিতে নিউইয়র্কে প্রতিবাদ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় গত ২৯ সেপ্টেম্বর মঙ্গলবার সন্ধ্যায় নিউইয়র্কের সচেতন প্রবাসী বাংলাদেশীরা এ সভার আয়োজন করেন। এতে সর্বস্তরের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ তাদের দাবী-দাওয়া সম্বলিত পোস্টার ও ব্যানার নিয়ে অংশ নেন। সভায় বক্তারা যার যার অবস্থান থেকে প্রতিবাদ সমাবেশ না করতে পারলেও সামাজিক যোগাযোগমাধ্যমে ধর্ষণের বিরুদ্ধে প্রতিবাদ অব্যাহত রাখতে হবে। ধর্ষকরা যত শক্তিশালী হোক, তাদের প্রতিহত করতে হবে। এজন্য সমাবেশ থেকে সামাজিকভাবে তীব্র প্রতিবাদ, প্রতিরোধ আরো জোরদার করার আহ্বান জানানো হয়। বক্তারা বলেন, ধর্ষণের বিচার না হওয়ায় বাংলাদেশে ধর্ষণের ঘটনা বেড়ে যাচ্ছে। তাই ধর্ষণের এমন দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে যেন কেউ ধর্ষণ করার সাহস না পায়।

প্রতিবাদ ও মানববন্ধন কর্মসূচীর সমন্বয়কারী তোফাজ্জল লিটনের সঞ্চালনায় সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মুজাহিদ আনসারী, সাংবাদিক, লেখক ও গীতিকার দর্পণ কবীর, শিল্পকলা একাডেমি নিউইয়র্ক'র সাধারণ সম্পাদক মনিকা রায়, আবৃত্তি শিল্পী কান্তা কাবির, লেখক আসলাম আহমাদ খান প্রমুখ বক্তব্য রাখেন।

সমাবেশে নাজমুল আহসান বলেন, যারা কু-দৃষ্টি দিয়ে, গালাগাল করে এবং অশালীন অঙ্গভঙ্গি করে নারীদের মানসিকভাবে ধর্ষণ করে তাদের বিরুদ্ধেও প্রতিরোধ গড়ে তুলতে হবে।

মুজাহিদ আনসারী বলেন, যারা ইনিয়ে-বিনিয়ে ধর্ষকদের সমর্থনে কথা বলেন, পোশাককে দায়ী করে ধর্ষকদের বাঁচাতে চান, তাদের বিরুদ্ধেও সোচ্চার হতে হবে। বাংলাদেশের প্রত্যেকটি ধর্ষণ ঘটনার সুষ্ঠু ও সর্বোচ্চ বিচার দাবি করছি আমরা।

দর্পণ কবীর বলেন, এই বৈরী আবহওয়ায় আমরা এখানে ২৫-৩০ জন উপস্থিত হলেও আমি মনে করি এখানে পুরো বাংলাদেশ দাঁড়িয়ে আছে। সব বিষয়ে কেন প্রধানমন্ত্রীকেই হস্তক্ষেপ করতে হবে? অন্যান্য মন্ত্রী এমপিরা কী করেন? স্থানীয় নেতারা এর বিরুদ্ধে প্রতিরোধ ও সচেতনতা গড়ে তুলছেন না কেন। অপরাধীদের সামাজিকভাবে বয়কট করতে হবে। আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হলে এসব অপরাধ কমবে বলে আমি বিশ্বাস করি।

মনিকা রায় বলেন, দেশের প্রধানমন্ত্রী এবং অনেক গুরুত্বপূর্ণ দায়িত্বে নারী নেত্রীরা আছেন। অথচ সারা দেশে ক্রমাগত ধর্ষণ বেড়েই চলেছে। আমি ধর্ষকদের সর্বোচ্চ শাস্তি দাবি করছি।

কান্তা কাবির বলেন, আমি শুধু একটাই কথা বলব, ধর্ষণের শাস্তি হওয়া উচিত মৃত্যুদন্ড।

আসলাম আহমাদ খান বলেন, দেশে কুকুর নিধনের চেয়ে ধর্ষক নিধন জরুরী।


বাংলাদেশ গণজাগরণ মঞ্চের প্রতিষ্ঠাতা সংগঠক সৈয়দ জাকির আহমেদ রনি, কুইন্স বাংলাদেশ সোসাইটির অন্যতম উপদেষ্টা তোফায়েল চৌধুরী, লেখিকা শেলী জামান খান, নির্মাতা রহমান টিটো সহ সীমা সুস্মিতা, জুয়েল মালিক, জুলিয়েট রোজারিও, বিভাষ মল্লিক, শেখ শোয়েব সাজ্জাদ, ইলা সরকার, বিউটি খানম প্রতিবাদ ও মানববন্ধনে উপস্থিত থেকে একাত্মতা ঘোষণা করেন। প্রতিবাদ সমাবেশের পোস্টার এঁকেছেন শান্তি নিকেতনের ছাত্র রিফাত বিন সালাম।



নাসির খান পল



প্রিয়তোষ



মুস্তাক

'বাংলাদেশীস ফর ট্রাম্প-২০২০' এর কমিটি গঠিত

নাসির খান পল চেয়ারম্যান প্রিয়তোষ সচিব মুস্তাক প্রধান সম্বয়কারী

নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশী-আমেরিকান রিপাবলিকান অ্যালায়েন্স-এর এক ভার্চুয়াল সভায় 'বাংলাদেশী আমেরিকান রিপাবলিকান অ্যালায়েন্স ইউএসএ ইনক' প্রতিষ্ঠার পাশাপাশি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সমর্থনে 'বাংলাদেশীস ফর ট্রাম্প-২০২০' নামে একটি কমিটি গঠন করা হয়েছে। নবগঠিত এই কমিটির চেয়ারম্যান নাসির আলী খান পল, সাধারণ সম্পাদক প্রিয়তোষ দে আর প্রধান সমন্বয়কারী মুস্তাক চৌধুরী। সভায় আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে বাংলাদেশী রিপাবলিকান সমর্থকদের ব্যাপক উপস্থিতি নিশ্চিত করতে কর্মপন্থা নির্ধারণ করা হয়। সভায় বক্তারা বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প-এর 'মেক আমেরিকা গ্রেট এগেইন' কর্মসূচীর সফল বাস্তবায়নে তাঁর সাথে থাকার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়াও বক্তারা যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক উন্নয়ন ও চায়নার আগ্রাসন থেকে আমেরিকা তথা পৃথিবীকে রক্ষা করতে নভেম্বরের নির্বাচনে ভোট দিয়ে প্রেসিডেন্ট ট্রাম্পকে পুনরায় নির্বাচিত করতে বাংলাদেশী-আমেরিকানদের প্রতি আহবান জানান। খবর ইউএনএ'র।

জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ কুস্তরী পার্টি হলে গত ২৬ সেপ্টেম্বর শনিবার সন্ধ্যায় আয়োজিত রিপাবলিকানদের সভার শুরুতে ইন্টারফেইথ কোঅর্ডিনেটর ইমাম কাজী কায়্যুম সভার সভাপতি প্রবীণ প্রবাসী ও বিশিষ্ট ব্যবসায়ী এবং ফার্মাসিস্ট নাসির আলী খান পল-কে 'নিউইয়র্ক ফর ট্রাম্প-২০২০' লেখা সম্বলিত ক্যাপ পরিয়ে সভাপতির আসনে তাকে অলংকৃত করেন। এরপর ট্রাম্প সমর্থক খসরুল আলম-এর সঞ্চালনায় সভায় পবিত্র কুরআন থেকে তেলওয়াত করেন ও ইসলামের আলোকে রিপাবলিকান পার্টি তথা প্রেসিডেন্ট ট্রাম্প এর প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন রিপাবলিকান সমর্থক ইমাম কাজী কাইয়ুম। জুম অ্যাপের ভার্চুয়াল ভিডিও সভায় উপস্থিত থেকে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে বক্তব্য রাখেন ডা. ওয়াদুদ ভূঁইয়া, গিয়াস আহমেদ, নির্মল পাল, ইসমাঈল খান আনসারী, কাজী কাইয়ুম, এস এম ইকবাল, প্রিয়তোষ দে, হাবিবুর রহমান, রাজ চৌধুরী, মাহবুবুল আলম, মুনির হোসেন, রিনা আবেদিন, ফাহাদ, বিন মাহবুব, পবন সাহা প্রমুখ। সভা শেষে নাসির খান পল পল ইউএনএ প্রতিনিধিকে জানান, এই প্রথম বাংলাদেশী আমেরিকান কমিউনিটি রিপাবলিকান পার্টির পতাকাতলে ঐক্যবদ্ধ হলেন। তিনি সকল বাংলাদেশী রিপাবলিকাদের উল্লেখিত সংগঠনে যোগ দেয়ার আহ্বান জানান। তিনি বলেন, আমরা ক্ষমতাসীন রিপাবলিকান সরকার-কে ভোট দিয়ে আরো শক্তিশালী করার মধ্য দিয়ে বাংলাদেশী কমিউনিটির জীবনযাত্রকে আরো সমৃদ্ধ করতে চাই। সভায় গঠিত 'বাংলাদেশীস ফর ট্রাম্প-২০২০' কমিটির মনোনীত কর্মকর্তারা হলেন: চেয়ারম্যান- নাসির আলী খান পল, কো চেয়ারম্যান- বিদ্যুৎ সরকার, ইসমাইল খান আনসারী, এস এম ইকবাল, চীফ কোঅর্ডিনেটর- মুস্তাক চৌধুরী, রিজিওনাল কোঅর্ডিনেটর- খসরুল আলম, আলতাফ হোসেন, ভজন সরকার, গোবিন্দ বানিয়া, আকরামুজ্জামান, প্রকাশ গুপ্ত, হাবিবুর হাবিব, ইমাম কাজী কাইয়্যুম ও মনির হোসেন, সদস্য সচিব- প্রিয়তোষ দে, সহকারী সদস্য সচিব- দীপক দাস, টেজারার- নির্মল পাল, সহকারী ট্রেজারার সামার রায়, লিয়াজো কর্মকর্তা- সাঈদা হোসেন এবং বোর্ড মেম্বার যথাক্রমে টমাস দ্লু রায়, মোহাম্মদ মারুফ, সাদেক আহমেদ, মোস্তফা, তারেক, প্রণব চক্রবর্তী ও পরেশ ধর।

নির্জন কনডেম সেলে

(প্রথম পাতার পর)

জেলা কারাগারের কনডেম সেলে রাখা হয়েছে। এই কনডেম সেলে রিফাত হত্যার ছয় আসামি ছাড়া অন্য কোনো বন্দিই নেই বলে জানিয়েছেন বরগুনা জেলা কারাগারের তত্ত্বাবধায়ক (জেল সুপার) মো. আনোয়ার হোসেন।

তিনি বলেন, এই মুহূর্তে বরগুনার কারাগারে নারী বন্দিদের মধ্যে একমাত্র মিন্নিই নির্জন কনডেম সেলে আছেন। মিন্নি ব্যতীত বরগুনার কারাগারের কনডেম সেলে অন্য কোনো নারী বন্দি নেই। এ ছাড়া রিফাত হত্যা মামলায় ফাঁসির দণ্ডপ্রাপ্ত অপর পাঁচ পুরুষ আসামিকেও কনডেম সেলে রাখা হয়েছে। এই পাঁচ পুরুষ বন্দি ব্যতীত বরগুনা কারাগারের কনডেম সেলে আর অন্য কোনো পুরুষ বন্দিও নেই বলে উল্লেখ করেন জেল সুপার।

মো. আনোয়ার হোসেন বলেন, 'মিন্নিকে রাখা হয়েছে নারী ওয়ার্ডের কনডেম সেলে। আর পুরুষ বন্দিরা আছেন পুরুষ ওয়ার্ডের কনডেম সেলে।'

তারা কনডেম সেলে মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছেন জানিয়ে এই জেল সুপার আরো বলেন, কারাবিধি অনুযায়ী ছয় বন্দিকেই কনডেম সেলে থালা, বাটি ও কম্বল দেওয়া হয়েছে। এ ছাড়া প্রতি আসামিকে কারাগারের পক্ষ থেকে দুই সেট পোশাক দেওয়া হয়েছে। এ পোশাক তারা পরিধান করবেন। উল্লেখ্য, বর্তমানে দেশের বিভিন্ন কারাগারে ৪৯ জন নারী ফাঁসির দণ্ড মাথায় নিয়ে কনডেম সেলের বাসিন্দা। ফাঁসির দণ্ডপ্রাপ্তদের থাকার এই সেলের সর্বশেষ বাসিন্দা হয়েছেন বরগুনার আয়েশা সিদ্দিকা মিন্নি। আলোচিত রিফাত শরীফ হত্যা মামলায় তাঁর স্ত্রী আয়েশা সিদ্দিকা মিন্নিসহ ছয় আসামিকে মৃত্যুদণ্ড দেন আদালত। একই সঙ্গে পলাতক একজনসহ বাকি চার আসামি খালাস পেয়েছেন রায়ে।

শনিবার বরগুনার জেলা ও দায়রা জজ মো. আছাদুজ্জামান চাঞ্চল্যকর এ হত্যা মামলার রায় ঘোষণা করেন। মৃত্যুদণ্ডের পাশাপাশি ছয় আসামির সবাইকে ৫০ হাজার টাকা করে জরিমানা করেছেন আদালত। এ হত্যার ঘটনায় পুলিশ ২৪ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দিলেও তার মধ্যে প্রাপ্তবয়স্ক ১০ আসামির বিচার চলে এ আদালতে।

১৫ মাস আগে বরগুনা জেলা শহরের কলেজ রোডে প্রকাশ্যে রিফাত শরীফকে তিন যুবকের রামদা দিয়ে কোপানোর ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে স্তম্ভিত হয়ে যায় গোটা দেশ। দাবি ওঠে আসামিদের দৃষ্টান্তমূলক শাস্তির। মৃত্যুদণ্ডপ্রাপ্ত ছয় আসামি হলেন- রাকিবুল হাসান ওরফে রিফাত ফরাজী (২৩), আল কাইয়ুম ওরফে রাব্বি আকন (২১), মোহাইমিনুল ইসলাম সিফাত (১৯), রেজোয়ান আলী খান হৃদয় ওরফে টিকটক হৃদয় (২২), মো. হাসান (১৯) এবং রিফাত শরীফের স্ত্রী আয়েশা সিদ্দিকা মিন্নি (১৯)। এ ছাড়া হত্যাকাণ্ডে সংশ্লিষ্টতা প্রমাণিত না হওয়ায় খালাস পাওয়া চার আসামি হচ্ছেন- মুসা (২২), রাফিউল ইসলাম রাব্বি (২০), সাগর (১৯) ও কামরুল হাসান সায়মুন (২১)।

এর মধ্যে মুসা এখনো পলাতক। গতকাল রাতে খালাস পাওয়া চার আসামির মধ্যে কারাগারে থাকা তিনজন মুক্তি পেয়েছেন। এ মামলার অন্যতম আসামি সাব্বির আহমেদ ওরফে নয়ন বন্ড পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত হওয়ায় অভিযোগপত্র থেকে অব্যাহতি দেওয়া হয়েছিল তাকে। রিফাতের স্ত্রী বরগুনার সরকারি কলেজের ডিগ্রি প্রথম বর্ষের ছাত্রী মিন্নিকে হামলার মুখে স্বামীকে বাঁচানোর প্রাণপণ চেষ্টা করতে দেখা গিয়েছিল ভিডিওতে। তিনি ছিলেন মামলার এজাহারের এক নম্বর সাক্ষী। কিন্তু তদন্তের পর হঠাৎ পুলিশ মামলার অভিযোগপত্রে মিন্নির নাম যুক্ত করে আসামির তালিকায়।

রায়ে আদালত বলেছেন, মিন্নিও যে তার স্বামীকে হত্যার ষড়যন্ত্রে যুক্ত ছিলেন, প্রসিকিউশন তা প্রমাণ করতে পেরেছে। রায়ের পর্যবেক্ষণে আদালত বলেছেন, 'রিফাত হত্যা মামলার আসামিদের নির্মম বর্বরতা ও নির্মমতা মধ্যযুগীয় কায়দাকেও হার মানিয়েছে। এদের দৃষ্টান্তমূলক শাস্তি না দিলে তাদের অনুসরণ করে অন্য যুবকরাও ধ্বংসের পথে যাবে। এসব আসামি সর্বোচ্চ শাস্তি পাওয়ার যোগ্য।'

রায় ঘোষণার সময় আদালতে রাষ্ট্রপক্ষে উপস্থিত ছিলেন পাবলিক প্রসিকিউটর (পিপি) ভুবন চন্দ্র হাওলাদার এবং মিন্নির পক্ষে আইনজীবী মাহবুবুল বারী আসলাম। এ ছাড়া আসামিপক্ষের অন্য আইনজীবীরাও উপস্থিত ছিলেন। চাঞ্চল্যকর এ মামলার রায় ঘোষণাকে কেন্দ্র করে গতকাল ভোর থেকেই বরগুনার আদালত এলাকায় নেওয়া হয় কড়া নিরাপত্তাব্যবস্থা। বাড়ানো হয় পুলিশি টহল। বসানো হয় নিরাপত্তা চৌকি।

সকাল ৮টা ৫২ মিনিটের দিকে বাবার সঙ্গে মোটরসাইকেলে বরগুনা জেলা ও দায়রা জজ আদালতে আসেন মামলার সাক্ষী থেকে আসামি হওয়া আয়েশা সিদ্দিকা মিন্নি। এরপর সকাল ১১টা ৪০ মিনিটে বরগুনা জেলা কারাগার থেকে প্রিজন ভ্যানে মামলার আট আসামিকে বরগুনা জেলা ও দায়রা জজ আদালতে নিয়ে আসা হয়। রায় ঘোষণার পর মিন্নিকে কালো রঙের মাইক্রোবাসে করে আদালত থেকে কারাগারে নিয়ে যাওয়া হয়। দণ্ডিত বাকি আসামিদের কারাগারে নেওয়া হয় প্রিজন ভ্যানে।

গত বছরের ২৬ জুন সকালে বরগুনা সরকারি কলেজের সামনে কিশোর গ্যাং বন্ড বাহিনী কুপিয়ে গুরুতর জখম করে রিফাত শরীফকে। চিকিৎসাধীন অবস্থায় ওই দিন বিকেলেই বরিশাল শেরেবাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন রিফাত। পরদিন ২৭ জুন রিফাতের বাবা মো. আবদুল হালিম দুলাল শরীফ বাদী হয়ে ১২ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরো পাঁচ থেকে ছয়জনের বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করেন। ঘটনার ছয় দিন পর ২ জুলাই ভোররাতে পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত হন এ মামলার আলোচিত প্রধান আসামি সাব্বির আহমেদ নয়ন ওরফে নয়ন বন্ড। তদন্ত শেষে গত বছরের ১ সেপ্টেম্বর বরগুনার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ২৪ জনকে অভিযুক্ত করে প্রাপ্তবয়স্ক এবং অপ্রাপ্তবয়স্ক দুই ভাগে বিভক্ত করে দুটি তদন্ত প্রতিবেদন দাখিল করে পুলিশ। এর মধ্যে ১০ জন প্রাপ্তবয়স্ক আসামি এবং ১৪ জন অপ্রাপ্তবয়স্ক। নয়ন বন্ড বন্দুকযুদ্ধে নিহত হওয়ায় অভিযোগপত্রে মামলা থেকে অব্যাহতি দেওয়া হয় তাকে। পরে চলতি বছরের ১ জানুয়ারি বরগুনার জেলা ও দায়রা জজ আদালতে অভিযোগ গঠনের মধ্য দিয়ে মামলাটির বিচার শুরু হয়। ৮ জানুয়ারি থেকে প্রাপ্তবয়স্ক ১০ আসামির বিরুদ্ধে সাক্ষ্য গ্রহণ শুরু হয়। ২৫ ফেব্রুয়ারি এ মামলার ৭৬ জন সাক্ষীর জবানবন্দি নেওয়ার মধ্য দিয়ে প্রাপ্তবয়স্ক আসামিদের বিরুদ্ধের সাক্ষ্য গ্রহণ সম্পন্ন করেন আদালত। ১৬ সেপ্টেম্বর উভয় পক্ষের যুক্তি-তর্ক শেষে প্রাপ্তবয়স্ক ১০ আসামির রায় ঘোষণার জন্য ৩০ সেপ্টেম্বর দিন ধার্য করা হয়।

যুক্তরাজ্যের ভিসা পেতে খালেদা জিয়ার

(প্রথম পাতার পর)

ব্রিটিশ হাইকমিশনার রবার্ট ডিকসন জানিয়েছেন, যুক্তরাজ্যের ভিসা পেতে খালেদা জিয়ার কোনো বাধা নেই। বুধবার কূটনৈতিক প্রতিবেদকদের সংগঠন ডিক্যাবের একটি অনুষ্ঠানে খালেদা জিয়ার যুক্তরাজ্যের ভিসা পাওয়া নিয়ে এই মন্তব্য করেন রবার্ট। এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, 'খালেদা জিয়ার পরিবার যুক্তরাজ্যে আছে, ভিসা পেতে যুক্তরাজ্য সরকারের পক্ষ থেকে কোনো বাধা নেই।' খালেদা জিয়া চাইলেও বিদেশ যেতে পারবেন না। এজন্য তাকে সরকারের কাছে আবেদন করতে হবে। সরকার অনুমতি দিলেই কেবল তিনি বিদেশ যেতে পারবেন। তাই তার বিদেশ যাওয়াটা অনেকটা সরকারের ইচ্ছা-অনিচ্ছার ওপর নির্ভর করছে।

এর আগে দুর্নীতির মামলায় দুই বছরের বেশি সময় জেল খাটার পর গত ২৫ মার্চ সরকারের নির্বাহী আদেশে মুক্তি পান খালেদা জিয়া।শর্ত সাপেক্ষে সরকারের নির্বাহী আদেশে সাজা স্থগিত করে ছয় মাসের জন্য সরকার খালেদা জিয়াকে মুক্তি দেয়। পরে আরও ছয় মাস মেয়াদ বাড়ানো হয়।

নিউইয়র্ক আবারও লকডাউন হচ্ছে!

(শেষের পাতার পর)

নতুন করে আতংক দেখা দিয়েছে। উদ্ভূত পরিস্থিতে মেয়র বিল ডি ব্লাজিও বলেছেন প্রয়োজনে এলাকা ভিত্তিক আবার লক ডাউন জারী করা হবে। অপরদিকে দীর্ঘদিন লক ডাউনে থাকার পর সিটির স্কুলগুলো খোলা হলেও দুই সপ্তাহ যেতে না যেতেই অনেক স্কুল আবার বন্ধ ঘোষণা করা হয়েছে। নিউইয়র্কে করোনার প্রকোপ বৃদ্ধি পাওয়ায় নতুন করে চিন্তিত হয়ে পড়েছে মেয়র আর গভর্নর অফিস। সিটির মেয়র বিল ডি ব্লাজিও আর গভর্ণর এন্ড্রু কুমো পরিস্থিতি মোকাবেলায় মাস্ক ব্যবহার আর নিয়মিত হাত ধোয়া সহ সামাজিক দূরত্ব বজায় রাখার উপর পুনরায় গুরুত্বরোপ করেছেন।

রোববার মেয়র ব্লাজিও তার সংবাদ সম্মেলনে নিউইয়র্কে করোনা প্রকোপ বৃদ্ধি পাওয়া গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি জানান গত ২ সপ্তাহ ধরে বিভিন্ন এলাকা পরিস্থিতি জরিপের ভিত্তিতে ১১২৯, ১১২২৩, ১১২৩০, ১১২০৪, ১১২১০, ১১৬৯১, ১১২২৯, ১১৪১৫ ও ১১৩২৭ জিপ কোড এলাকায় এ্যাসেনসিয়েল সার্ভিস ছাড়া সব কিছু বন্ধ ঘোষনা করা হচ্ছে। বুধবার থেকে এ সিদ্ধান্ত কার্যকর হচ্ছে।

বিভিন্ন সূত্রে পাওয়া তথ্যে জানা গেছে, বিশ্বে করোনাভাইরাসে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা সবচেয়ে বেশি যুক্তরাষ্ট্রে। শুক্রবার সকাল পর্যন্ত দেশটিতে আক্রান্তের সংখ্যা ৭২ লাখ ৭৭ হাজার ৫৯১ জন। মৃত্যু হয়েছে ২ লাখ ৭ হাজার ৭৯১ জনের। যুক্তরাষ্ট্রের পর মৃত্যু বিবেচনায় করোনায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশ হচ্ছে ব্রাজিল। আক্রান্তের দিক থেকে তৃতীয় স্থানে থাকলেও মৃত্যু বিবেচনায় দেশটির অবস্থান দ্বিতীয়। লাতিন আমেরিকার দেশটিতে এখন পর্যন্ত আক্রান্ত হয়েছে ৪৮ লাখ ৪৭ হাজার ৯২ জন এবং মৃত্যু হয়েছে ১ লাখ ৪৪ হাজার ৬৮০ জনের।

আক্রান্তের দিক থেকে দ্বিতীয় স্থানে থাকা ভারত মৃত্যু বিবেচনায় আছে তৃতীয় স্থানে। এ পর্যন্ত দেশটিতে আক্রান্তের সংখ্যা ৬৩ লাখ ১২ হাজার ৫৮৪ জন। আর মৃত্যু হয়েছে ৯৮ হাজার ৬৭৮ জনের। মৃত্যু বিবেচনায় যুক্তরাষ্ট্রের প্রতিবেশী মেক্সিকো চতুর্থ স্থানে থাকলেও আক্রান্ত বিবেচনায় দেশটির অবস্থান ৯ নম্বরে। মেক্সিকোতে শুক্রবার সকাল পর্যন্ত আক্রান্ত হয়েছে ৭ লাখ ৭৮ হাজার ৭৮ জন এবং মৃত্যু হয়েছে ৭৬ হাজার ৪৩০ জনের।

ইউরোপের দেশ যুক্তরাজ্য মৃত্যু বিবেচনায় রয়েছে পঞ্চম স্থানে, তবে আক্রান্তের দিক থেকে দেশটির অবস্থান ১৩তম। শুক্রবার সকাল পর্যন্ত দেশটিতে আক্রান্তের সংখ্যা ৪ লাখ ৬২ হাজার ৭৭৫ জন এবং মৃত্যু হয়েছে ৪২ হাজার ২৯২ জনের। গত বছরের ডিসেম্বরে চীন থেকে সংক্রমণ শুরু হওয়ার পর বিশ্বব্যাপী এ পর্যন্ত ১৮৮টি দেশে ছড়িয়েছে প্রাণঘাতী করোনাভাইরাস। গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারি ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, দেশে বৃহস্পতিবার সকাল ৮টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় ১ হাজার ৫০৮ জনের শরীরে করোনাভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে এবং মৃত্যু হয়েছে আরও ২১ জনের। সবমিলিয়ে বৃহস্পতিবার সকাল ৮টা পর্যন্ত দেশে ৩ লাখ ৬৪ হাজার ৯৮৭ জনের দেহে করোনাভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে। মোট মৃত্যু হয়েছে ৫ হাজার ২৭২ জনের। আর সুস্থ হয়ে উঠেছেন ২ লাখ ৭৭ হাজার ৭৮ জন।

বাসা ভাড়া

জ্যাকসন হাইটসের ৭৪ স্ট্রীটে একটি স্টুডিও এবং তিন বেডরুমের বাসা নভেম্বর মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩৩০-০৩৭৪ অথবা ৩৪৭-৬১৫-৮৫৩০
অ-০৫/১২

বাসা ভাড়া

জ্যামাইকার ১৬৮-০৯ গোথিক ড্রাইভ ঠিকানায়, জ্যামাইকা মুসলিম সেন্টারের পাশে এক বেডরুমের (বড় রুম) বাসা চলতি মাস থেকে ভাড়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৩৪৭-৬৪৯-৫৪৭৬
সে-২৮/অ-০৫

বেসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটসের ৮১ স্ট্রীট ও ২৫ এভিনিউতে এক বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১ অথবা ৭১৮-২০৫-০৪৫৪
সে-২৮/অ-০৫

রুম ভাড়া

জ্যামাইকায় নিরিবিলি চমৎকার পরিবেশে মুসলিম ফ্যামিলীর সাথে থাকার জন্য একজন অধুমপায়ী ছাত্রের কাছে ফার্নিসড রুম (ইউটিলিটি সহ) ভাড়া দেওয়া হবে। বাসা জ্যামাইকা এস্টেটে, তিন তলা ফ্ল্যাটের একটি সম্পূর্ণ পৃথক রুম। এক ব্লকের মধ্যে এফ ট্রেন সাবওয়ে এবং অন্তত ৫টি বাস স্টপ। ভাড়া আলোচনা সাপেক্ষ।
যোগাযোগ: ৩৪৭-৮৫৮-৪২৯০
সে-২১/২৮

এক বেডরুমের বাসা ভাড়া

ইষ্ট এলমহার্স্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রীটের উপর দ্বিতীয় তলায় একটি এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজে এক বেডরুমের সেমি বেসমেন্ট ভাড়া হবে। লিভিং কাম কিচেন, ফুল বাথ শুধুমাত্র স্বামী-স্ত্রী অগ্রাধিকার, ধুমপান নিষেধ। ভাড়া ১,১০০ ইউএস ডলার।
যোগাযোগ: ৭১৮-৫৪১-৬১২৬
সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ স্ট্রীট এফ ট্রেন সাবওয়ের কাছে এক বেডরুমের বাসা ভাড়া হবে। স্বামী-স্ত্রী অগ্রাধিকার।
ফোন: ৩৪৭-২৩৫-৯৩৭০
সে-২১/২৮

পাত্রী চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের ইউএস মাস্টার্স ডিগ্রিধারী আইটি খাতে কর্মরত ২৯ বছর বয়সী ইঞ্জিনিয়ার পাত্রের জন্য সুযোগ্য পাত্রী চাই। যোগাযোগ: ৯২৯- ২৮৮-৯৪৬১ (অভিভাবক)।
ই-মেইলঃ
bmchoudhury1960@gmail.com
সে-২১/২৮

হিলসাইড এভিনিউতে বাসা ভাড়া

অক্টোবর থেকে হিলসাইড এভিনিউতে কারওয়ান সংলগ্ন সাবওয়ের সঙ্গে নতুন রেনোভেশন করা ৩ বেডরুম ও ২ বাথরুমের বাসা ভাড়া হবে।
যোগাযোগ: ৯২৯-৪৫০-১৭৮৬ অথবা ৯১৭-২৮৫-৫৩৭০ অথবা ৩৪৭-৭২০-৬৭২৮
সে-১৪/২১

রুমমেট আবশ্যক

ইস্ট এলহার্স্টের ৮৪ স্ট্রীট ও ৩০ এভিনিউতে একটি বেসমেন্টের জন্য রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১
সে-১৪/২১

পাত্র চাই

নিউইয়র্কে পিতামাতার সাথে বসবাসকারী আমেরিকান সিটিজেন পাত্রীর জন্য ৩২+ বয়স যোগ্য পাত্র চাই। পাত্রী কিউনি থেকে ব্যাচেলর (বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ার) এবং পেন ইউনিভার্সিটি থেকে মাস্টার্স ডিগ্রিধারী (বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ার)। বর্তমানে কর্মরত। যোগাযোগ: ৬৪৬-৫৯১-৪৬৯৬ (সেল) অথবা ৭১৮-৯৩১-২৫০৯ (বাসা)।
e-mail:
moondhs@gmail.com
সে-১৪/২১/২৮/অ-৫

সেমিবেসমেন্ট ভাড়া

ব্রঙ্কসের ক্যাসেল হীল এবং ক্রনবল এলাকায় এক বেডরুম, লিভিং রুম, ডাইনিং, কিচেন, ফুল বাথ সহ সেমি বেসমেন্ট ভাড়া হবে। ইউটিলিটি ভাড়ার সাথে সম্পৃক্ত। যাতায়াতের জন্য পৃথক এনট্রেন্স। যোগাযোগ অপু। **ফোন: ৯১৭-২৯১-৮০৯৫ অথবা ৯১৭-২৯১-৩২৭২**
সে-০৭/১৪

বাসা ভাড়া

জ্যামাইকা ট্রেন ষ্টেশনের পাশে মনোরম পরিবেশে একটি বাসা ভাড়া হবে।
যোগাযোগ: ৭১৮-৬৯০-৮৮৮৩

এপার্টমেন্ট ভাড়া

ব্রঙ্কসের পার্কচেস্টারের মেসিস মলের সামনে সাবওয়ে থেকে ২ ব্লকের ভিতর ১ বেডরুমের এপার্টমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৫৬১-১০৯০

রুমমেট চাই

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে ৬৯ স্ট্রিট এবং রুজভেল্টের উপর ই, এফ, আর, এম এবং ৭ ট্রেন সাবওয়ের অতি নিকটে দ্বিতীয় তলায় ১ জুলাই থেকে একজন পুরুষ রুমমেট চাই।
যোগাযোগ: ৬৪৬-৬৯৩-২৯৪৬ অথবা ৯২৯-৪২১-০০৩৯
০৬/১৪

রুম ভাড়া

জ্যামাইকা ১৬৯ স্ট্রীট এবং গথিক এভিনিউ মসজিদ এবং সাবওয়ের কাছে একটা আলাদা রুম স্বামী-স্ত্রী অথবা দুইজন মহিলাকে ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৭৫৩-০৭৫৭। ০৭/২৭

বাসা ভাড়া

এস্টোরিয়া (এল, আই, সি) ৩৯-৪৯ ২৪ স্ট্রিটে প্রাইভেট হাউজের প্রথম তলায় ৩ বেডরুম, লিভিং, কিচেন, ফুল বাথরুম সহ এখনি উঠার উপযোগী ১টি বাসা ব্যাচেলরদের/অফিস ভাড়া দেয়া হবে।
যোগাযোগ: ৯১৭-৪০০-৯২১৭
০৮/০১

বাসা ভাড়া

জ্যামাইকার ১৪৬-১৫ ১০৬ এভিনিউতে সাতফিন বুলেভার্ডে (ই, জেড, এল, আই, আর) ট্রেন ও কিউ ৬০, ৪০, ৬ বাস সন্নিকটে। সম্পূর্ণ রেনোভেটেড বড় ৪ বেডরুমের বাসা ১ আগস্ট থেকে ভাড়া দেয়া হবে।
যোগাযোগ: ৩৪৭-৮৪০-৩৪০৪
০৮/০১

বাসা ভাড়া

ব্রঙ্কসের এল্ডার এভিনিউতে ২ রুমের ১টি বাসা ভাড়া দেয়া হবে। ৬ ট্রেন সাবওয়ের কাছে, ব্যাচেলরদের অগ্রগন্য। যোগাযোগ: ৯১৭-৬৫১-৭৭৪৯ অথবা ৯১৭-৪০২-৮৪৭৯
০৮/০১

বাসা ভাড়া

জ্যামাইকার ১৬১-৬৭ ৮৬ এভিনিউতে এফ ট্রেন সংলগ্ন ২য় তলায় ও এটিক সহ ৩ বেডরুম সহ ভাড়া দেয়া হবে।
যোগাযোগ: ৩৪৭-৩০১-০৩২১ অথবা ৬৪৬৬২৮৭-০০১১
০৮/০১

বাসা ভাড়া

ব্রঙ্কস পেলহামবে পার্ক/পার্কচেস্টার ১ বেডরুমের ওয়াকিং সম্পূর্ণ রেনোভেটেড এপার্টমেন্ট আলাদা বেডরুম, বড় লিভিংরুম আলাদা প্রবেশ পথ ব্যাকইয়ার্ডে গাড়ি ড্রাইভওয়ে সহ শুধু বড়দের এবং কোয়ালিফাইডদের জন্য ভাড়া হবে। ৬ ট্রেন ও বাস বি এক্স ৮, ২৪, কিউ ৫০। সব কিছু কাছে, ভালো এলাকা।
যোগাযোগ: ৯১৭-২০১-১৬১৭
০৮/০১

বাসা ভাড়া

১০৩ স্ট্রিট ওজন পার্কে ১ম তলায় ৩ বেডরুম ও ২য় তলায় ৪ বাসা ভাড়া দেয়া হবে। এ ট্রেন এবং বাস কিউ ৮ ও ১১২ ১ ব্লকের ভিতর।
যোগাযোগ: ৩৪৭-৬১৩-৬৮৯৩ অথবা ৩৪৭-৬১৩-৭০২৩
০৮/০১

বাসা ভাড়া

ইড সাইডের প্রাণকেন্দ্রে ৫৮ স্ট্রিটে মসজিদ. মাদ্রাসা, মন্দির, স্কুল, হালাল গ্রোসারি সেভেন, এম, আর/আল, আই, আর কিউ লাইনের বাস) এর সন্নিকটে ৪ বেড ২ ফুল বাথরুম, লিভিং, কিচেন বেলকুনি ও প্রত্যেক রুমের আলাদা রাস্তা সহ বড় ফ্যামিলি ৪/৫ জনের নিকট ১লা আগস্ট থেকে ভাড়া দেয়া হবে।
যোগাযোগ: ৬৪৬-৩২৫-৬০১১ অথবা ৯২৯-৪৩৫-৮৬৭০
০৮/০১

বাসা ভাড়া

ইস্ট এলমহার্স্ট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রিটের উপরে ১ম তলায় ২ বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। যোগাযোগ:৯১৭-৩০১-২০৬৩
০৮/০১

বাসা ভাড়া

১৭৮-১৩ ১০৭ এভিনিউ ২য় তলায় ৩ বেড, লিভিং, কিচেন ফুল ২ বাথরুম, ৫ ক্লোজেটসহ বাসা ভাড়া দেয়া হবে। মসজিদ এবং স্কুলের সন্নিকটে এখনি উঠা যাবে। যোগাযোগ: ৯১৭-৫১৩-৭৭৫৯
০৮/০১

বেসমেন্ট ভাড়া

ওজনপার্কে রেনোভেটেড এক বেডরুমের ওয়াক-ইন-বেসমেন্ট স্বামী-স্ত্রীর জন্য (লিভিং ও কিচেন সাথে) ভাড়া হবে। যোগাযোগ: আনসার। ফোন: ৭১৮-৮৪৫-১৭৭৬
আ-২৪/৩১

মালিক কর্তৃক বাড়ী (প্রপার্টি) বিক্রয়

নিউইয়র্কের বাফেলো সিটিতে সিঙ্গেল ফ্যামিলি একটি বাড়ি বিক্রয় হবে। বাড়িটিতে ৪ বেডরুম ও দুই বাথরুম রয়েছে। বাড়িটির সাইজ ১৬৩৮ স্কয়ার ফুট এবং লট সাইজ ৩১৫০ স্কয়ার ফুট। বাড়িটির কন্ডিশন খুবই ভাল। সুলভে বাড়ি ক্রয়ের জন্য রিয়েল এস্টেট এজেন্টদের বদলে আমার সাথে সরাসরি যোগাযোগ করুন। যোগাযোগ: খাদিজা। ফোন: ৬৪৬-৭৬৪-৩১৩৯
সে-২৮

রুম ভাড়া

জ্যাকসন হাইটস-এ ৮৫ স্ট্রিট ৩৫ এভিনিউ এপার্টমেন্ট বিল্ডিং-এ ২ বেডরুমের বাসার ১টি রুম ভাড়া দেয় হবে। শুধু মাত্র স্বামী-স্ত্রী/মহিলার অগ্রাধিকার। যোগাযোগ: ৯১৭-৩৪৮-০৯৬৭
০৮/০১

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ স্ট্রীট সাবওয়ের কাছে ৯০-১০ ১৮২ স্ট্রীট ঠিকানায় ১ অক্টোবর থেকে স্বামী-স্ত্রীর জন্য বেসমেন্ট ভাড়া হবে।
যোগাযোগ: ৬৪৬-২৫৫-৮৯২৩
আ-৩১/সে-৭/৮

বাসা ভাড়া

জ্যামাইকা হিল সাইড এভিনিউ ১৯৭ স্ট্রিটে ৩ বেডরুমের বড় বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগ: ৩৪৭-৫২৩-০০২৭
০৮/০১

সেমিবেসমেন্ট বাসা ভাড়া

ওজনপার্কের ৯৫-২৪ ১০৫ স্ট্রীটে ১ সেপ্টেম্বর থেকে ২টি বেড রুম একটি বেবী রুম, ডাইনিং এন্ড লিভিং এবং কিচেন সহ সম্পূর্ণ নিউ রেনোভেটেড সেমিবেসমেন্ট বাসা ভাড়া হবে। গ্রোসারী, স্কুল, মসজিদ, কিউ২৪ ও কিউ৮ বাস এবং ১০৮ স্ট্রীট সাবওয়ে এ ট্রেন নিকটে। যোগাযোগ: ৬৪৬-২৫৫-৯১৬৩
আ-১০/১৭

গ্রীন ক্যাব বিক্রয়/ভাড়া

খুব ভাল কন্ডিশনের একটি গ্রীন ক্যাব জরুরী ভিত্তিতে বিক্রয়/ভাড়া হবে। শুধুমাত্র আগ্রহীগণ যোগাযোগ করুনঃ
৯২৯৩৯৩৬৮০৭

পাত্র চাই

কলেজ শিক্ষক বাবা মা'র একমাত্র কন্যা, সদ্য মাস্টার্স সমাপ্ত, ইউএস সিটিজেন, হিজাবি পাত্রীর জন্য (বয়স- ২৬ বছর ২মাস), আমেরিকান গ্রীনকার্ডধারী অথবা সিটিজেন পাত্র আবশ্যক।
যোগাযোগ: ৩৪৭-২৮০-৭২৬৯

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

আবশ্যক

নিউইয়র্কের একটি মিডিয়া হাউজে বিজ্ঞাপন/মার্কেটিং বিভাগে কাজ করার জন্য পুরুষ/মহিলা আবশ্যক। আগ্রহী প্রার্থীরা যোগাযোগ করুন। যোগাযোগ: ৭১৮-৪৮২-৯৯২৩

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com



ওজনপার্কে মান্নান সুপারমার্কেটে ডাকাতি

(শেষের পাতার পর)

বাংলাশেী ব্যবসা প্রতিষ্ঠান। নিউইয়র্কের ওজনপার্কে মান্নান হালাল সুপার মার্কেটে আকস্মিক ডাকাতি সংঘটিত হয়েছে। এই ঘটনায় ওজনপার্কের ব্যবসায়ীসহ অভিবাসী বাংলাদেশীদেও মধ্যে আতংক বিরাজ করছে।

গত ১ অক্টোবর বৃহস্পতিবার রাত দশটার একটু পরে কৃষ্ণাঙ্গ ডাকাতের একটি সংঘবদ্ধ দল ভিতরে ঢুকে বন্দুক তাক করে দোকানের দুটি ক্যাশ থেকে বড় অংকের নগদ ডলার ছিনিয়ে নিয়ে যায়। এসময় প্রত্যক্ষদর্শী একজন ৯১১-এ কল দিলেও ঘটনাস্থলে পুলিশ পৌঁছানোর আগেই ছিনতাইকারীরা পালিয়ে যেতে সক্ষম হয়। এ ঘটনায় কমিউনিটির সর্বত্র আতঙ্ক বিরাজ করেছে। পাশাপাশি গেল কয়েক মাস থেকে নিউইয়র্কের আইন শৃঙ্খলা পরিস্থিতির ব্যাপক অবনতি হওয়ায় মানুষ আরো দিশাহারা হয়ে পড়েছে। সবার একই কথা, কমিউনিটির নেতৃবৃন্দকে আরো সজাগ ও সচেতন হতে হবে এবং ওদের বিরোদ্ধে ঐক্যবদ্ধ হয়ে জোরালো আন্দোলন গড়ে তুলতে হবে।

আশা- নিরাশার দোলাচলে সিলেটের আবাসন ব্যবসা

(৩১ পাতার পর)

প্রভাব পড়েছে সিলেটের আবাসন ব্যবসায়। এ প্রসংগে সিলেট এপার্টমেন্ট এন্ড রিয়েল এস্টেট গ্রুপ (সারেগ) এর সাধারণ সম্পাদক মুহাম্মদ মুনতাসির আলী বলেন, প্রধানত দুটি কারণে সিলেটের আবাসন ব্যবসা স্থবির হয়ে পড়েছে। প্রথমত; দেশে যে রাজনৈতিক দুর্বৃত্তায়ন,রাহাজানি, লুটপাট চলছে তার মধ্যে প্রবাসীরা বিনিয়োগ করতে সাহস পাচ্ছেন না। দ্বিতীয়ত: সরকারের অসহযোগিতা। বাসস্থান নাগরিকের মৌলিক অধিকার। এ অধিকার নিশ্চিতকল্পে রাষ্ট্র সহযোগিতা করবে এটাই স্বাভাবিক। অথচ আমাদের দেশে সরকারী কর্মচারীদের যে সুযোগ সুবিধা দেয়া হয় সাধারণ নাগরিককে তা দেয়া হয়না। রাষ্ট্রীয় এই বৈষম্য অরাজক পরিস্থিতির সৃস্টি করেছে। যার প্রভাব পড়েছে আবাসন খাতে।

সামাজিক ও প্রশাসনিক জটিলতা: মান্দাতা আমলের প্রশাসনিক ব্যবস্থা এখনো বিরাজমান জায়গা জমি ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে। সাররেজিস্টার অফিস, সেটেলম্যান্ট অফিস, ভূমি অফিস একেকটা যেন জনভোগান্তির কারখানা। অহেতুক হয়রানী-ভোগান্তি, প্রতারণা-জালিয়াতি আর দালালদের দৌরাত্ব এই সরকারী সেবা কেন্দ্রগুলোতে। বিশেষ করে প্রবাসীরা টার্গেটের শিকার হন এসব অফিসে। অনুসন্ধানে দেখা গেছে প্রবাসীদের স্বজন পরিজন বা শুভাকাংখীরুপী কিছু দালাল প্রবাসীদের বেকায়দায় ফেলে। 'সামান্য সমস্যা আছে' 'কমদামে পাবেন' 'এগুলো কোন সমস্যা না' 'সামান্য খরচ করলে' ঠিক করা যাবে। এ টাইপের কথা বলে প্রবাসীকে প্রভাবিত করে কোন কোন ক্ষেত্রে প্রবাসীদের অতিলোভী মানসিকতায় জায়গা জমি কেনা হয়। পরবর্তীতে এই 'সামান্য সমস্যার' সমধান হয়না বছরের পর বছর। 'কমদামে কেনা' জমি দ্বিগুন খরচ করেও দখলে আনা যায়না। প্রবাসী ক্রেতা নিজের আক্কেল সেলামী নিজেই দেন। এটা বলে বেড়ান নানা রং মাখিয়ে। মারাত্মক প্রভাব পড়ে ঐ কোম্পানী বা প্রতিষ্ঠানের ওপর। অথচ মূল কারিগর তারই কোন আত্মীয় বা শুভার্থীরুপী কোন দালাল। তারে আর পাওয়া যায়না, বদনামও তারে পায়না। এ প্রসংগে,গাজী বুরহান উদ্দিন (রহ:) আবাসন প্রাইভেট লিমিটেড কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক নজরুল ইসলাম শোয়েব বলেন, কিছু কিছু কোম্পানী ও ব্যক্তির অনিয়মের কারণে গোটা সেক্টরের ওপর বদনাম আসে। হয়রানি বা দুর্ভোগের স্বীকার ব্যক্তি কিন্তু তাঁর ভুলের কথা প্রকাশ করেন না। তাকে কিভাবে হয়রানি করা হয়েছে সেটাই বলেন, যা সাধারণের মনে দাগ কাটে। নজরুল ইসলাম শোয়েব বলেন, আবাসন ব্যবসায় বিনিয়োগকারী প্রবাসী হোক আর স্থানীয় হোক তাদেরকে প্রতিশ্রুত মুনাফা বুঝিয়ে দেয়া হয়। দু'একটি ব্যতিক্রম ছাড়া কোন প্রবাসীর মুলধন বা মুনাফা আটকে থাকেনি। সর্বোপরি ক্রেতা- বিক্রেতা এবং কোম্পানীর আভ্যন্তরীণ বিষয়ে প্রতিশ্রুতি, আমানত রক্ষা করে চলতে পারলে ক্ষতির কোন আশংকা নেই, বলেন নজরুল শোয়েব।

প্রত্যন্ত জনপদের উন্নয়ন, আবাসন ব্যবসায় ভাটা: গত দুই দশকে সিলেটের প্রত্যন্ত জনপদে ব্যাপক উন্নয়ন হয়েছে। যোগাযোগ, শিক্ষা ও চিকিৎসাক্ষেত্রের উন্নতি মানুষের দোরগোড়ায় পর্যন্ত পৌঁছেছে। বিশেষ করে সড়ক যোগাযোগের উন্নয়ন লক্ষ্যণীয়। দোয়ারা-ছাতক সড়কের সুরমার নদীর ওপর একটি ফেরী ছাড়া সিলেটের সব সড়ক যোগাযোগ ফেরীমুক্ত। সিলেট নগরী থেকে বিভাগের যে কোন প্রান্তে যেতে ২/৩ ঘন্টার বেশী সময় লাগেনা। উপজেলা পর্যায়ে স্বাস্থ্যসেবা ও শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। যার কারণে গ্রাম থেকে নগরমূখী মানুষের হার কমে গেছে। ফলে আবাসন প্রকল্প বা প্রতিষ্টানগুলো ক্রেতা সংকটে পড়ছে।

মোটাদাগের এই কারণগুলো ছাড়াও সিলেটের আবাসন ব্যবসা স্থবির হয়ে পড়ার পেছনে রয়েছে আর্থ- সামাজিক নানা কারণ। সিলেটের আবাসন ব্যবসায় চরম মন্দাভাব বিরাজ করছে। এক সময় যেসব ফ্লাটের বর্গফুট ৫ হাজার ২শ টাকা দরে বিক্রি হয়েছে-সে সব ফ্ল্যাট এখন ৩ হাজার টাকায়ও বিক্রি হচ্ছে না। আবাসন প্রকল্পের প্লটের দামও ৪০ থেকে ৪৫ ভাগ কমে গেছে। ক্রয়-বিক্রয়ও নেই বলে জানিয়েছেন সংশ্লিষ্ট ব্যবসায়ীরা।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, সিলেটে আবাসন (হাউজিং এন্ড এপার্টমেন্ট) ব্যবসায় কয়েক হাজার কোটি টাকার বিনিয়োগ রয়েছে। এই ব্যবসার সাথে সিলেট অঞ্চলের প্রায় ৫ হাজার পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে জড়িত। ব্যবসা না থাকায় আবাসন ব্যবসার সাথে সংশ্লিষ্ট অন্য ব্যবসায়ীরাও ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এদিকে, ফ্ল্যাট ও প্লটগুলোতে গ্যাস সংযোগ বন্ধ থাকায় সে গুলো চালু হচ্ছে না। অনেক ফ্ল্যাট প্রস্তুত হলেও গ্যাস সংযোগ না থাকায় সেগুলো বিক্রি কিংবা ভাড়া দেয়া যাচ্ছে না।

আশা-নিরাশার দোলাচলে চলতে থাকা সিলেটের আবাসন ব্যবসা নিয়ে আশাবাদী সুশাসনের জন্য নাগরিক (সুজন) সিলেট এর সভাপতি ফারুক মাহমুদ চৌধুরী। বনেদি ব্যবসায়ী এই সজ্জন এই প্রতিনিধি-কে বলছেন, করোনা মহাারী কেটে গেলে শুধু আবাসন নয় সব ব্যবসায় গতি আসবে। মানুষ এখন জীবনের শংকায়। তাই কোন বিনিয়োগে আগ্রহী নয়। তবে প্রবাসীরা চলমান সময়ে দেশে টাকা পাঠাতে পারছেন। কালো টাকা সাদা করার সুযোগ রয়েছে। এ সুযোগ তারা কাজে লাগাতে পারলে লাভবান হবেন, বলেন ফারুক মাহমুদ চৌধুরী।

প্রতিবেদক: সম্পাদক, দৈনিক প্রভাতবেলা, সিলেট।

কানাডায় প্রেমিক-প্রেমিকা থাকলে সীমান্তে

(শেষের পাতার পর)

এমন প্রেমিক-প্রেমিকাদের জন্য এবার স্বস্তির খবর দিয়েছে দেশটির অভিবাসন মন্ত্রণালয়। কানাডায় প্রেমিক বা প্রেমিকা থাকলে অন্য দেশ থেকে সে দেশে প্রবেশ করার ক্ষেত্রে কড়াকড়ি কমছে চলতি সপ্তাহেই।

এএফপি জানায়, দীর্ঘদিন ধরে যাদের জন্য ততটা জরুরি নয়- এমন বিদেশিদের জন্য কানাডায় প্রবেশে নিষেধাজ্ঞা চলছে, সম্প্রতি এই নিষেধাজ্ঞার মেয়াদ বাড়িয়ে অক্টোবরের শেষ পর্যন্ত করা হয়। তবে এখন সীমান্তে কিছু কিছু ক্ষেত্রে কড়াকড়ি শিথিল হচ্ছে।

স্থানীয় সময় শুক্রবার কানাডার অভিবাসন মন্ত্রী মার্কো মেন্ডিসিনো সাংবাদিকদের বলেছেন, আমরা স্বীকার করছি; ভ্রমণ নিষেধাজ্ঞা দিয়ে প্রিয়জনদের দূরে রাখা উচিত নয়। তিনি বলেন, এমন কঠিন সময় পছন্দের মানুষকে পাশে রেখে তাদের শক্তি ও সমর্থন নিয়ে সর্বোত্তমভাবে পরিস্থিতি মোকাবিলা করতে হয়।

করোনাভাইরাসের সংক্রমণের পর লক-ডাউন পরিস্থিতিতে নিয়ম ভেঙে অনেককেই তার স্বজনদের সঙ্গে দেখা করতে যাওয়ার খবর দিয়েছে কানাডার সংবাদ মাধ্যমগুলো। এদের মধ্যে কিছুদিন আগে এক আমেরিকান তার কানাডিয়ান বান্ধবীর সঙ্গে দেখা করতে যাওয়ায় তাকে জরিমানা করার পাশাপাশি দেশ ত্যাগেরও নির্দেশ দেওয়া হয়। সীমান্তে নিরাপদ দূরত্ব বজায় রেখে কানাডার সীমান্তে প্রেমিক-প্রেমিকাদের দেখা করার খবরও পাওয়া গেছে।

সার্বিক বিষয় বিবেচনার পর শুক্রবার কর্তৃপক্ষ সীমান্তে থাকা কড়াকড়ি শিথিলের ঘোষণা দেয়। তারা জানায়, কমপক্ষে এক বছর ধরে কানাডার কারো সঙ্গে প্রেমের সম্পর্কে রয়েছেন এমন প্রেমিক, প্রেমিকা, তাদের সন্তান, দাদা-দাদি বা ভাইবোন ৮ অক্টোবর থেকে সীমান্ত দিয়ে কানাডায় প্রবেশ করতে পারবেন। গুরুতর অসুস্থ ও মৃত্যু ঝুঁকিতে থাকা রোগীদের জন্যও একই নিয়ম কার্যকর হবে। এছাড়া কানাডার বিশ্ববিদ্যালয়ের অনুমতি থাকা শিক্ষার্থীরাও ২০ অক্টোবার থেকে নিয়ম মেনে সে দেশে প্রবেশের সুযোগ পাবেন।

কর্তৃপক্ষ জানিয়েছে, যাদের জন্য কানাডায় প্রবেশের ক্ষেত্রে কড়াকড়ি শিথিল করা হয়েছে তাদের এ প্রক্রিয়ায় সেখানে যেতে আবেদন করতে হবে। দেশে প্রবেশের অনুমতি পেলে পৌঁছেই ১৪ দিন আইসোলেশনে থাকতে হবে।

Room for Rent

An empty beautiful furnished room with 59" tv mounted on the wall, dresser with mirror, wooden Almirah - including gas & electricity for rent as of 1st October/20; beginning, middle or end of the coming month; it's on second floor of a private three floor building on the Steinway Street in between 28-25th Avenue, right in front of Fatima Pediatric Medical Care & almost next to the Dominos Pizza. Monthly rent is **$800/00** with one month's advance security money — NO NEGOTIATIONS. If interested — Please call :

516-603-5223 or on land phone: **718-545-0706**

ask for ***Khokan, Anwaruddin.***

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

Marriage Media
পাত্র-পাত্রী
খুজছেন সন্ধান দাতা
আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ী ভাবে বসবাস করতে চান?
সকল ধর্ম, সকল বর্ণের ইঞ্জিনিয়ার/নন-ইঞ্জিনিয়ার, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, অধ্যাপিকা, নার্স, ফেডারেল জব, সিটিজব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ইনভেস্টমেন্ট, হাজ্বান্ডারী, রিটায়ার্ড, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।
৫০টি স্টেটের সকলের সাথে যোগাযোগ।
সাফল্যতার সাথে কার্যপরিচালনা।
আল্লাহর অনুগ্রহ ছাড়া কিছু হয় না আমি উদ্দিলা মাত্র।
খান ভাই
646-637-7590
E-mail: khanma663@gmail.com

মুসলিম কাজী অফিস
Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্য়ক সিটি দ্য অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9065
Email:abuleahea@gmail.com

মুসলিম কাজী অফিস



নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত
কাজী মাওলানা ওবায়দুল হক
ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা।
পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮
13-75 Virginia Avenue, Bronx, New York 10462



মুসলিম কাজী
কাজী মাওলানা ক্বারী
মোহাম্মদ মইনুল ইসলাম
এম,এম,এম,এফ
পেশ ইমাম ও খতিব, পার্কচেষ্টার জামে মসজিদ
ইসলামী শরীয়ত অনুযায়ী বিয়ে পড়ানো এবং নিউইয়র্ক সিটির আইন অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট এবং কাবিননামা প্রদান করা হয়।
1203 Virginia Avenue, Bronx, New York 10472
Phone: 718-863-1641 (Home), 313-204-0516 (Cell)
Email: mmislam67@yahoo.com



MATRIMONIAL SERVICE
কাজী অফিস (NYC Registered)
GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

বাংলা পত্রিকার ২৪ বছর পূর্তি এবং টাইম টেলিভিশনের ৭ম বর্ষে পদার্পণে আন্তরিক

শুভেচ্ছা

২ যুগের ও বেশি সময় ধরে সবচেয়ে পুরানো বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

কনকর্ড ট্রাভেলস

কমিউনিটির সেবায় নিয়োজিত



73rd St. Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel: 212-563-2800, 347-448-6175, 917-355-7374

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika

মা-বাবার সঙ্গে অভিমান করে বাংলাদেশী কলেজ ছাত্রের আত্মহত্যা
হাডসন নদী থেকে তৃপ্তির লাশ উদ্ধার ॥ নিউজার্সীতে দাফন



নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কে নিখোঁজ বাংলাদেশী-আমেরিকান কলেজ ছাত্র আশফাকুল ইসলাম তৃপ্তির খোঁজ পাওয়া গেছে। তবে জীবিত তৃপ্তিকে নয়, মৃত তৃপ্তিকে পেয়েছে তার মা-বাবা। নিখোঁজ হওয়ার ১৩দিন পর পুলিশ তৃপ্তির খোঁজ দিয়ে জানিয়ে যে সে আত্মহত্যা করেছে। মা-বাবার সাথে রাগ করে বাড়ি ত্যাগের পর নিউইয়র্ক সিটির হাডসন নদী থেকে লাশ উদ্ধার করা হয় তৃপ্তি'র (১৮) মরদেহ। মর্মান্তিক এই ঘটনায় কমিউনিটিতে শোকের ছায়ানেমে এসেছে। এর আগে স্থানীয় মিডিয়ায় তৃপ্তির নিখোঁজ হওয়ার খবর ফলাও করে প্রচারিত হয়। খবর ইউএনএ'র।(বাকি অংশ ৩৯ পাতায়)

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন-২০২০
প্রবাসীরা কে কি ভাবছেন?



তোফাজ্জল লিটন: যুক্তরাষ্ট্রের জাতীয় নির্বাচন উপলক্ষে প্রথম প্রেসিডেন্ট প্রার্থীদের বিতর্কের পর বিশ্বব্যাপী আলোচনা সমালোচনা চলছে ডোনাল্ড ট্রাম্প ও জো বাইডেনকে নিয়ে। এই নির্বাচন নিয়ে আগ্রহ ও উদ্বেগের শেষ নেই নিউইয়র্কের বাংলাদেশী সমাজে। কোন প্রার্থী বিজয়ী হলে অভিবাসীদের জন্য মঙ্গলজনক অথবা বিপদের হবে এ নিয়ে বাকবিতন্ডা হয় চায়ের কাপ থেকে ডিনার পর্যন্ত। এই প্রতিবেদনে উঠে এসেছে নির্বাচন নিয়ে বাংলাদেশী জনসমাজের শঙ্কা-উদ্বেগ এবং আশা-ভরসার কথা। বাংলাদেশে যাওয়ার সময় বিল ক্লিনটনের সফর সঙ্গী হয়েছিলেন মোর্শেদ আলম। দীর্ঘদিন ধরে মূলধারার রাজনীতির সঙ্গে সম্পৃক্ত তিনি নিউ আমেরিকান ডেমোক্রেট ক্লাবের সভাপতি। মোর্শেদ আলম বলেন, আপনারা দেখেছেন ট্রাম্প নির্বাচনের আগে সিটিজেনশিপ দেওয়া বন্ধ করে রেখেছেন। কারণ তিনি মনে করেন নতুন ভোটাররা বাইডেনকে ভোট দিবেন। এই ভয়ের কারণ তিনি নিজেই। কারণ আমেরিকাকে তিনি এমন পর্যায়ে নিয়ে এসেছেন যেখানে মধ্যবিত্ত পরিবারের এখন মৌলিকঅধিকার মেটাতে হিমসিম খেতে হয়। এই দেশটি অভিবাসীদের অথচ তিনি ইমিগ্রেশন বন্ধের পায়তারা করছেন। মুসলমানদেরকে এক প্রকার নিষিদ্ধ করে রেখেছেন। এসাইলাম পাওয়ার রাস্তা সব বন্ধ করে দিচ্ছেন একের পর এক। নির্বাচনের আগে যেভাবে ধরপাকড় চলছে অভিবাসীরা রীতিমতো আতঙ্কে আছে। যা সম্পূর্ণ অমানবিক বলে তিনি মনে করছেন।

মোর্শেদ আলম বলেন, সারা বিশ্ব নেতৃত্ব দেওয়া দেশটি এখন আন্তর্জাতিক বড় প্রতিষ্ঠান সমূহ থেকে প্রায় বিচ্ছিন্ন। ট্রাম্প নির্বাচিত হলে দেশটি আর ইমি-গ্রান্টের দেশে থাকবে না। এটি হয়ে পরবে শ্বেতাঙ্গ আধিপত্যের দেশ। তিনি যেভাবে বর্ণবাদী ও ঘৃণার কথা বলেন সাধারণত তৃতীয় বিশ্বের সাধারণ মানুষ করে থাকে। আমরা বাইডেনের মধ্যে আশা ও ভরসা খুঁজে পাই। নব গঠিত বাংলাদেশী আমেরিকান রিপাবলিকান (বাকি অংশ ৩৮ পাতায়)

New Jersey South Asaian Sports Association

Strenght Patience Observation Respect Talent Success

Grand Sponsor:

AUTOBLITZ AUTO REPAIR SHOP

+1 (201) 880-0002

@autoblitz.repair

@aut0blitz

NJ SASA

Media Sponsor:

আওয়াজ বিডি

@awaaz_bd

Tournament

Location- Pennington park turf field-372Mcbride AvePatersonnj 07501

Date - October #rd.October-10th,october 17th,October 24th,

Time- 7pm to 11 pm

Facebook update- NJ SASA Ffacebookpage foe all latest update

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?

Low Income, No Problem

Hard Money 9%

আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি



Direct Lender

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

646-920-4799

Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106

সাফওয়ান ট্রাভেল

এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন

Safwan Travel & Multi Services Corp.



IATA Approved Travel Agent

We Provide

- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- CAR Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

Design, Printing,Flyer, Business Card,Banner, Poster & more!

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

নাক্টার শাড়ী ঘর

Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472

২৫তম বর্ষে যাত্রা বাংলাপত্রিকার। শুভেচ্ছা সংশ্লিস্ট সবাইকে

ডিস্ট্রিক্ট-৫৪ নির্বাচনী এলাকায় আমি কমিউনিটির সেবায় আগে সক্রিয় ছিলাম, আগামী দিনেও আমি আপনাদের পাশে থাকবো। নিউইয়র্ক এর সকল সাংবাদিক ভাইদের প্রতি আমার শুভেচ্ছা ও কৃতজ্ঞতা।

নাফিস আই চৌধুরী

ডেমক্রেটপ্রাইমারী ২০২০ তে ডিস্ট্রিক্ট লীডার (এসেম্বলী ডিস্ট্রিক্ট -৫৪) নির্বাচনী এলাকায় প্রতিদ্বন্দ্বীতাকারী



BOMBAY

TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)

President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD | SAUDIA | QATAR | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | American Airlines

DESIGN & PRINTING

- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432

Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA

কমিউনিটিতে উদ্বেগ
ওজনপার্ক মান্নান সুপারমার্কেটে ডাকাতি

বাংলাপত্রিকা রিপোর্টঃ নিউইয়র্কে আইনশৃংখলা পরিস্থিতি চরম অবনতিতে উদ্বিগ্ন এখন বাংলাশী কমিউনিটি। এবার দূস্কৃতিকারীতের টার্গেট (বাকি অংশ ৪৪ পাতায়)

কানাডায় প্রেমিক-প্রেমিকা থাকলে সীমান্তে আটকাবে না কর্তৃপক্ষ

বাংলা পত্রিকা ডেস্ক: করোনা পরিস্থিতিতে কানাডা ছেড়ে নিজ দেশে ফিরেছেন অনেকেই। ফিরে যাওয়া কেউ কেউ আবার ওই দেশে রেখে এসেছেন তাদের মনের মানুষকে। (বাকি অংশ ৪৪ পাতায়)

সাঈদ তারেক-এর কলাম
নষ্ট রাজনীতির বলি!



মেয়েটির জবানবন্দী পড়লাম। ধরেই নেয়া যায় পুরোটা সে এতে বলে নাই। কিছু এড়িয়ে গেছে কোথাও সংক্ষিপ্ত করেছে, বা কিছু তথ্য ধামাচাপা দিয়েছে। তারপরও যতটুকু বলেছে, পড়ে যে কোন সুস্থ মানুষেরই স্তম্ভিত হয়ে যাওয়ার কথা। (বাকি অংশ ৫ পাতায়)

রিয়েল এস্টেট টিপস
বাড়ি বিক্রি করতে যা জানা প্রয়োজন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট (বাকি অংশ ৩৭ পাতায়)

বিশ্বে করোনায় আক্রান্ত বেড়ে ৩ কোটি ৪২ লাখ, মৃত্যু ১০ লাখ
নিউইয়র্ক আবারও লকডাউন হচ্ছে!

বাংলা পত্রিকা ডেস্ক: বিশ্বজুড়ে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা ৩ কোটি ৪২ লাখ ছাড়িয়ে গেছে। আর মৃতের সংখ্যা বেড়ে ১০ লাখ ২১ হাজারে পৌঁছেছে। জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর সিস্টেম সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের (সিএসএসই) তথ্য অনুযায়ী, শুক্রবার (২ সেপ্টেম্বর) সকাল পর্যন্ত বিশ্বব্যাপী করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩ কোটি ৪২ লাখ ৬৬২ জনে। এদের মধ্যে মৃত্যু হয়েছে ১০ লাখ ২১ হাজার ৭০৯ জনের। আর এ পর্যন্ত সেড়ে উঠেছে ২ কোটি ৩৭ লাখ ৬৯ হাজার ৭২৫ জন। এদিকে নিউইয়র্কে করোনা আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে সিটির ব্রুকলীন সহ বিভিন্ন এলাকায় করোনার প্রকোপ পুনরায় বৃদ্ধি পাওয়ায় সিটি প্রশাসন সহ জনমনে (বাকি অংশ ৪২ পাতায়)

ব্রুকলীন বোরো প্রেসিডেন্ট এরিক এডামস কর্তৃক
কাজী আজম ও ফিরোজসহ ৮২জনের 'কোভিড হিরো' সম্মাননা লাভ





বাংলা পত্রিকা ডেস্ক: ফেডারেশন অব বাংলাদেশী এসোসিয়েশন ইন নর্থ আমেরিকা-ফোবানা (একাংশ) সেক্রেটারী কাজী আজম ও ফোবানা কনভেশন-২০১৯ এর মেম্বার সেক্রেটারী (বাকি অংশ ৪১ পাতায়)

করোনার ওষুধ 'ইভারমেকটিন'-এর
প্রথম পরামর্শক বাংলাদেশী ডা. মাসুদুল হাসান



বাংলা পত্রিকা ডেস্ক: করোনাভাইরাসের কার্যকর ওষুধ হিসেবে 'ইভারমেকটিন' ব্যবহারে বিশ্বে প্রথম পরামর্শ দিয়েছেন বাংলাদেশী চিকিৎসক অধ্যাপক ডা. মাসুদুল হাসান। আমেরিকায় বসবাসরত এই চিকিৎসকের পরামর্শ অনুযায়ী 'ইভারমেকটিন' ওষুধ প্রয়োগ করে বিশ্বের করোনা আক্রান্ (বাকি অংশ ৪১ পাতায়)




ইসলামে শিক্ষকের মর্যাদা ও দায়িত্ব

মো. আলী এরশাদ হোসেন আজাদ

ইউনেসকোর ২৬তম অধিবেশনের সিদ্ধান্তে ১৯৯৪ সাল থেকে প্রায় দুই শ দেশে ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়। প্রিয় নবী (সা.) নিজেকে বলতেন 'শিক্ষক'। তিনি বলেন, 'আমি শিক্ষক হিসেবে প্রেরিত হয়েছি।' শিক্ষক দিবসের পরিপ্রেক্ষিতে হাদিসটি গুরুত্বপূর্ণ। জাতিকে (বাকি অংশ ৫ পাতায়)

জালালাবাদ এসোসিয়েশনের ভার্চুয়েল প্রতিবাদ ॥ এলামনাই এসোসিয়েশন সমাবেশ
এমসি কলেজে ধর্ষনের ঘটনার বিচার ও দোষীদের শাস্তির দাবী



বাংলা পত্রিকা রিপোর্ট: সিলেটের ঐতিহ্যবাহী এমসি এন্ড গভ: কলেজ ছাত্রাবাসে গণধর্ষনের ঘটনায় জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক ভার্চুয়াল প্রতিবাদ সভা এবং সিলেট এমসি এন্ড গভ: কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনক প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন করেছে। এসব কর্মসূচীতে এ ঘটনার সুষ্ঠু বিচার এবং ঘটনার সাথে জড়িত ও দোষীদের সর্বোচ্চ শাস্তি দাবী করা হয়েছে। রশীদ আহমদ জানান, সম্প্রতি সিলেটের এমসি কলেজে সংগঠিত গণ ধর্ষণের প্রতিবাদে জালালাবাদ এসোসিয়েশন (বাকি অংশ ৮ পাতায়)

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সমাবেশে বাক-বিতন্ডা

বিশেষ প্রতিনিধি: যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে আওয়ামী লীগের সমাবেশে আবারও হট্টগোলের ঘটনা ঘটেছে। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র সরকারের মধ্যে আনুষ্ঠানিকভাবে বিমান চলাচলে চুক্তি স্বাক্ষরিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে স্থানীয় সময় গত ৩০ সেপ্টেম্বর বুধবার (বাকি অংশ ৮ পাতায়)

নিউইয়র্কে গাড়ী চাপায় অন্তর মর্মান্তিক মৃত্যু



নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কে গাড়ী চাপায় বাংলাদেশী বংশোদ্ভুত সায়েম শাহরীয়ার অন্তু (২৪)-এর মর্মান্তিক মৃত্যু হয়েছে। মা-বাবার সাথে বাজার করে বাসায় ফেরার পথে গাড়ী ড্রাইভ করতে না দেয়ায় অভিমান করে মহাসড়কে হেটেই রওনা দেয় অজানার উদ্দেশ্যে। ফলে আকস্মিকভাবে গাড়ী চাপা পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয় (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজেউন)। ঘটনটি ঘটে গত মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর)। অন্তুর অকাল ও মর্মান্তিক মৃত্যুতে কমিউনিটিতে শোকের ছায়া নেমে আসে। খবর ইউএনএ'র। (বাকি অংশ ৫ পাতায়)

ঘরে বসে দেশে টাকা পাঠান কোন ধরনের ফি ছাড়া
আকর্ষণীয় এক্সচেঞ্জ রেইটে
নিমিষেই মুহূর্তেই পৌঁছে যাবে আপনার প্রিয়জনের বিকাশ একাউন্টে
sendwave bKash
SIGN UP TODAY GET $5 CREDIT PROMO CODE: POTRIKA
sendwave Download on the App Store GET IT ON Google Play sendwave
28 ঘন্টা দেশে টাকা পাঠান যখন প্রয়োজন তখন

কুষ্টিয়া জেলা সমিতি ইউএসএ'র সাধারণ সভা অনুষ্ঠিত

নিউইয়র্কঃ কুষ্টিয়া জেলা সমিতি ইউএসএ'র সাধারণ সভা গত ২৯ সেপ্টেম্বর মঙ্গলবার সন্ধ্যা ৭টায় নিউইয়র্কের জ্যাকসন হাইটসস্থ পালকি চাইনিজ পার্টি হলে অনুষ্ঠিত হয়। সমিতির সভাপতি আবু মুসার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ আসাদুজ্জামানের পরিচালনায় সভায় উপস্থিত ছিলেন সমিতির উপদেষ্টা নাজমুল আহসান, সাবেক সভাপতি মোঃ গিয়াস উদ্দিন, (বাকি অংশ ৮ পাতায়)

ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের উদ্যোগে ২৫০০ পরিবারকে সহায়তা প্রদান

নিউইয়র্ক: কভিড-১৯ এ ক্ষতিগ্রস্ত মানুষদের মাঝে নানা সামগ্রী দিয়ে সহায়তা করেছে ওয়ার্ল্ড হিউম্যান রাইটস (বাকি অংশ ৮ পাতায়)

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472.
এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ...
• Tax Services
• Life Insurance
• Health Insurance
• Auto Insurance
• Home Insurance
• Business Insurance
• TLC Insurance
• DOC.
Tax File Only For $50.00
347-536-5107

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৪৯ পাতায়)

গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Call Now
WALL STREET FINANCE LLC

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com